सर्वेशः सर्वशक्तिस्त्वं दयया दीन मुद्धर ॥ १३ ॥
अज्ञोऽहं त्वं हि सर्वज्ञोऽनीशोहं त्वम् महेश्वरः ।
दीनोऽहं त्वं दयासिन्धु र्यद्युक्तं तत् समाचर ॥ १४ ॥
तव माया-विमूढस्य त्वय्यागांसि प्रकुर्वतः ।
क्षमस्व त्वं क्षमा शक्ति स्तवैवाशेषशक्तिमन् ॥ १५ ॥
पितः ! पुत्रोहमीशान ! दासोऽहं त्रिजगद्गुरो ! ।
शिष्योऽहं परिपाल्यश्च पालः पशुपतिर्भवान् ॥ १६ ॥
त्वद्दासोऽहं त्वदुद्भूत स्त्वद्वश स्त्वत्-परायणः ।
त्वन्मुग्धोऽहं भजामि त्वां त्वद्गतिस्त्वद्गतिर्भव ॥ १७ ॥

यद्यदुक्तं मयवा कृतं श्रुतं तत्तदर्पितमिहास्तु मा फलम् ।
कर्मणां फलमवश्यमस्त्वचेद्भक्तिमात्र-फलमस्तु निर्मलम् ॥ १८ ॥
त्वय्युदेति लयमेति लीलया सर्व-भाव-विभवो गुणाम्बुधौ ।
साधुसाभ्युदय मेति ते कृपा मय्यहन्त्व-विलयं न मे त्वयि ॥ १९ ॥
सर्वभाव-परमाश्रयो भवान् देव ! दीन-करुणाश्रयो न किम् ।
तारयिष्यसि कथं न मा मतः श्रूयते जयसि तार-विग्रहः ॥ २० ॥
इन्द्रियाणि खलु चेष्टयन्त्यमुन्देह मिन्द्रिय-गण-समीरणाः ।

तान्प्रमसदपि धीरहृद्यतान्तं क्रिया-फलद ! शक्तिरीश ! ते ॥ २१ ॥
कृत्यमव मम नैव लक्षये पूर्ण ! चिन्मय ! तवांशरूपिणः ।
यन्नितस्य न च वा स्वतन्त्रता ? यं तरन्तरनघ ! प्रसीद मे ॥ २२ ॥
नाहं नेन्द्रियकिङ्करा न च मनः प्राणा न चैषां प्रभुः ।
स्थातुं चेष्टितुमुद्भिभातुमपि वा हन्त ! क्षणार्द्धं क्षमा ॥ २३ ॥
यच्चिच्छक्तिस्ततेऽमृतामृत-समासत् कुत्र वा कर्तृता ।
चिन्त्याचिन्त्य गुण प्रभाव ! भगवन् ! भूयः प्रसीद प्रभो ! ॥ २४ ॥

नैवाहं न किलेद मन्यदपि वा न ब्रह्मदेवादिवद्
ब्रह्माण्डादि-कथा वृथा कलनया मायैव सुज्जृम्भते ।
यस्मायैव च लीयते भ्रममयी दृष्ट प्रपञ्चाऽसती
सत्य-ज्ञानमते भवन्तमपराः सत्ता न तुभ्यं नमः ॥ २५ ॥

——इति स्तुवतः प्रत्यागत-प्रेम भूरि-भार-वहना सह-नतयेव तनुरतितराञ्चकम्पे । तत्वरक्ष-समर्पित-सकल-ज्ञानेन्द्रियतया जडो निपपात । तत चिरेण लब्ध चेतनः पूजावशेषं निर्वाह्य च कृत-वलि-वैश्वदेवादि-कर्म्मा विहितातिथि-सत्कारो बन्धुविशालां भोजन-शालां विवेश ।

ततः क्षीरोद नीर-धवलाम्बर-सवृत-शरीरया, वदनेन विभावरी-रमण रमणीयत-कण्ठेन कम्बु-कमनीयतां तनुलतया कल्पलता लालित्यं, गत्या गीर्वाण-गजपति-गति-पाण्डित्य-लावण्येनाप्सरः-समनुकारं भूषणेनाशेष-रत्न-सारम्, एवं सहज-जनक यौतुक जात-युक्तया तत्कालोत्थितयेव भगवत्या समुद्र सम्भवया, सत्कवि-कवितयेव स ध्वनि-पदालङ्कार विराजमानया, पार्वत्येव सर्व देवी गण-प्रवरया, सावित्रेव विधि-सेवा-परया, तारयेवार्द्रया शिव-दैवतया, ऊर्द्धलोक-वसत्येव विष्णुपराश्रयया, दिनकर-प्रभयेव दूरीकृतदोषया, गङ्गयेव भूभङ्ग-भय-प्रतिकूलया, दक्षिणयेव श्रोत्रिय कुल-पूरण-परया, अनन्त श्रियेव भोगिनी-शत-सेवितया, काश्येव समुल्लसच्छिवदानामलतया, महीयस्या महिष्या पुरतः स्थापित षड्रस-वैचित्र्य-रमणीयानि भोजनीयानि बन्धुजनैः सार्द्धं मनुभूय गृहीत-कर्पूर-ताम्बूलो विविध-विलास-विन्यास-विशेष विशेष-ललित विलासिनी कुल कलित वल्गु-वलाहीणा क्वणित-जनित विनोदां विश्रामशालां प्रविश्य — स विलसित-परिहास भाषण-पेशलेन परिकलित, सङ्गीत गीति प्रभृति शास्त्र-शिल्पादि कला-कुशले न अनवद्य-विद्याकरेण, परस्पर-मिलित-भूपालात्म-मर्म-मनोहरेण, कोमल-कवित्व कला कौशल-कमनीय वाणी विलास विलसित कण्ठपालिना, शुद्धान्तः-प्रवेश-शुद्धान्तः करण-शालिना

ভূমিকা।

দেশীয় ভ্রাতৃগণ! কি দেখিতেছ? দেশীয় শিক্ষার উন্নতি কতদূর হইল? নাটক প্রহসনেই কি আমাদের লিপি-চাতুর্য্যের প্রাখর্য্য একশেষ হইল? আমরা কি কেবল হাঁসিতে হাঁসাইতে বা কান্দিতে, কান্দাইতে পারি! আমরা কি কিছুই বুঝিতে বা বুঝাইতে পারি না? অথবা আমাদের ভাষায় কি, পদার্থ বুঝিবার বা বুঝাইবার কিছুমাত্র উপায় নাই? বঙ্গভাষা কি বিজ্ঞান বা দর্শন-শাস্ত্রের প্রকাশে নিতান্ত অক্ষম? না—এখনও কেহই তাদৃশভাবে লেখনী চালিত করেন নাই বলিয়াই কি, আমরা চিরদিন পশ্চাদ্‌পাদই থাকিব? কেন! শুভকার্য্যে যিনি অগ্রসর হইবেন তিনিইত ধন্যাস্পদ হইবেন! তবে নূতন প্রকার লিখিবার ভয়? ভয় কি? জঘন্য হইলেও তাহার নূতনত্বত কোথাও যাইবে না? নূতন প্রকার কটুবাক্যওত রসিকদিগের মনোরঞ্জনে সমর্থ হয়! অনেকের নূতন কথাই জীবনোপায়, নূতনের দোষ কে লক্ষ্য করে? শোধক ও নিন্দক—ভালই, শোধকদিগের নিকটে শিক্ষা পাওআ যাইবে, নিন্দকের স্বভাব-সুকর নিন্দার ভয়! আমি তাহাতে কিছুমাত্র ভীত হই না—এই প্রবৃত্ত হইলাম।

'मन्निन्दया यदि जनः परितोषमेति। नान्यः प्रयत्न-सुलभोऽयमनुग्रहोतः।
श्रेयार्थिनोहि पुरुषाः परतुष्टि-हेतोर्दुःखार्जितान्यपि धनानि परित्यजन्ति'॥

হাঁ—স্মরণ হইল! আমার এই প্রবৃত্তি নূতন নহে, দ্বিজেন্দ্র বাবুর 'তত্ত্ব-বিদ্যা' খানি এই শ্রেণীর প্রথম; তাহার প্রথমও থাকিতে পারে! তবে নবীন নহে! আমার লেখনীই নবীন! নবীন বলিয়াও দোষ কাটাইতে পারিব না! নিজেও তাদৃশ বিজ্ঞানবিৎ নহি—মাদৃশ অল্পজ্ঞ ব্যক্তির ঈদৃশী সুমহতী আশাবল্লী কোথায় প্রশ্রয় পাইবে? আঃ—ভ্রান্ত হইয়াছি—দর্শনও কি কখন পুরাতন হয়! বিজ্ঞানও কি আবার নিন্দনীয়! প্রতিপ্রাণীরই পদার্থমাত্রেই এক একটি বিশেষ মত আছে, সুতরাং দর্শন-শাস্ত্রের সীমাও নাই, দর্শন-শাস্ত্র নূতনও হয় না, দর্শন-শাস্ত্রের সর্ব্ববাদি-সম্মত নিন্দা বা প্রশংসাও হইতে পারে না; কাজেই ইহার লিখনে অবশ্য-ম্ভাবী নিন্দাবাদেই বা ভয় কি? কিছুই না—অতএব ইহাতে হস্তক্ষেপ আমারই উপযুক্ত কার্য্য।

এক্ষণে বিবেচনীয়—কি লিখি? সকলের মত লিখন কখনই মনুষ্যায়ত্ত নহে, দর্শনও দুইপ্রকার, নাস্তিকদিগের ও আস্তিকবর্গের। প্রত্ন-কত্র-গণ! এ স্থানে আস্তিক নাস্তিকের লক্ষণ কি বুঝিলেন? বোধ করি—যাহারা ঈশ্বর, পরলোক প্রভৃতি (নাস্তি) নাই বলে, আপনারা তাহাদিগকেই নাস্তিক এবং তদিতরকে আস্তিক বলিয়া জানেন, পরং (হে আর্য্য-তিলকগণ!) তাহা নহে, আর্য্য জাতির মতানুযায়ী নাস্তিক আস্তি-কের লক্ষণও অতিচমৎকার! মনু প্রভৃতি ধর্ম-শাস্ত্রে উল্লিখিত আছে—"নাস্তিকোবেদ-নিন্দকঃ" বেদকে অগ্রাহ্য করিয়া একমাত্র নিজ-বুদ্ধির উপরে নির্ভর করাই নাস্তিকতা, ঈশ্বরকে স্বীকার না করিলেও ক্ষতি নাই, কিন্তু বেদকে স্বতঃ প্রমাণ বলিয়া স্বীকার না করিলেই বিপদ; বেদের উক্তিতেও যাঁহাদের বিচারের অপেক্ষা আছে, তাঁহারাই আর্য্য-সম্মত নাস্তিক। বলিতে কি, আমাদের দেশে আস্তিক-দর্শন বলিয়া যতগুলি বিজ্ঞানশাস্ত্র প্রধানরূপে প্রসিদ্ধ আছে, তাহার অধিকাংশেরই ঈশ্বরের প্রতি বিশেক লক্ষ্য নাই। দর্শন-মুকুট মীমাংসা-দর্শনে কর্ম লইয়াই পিষ্ট-পেষণ করা হইয়াছে, কর্ম্মেরই অপ্রতিহত শক্তির বর্ণনা করা

হইয়াছে, কিন্তু ঈশ্বরের নামোল্লেখেও গ্রন্থখানি পবিত্র করা হয় নাই—বেদান্তদর্শন, উত্তর-মীমাংসা বলিয়া প্রসিদ্ধ; ইহার দ্বৈত, অদ্বৈত, দ্বৈতাদ্বৈত ও বিশিষ্টাদ্বৈত প্রভৃতি মতে এত প্রকার জটিল ব্যাখ্যান বিস্তীর্ণ রহিয়াছে, যাহাতে উহার প্রকৃত অভিপ্রায় অবগত হওআই ভার, তথাপি যাবন্মাত্র মত কাশীতে সম্প্রতি প্রসিদ্ধ আছে, তাহাতে উহাও ঈশ্বরের স্বীকারে স্তব্ধীভূত বলিয়াই বোধ হয়—সাঙ্খ্যদর্শন, অতিপ্রাচীন দর্শন, দর্শনের মধ্যে বোধ হয় সাঙ্খ্য হইতে প্রাচীন গ্রন্থ অত্যল্পই হইবে; ঐদর্শনের ভয়াবহ নাস্তিকতা; সাঙ্খ্যাচার্য্য বলেন 'এই সৃষ্টি দেখিয়া ঈশ্বরের অনুমান করিতে হইলে হাস্যাস্পদমাত্র হইতে হয়'—পাতঞ্জল-দর্শনে ঈশ্বরের স্বীকার আছে, যথার্থ! কিন্তু যোগবলে সকলেই ঈশ্বর হইতে পারেন বলায় ঐরূপ স্বীকারও নিতান্ত ঘৃণাকরমাত্র—ন্যায় ও বৈশেষিক ঈশ্বর বিষয়ে একরূপই মত প্রকাশ করেন, একমাত্র তাঁহাদের মতেই ঈশ্বরের মতন ঈশ্বর পাওআ যায়, পরং এদিকে রামায়ণাদিতে দেখা যায়, ন্যায় শাস্ত্রের অধ্যয়নে এতদূর পাতক, যে, তর্কালঙ্কারদিগকে জন্মান্তরে শৃগাল-শরীর ধারণ করিতে হইবে, এই বিষয়ে প্রত্নু-কত্র-গণ অবশ্যই সন্দিহান হইতে পারেন, কিন্তু সন্দেহের বিষয় নাই—প্রথমেই বলা হইয়াছে—আর্য্যদিগের মতে ঈশ্বর স্বীকার না করিলেও একমাত্র বেদের স্বীকারেই আস্তিকতা রক্ষা পায়, বেদের দোহাই দিয়া ঈশ্বরের মস্তক-চর্ব্বণ করিলেও কোন অপরাধ নাই, কিন্তু বেদকে অগ্রাহ্য করিয়া ঈশ্বরকে শিরোপরি ধারণ করিলেও নাস্তিক্য কলঙ্ক-চক্র নক্রাকারে তাঁহার মস্তকোপরি সতত নিরাবাধে ঘূর্ণিত হইতেই থাকিবে। এই মীমাংসা প্রভৃতি শাস্ত্রকারেরা একমাত্র বেদের শরণাপন্ন হইয়াই নিস্তার পাইয়াছেন, অন্যথা তাঁহাদিগকেও "স সাধুভির্বহিষ্কার্য্যঃ" তাহা সাধু-সমাজ হইতে নিষ্কাশনীয় এই নিয়মানুযায়ী চার্ব্বাক, যোগাচার, মাধ্যমিক, সৌত্রান্তিক, বৈনাশিক প্রভৃতি দর্শনের ন্যায় বিপন্ন হইয়া হীন-দলে আপন্ন হইতে হইত; অধিক কি—নৈয়ায়িকেরা ঈশ্বর-বিষয়ে একমাত্র বেদের উপরে নির্ভর না করিয়া কিছু কিছু বুদ্ধি-সাহায্যের

অপেক্ষা করেন, সেই অপরাধেই তাঁহাদের প্রতি ততদূর আক্রোশ। আরও আশ্চর্য্যের বিষয়—সকল মহাত্মাই ঐ এক বেদ অধ্যয়ন করিয়াছেন, 'বেদব্যাস' যে বেদ অধ্যয়ন করিয়াছেন—জৈমিনীও সেই বেদ, গোতমও সেই বেদ অধ্যয়ন করিয়াছেন, কিন্তু 'বেদ-ব্যাস' উহা হইতে যে তত্ত্ব-লাভ করিয়াছেন, গোতম সে তত্ত্ব-লাভ করিতে পারেন নাই, পক্ষান্তরে—গোতম যে তত্ত্ব-লাভ করিয়াছেন 'বেদব্যাস' সে দিকেও যান নাই।

ভাল! আমিওত সামবেদ সম্পূর্ণ রীতিমত অধ্যয়ন করিয়াছি, অন্যান্য বেদও আবশ্যকানুযায়ী দেখিয়াছি, ও দেখিতেছি—আমি ঐ বেদ হইতে কি বিজ্ঞান লাভ করিলাম? তাহাই লিখিয়া দেখি না কেন! না—পারিলাম না, আমি এখনও ততদূর উপযুক্ত হই নাই; যতটুকু লাভ করিয়াছি তাহাই লিখি! না, তাহাতেও সম্প্রতি অনেক প্রতিবন্ধক আছে, দেশের অবস্থা এখনও ততদূর উন্নত হয় নাই, প্রকারান্তরে স্বীয় মত যথাকথঞ্চিৎ যাবন্মাত্র প্রকাশ করিয়া থাকি, তাহাতেই তাহার সম্যক্ পরিচয় পাইয়া থাকি।

তবে কি বাঙ্গালা ভাষার দর্শনের বাহুল্যে প্রয়াস পাইব না? সে কি! দর্শন-বিহীন হইয়া থাকাও কি থাকা! আমাদের মাতৃ-ভাষার দর্শন-দানে যত্নবান্ হইব, ইহাতে কে না অনুমোদন করি-বেন? বরং দোষ দেখাইয়া হউক, কিংবা সমধিক প্রশংসা লাভের আশাতেই হউক—ক্রমে অনেকেই এই পথের পথিক হইবেন। কিন্তু আরও আবার একটি চিন্তার বিষয় উপ-স্থিত হইল, এই উপস্থিত সময়ে অনুবাদক সম্প্রদায়েরই বাহুল্য দেখা যাইতেছে, শোনাগিয়াছে—মলয়ানিলের অবশ্যম্ভাবিনী ক্ষমতায়—খদিরও চন্দন হয়, এই বাতাসেরই প্রভাবে আমিও অনুবাদক্; পরং দর্শনের অনুবাদ করা, আর লোষ্ট্র-হস্তীতে আরোহণ, উভয়ই তুল্য—দর্শনের অনুবাদও কি দর্শন হয়? হইতেও পারে! অনেক বিজ্ঞাপনে দেখিয়াছি—'দর্শনের অনুবাদ

করিব' বলিয়া প্রতিজ্ঞা লিখিত হইয়াছে—সময়ের গুণে কিই বা না হইতে পারে! "বাঙ্‌মনশ্চক্ষুর অগোচর" ঈশ্বরই সম্প্রতি অনেকের সহজ-জ্ঞানের কর-তল-স্থ হইয়াছেন! হউক, আমি তাদৃশ কার্য্যে অক্ষম।

বরং যে দর্শন-শাস্ত্রের অধ্যয়নে যাবন্মাত্র মর্ম্ম অবগত হইয়াছি, তাহাই অভিনব প্রণালীতে ক্রমে প্রকাশ করিতে প্রবৃত্ত হই। আপাততঃ সাংখ্য-দর্শনের প্রকাশেই তৎপর হই না কেন! এই দর্শনের মত এদেশে এখনও বিকার প্রাপ্ত হয় নাই।

শ্রীসত্যব্রত শর্ম্মা।

শ্রীরামপুর—মাহেশ।

সাঙ্খ্য-দর্শন।

পরিভাষা।

আমরা সাধারণ্যে কোন উপদেশের বা বিজ্ঞানের নিরপেক্ষ হইয়া যাহা কিছু দেখিতে পাই, দেখিয়া অনুভব করি, অনুভব করিয়া অবগত হই—তৎসমস্তই তাহা নহে; যেরূপে যাহা গ্রহণ করিতে হইবে, সেরূপে তাহা গ্রহণ করিতে পারি না। এই দিবাকরকে আমরা প্রতিদিন প্রাতঃ-কালে একখানি স্বুবর্ণ-থালের ন্যায় দেখিতে পাই, প্রতিদিন মধ্যাহ্নে অতি তীব্র রশ্মির অন্তর্গত একখানি দুর্দ্দর্শ রৌপ্য-থালের সদৃশ দেখিয়া থাকি, প্রতিদিন সায়ং সময়ে সুদর্শনীয় চন্দ্রের সোদর-সম বোধ করি; কিন্তু কোন্ বিজ্ঞানবিৎ উহাকে স্বুবর্ণ-থাল বলিবেন? কেই বা উহাকে রৌপ্য-থাল বলিয়া নির্ণয় করিবেন? কি রূপেই বা উহাকে শীত-রশ্মি স্থির করিতে পারেন?। এইরূপ আমরা যে কোন পদার্থ যখন দেখিতে পাই, তন্মাত্রেই তাহার প্রকৃত স্বরূপ কখনই অবগত হই না—এমন কি যে ক্ষুৎপিপাসা আমাদিগকে প্রতিক্ষণে জাগ্রত করিতেছে, কিন্তু অনুপদিষ্ট ব্যক্তির জন্য তাহার পরিচয়ও অসম্ভব, যদি অকস্মাৎ কোন ব্যক্তি কোন প্রাণি-শূন্য দ্বীপে বা অন্তরীপে বা অন্যত্র আবির্ভূত হয়, তাহার শরীর-ধর্ম্ম ক্ষুধা উপস্থিত হইলে, তন্নিবারণোপায়

আহারাদির অন্বেষণ করা দূরে থাকুক, ইহা কি হইল? অকস্মাৎ শরীরে এতাদৃশ ভাবের আবির্ভাব কেন হইল? বলিয়াই চিন্তাগ্নিতে দগ্ধ হইয়া যায়। আমরা জন-সমাজের আশ্রয়ে থাকিয়া, ব্যবহার রূপ বিজ্ঞানের সাহায্যে, যদি চ ঐ ক্ষুধার স্বরূপ বুঝিতে পারিতেছি; কিন্তু হয়ত কোন কোন সময়ে তাহাও অ-প্রকৃত হইয়া পড়ে। ফলে সমাজে অনেকগুলি বিজ্ঞান ব্যবহৃত হইয়া পড়িয়াছে ও তৎসমস্তই আমাদের সহজ জ্ঞানের সহিত একীভাব ধারণ করিয়াছে। সুতরাং আমরা যে ঐ পদার্থ-গ্রহ সহজজ্ঞানে করিতে পারিতেছি না—উহা সেই সেই অংশের ও সেই সেই বিজ্ঞানের অনুগ্রহে গ্রহণ করিতেছি, ইহা বুঝিতে পারি না।

এই ভাবটি আমরা বুঝিতে চেষ্টা করিলে যে সকল পদার্থ অদ্যাপি সর্ব্বসাধারণের দৃষ্টিতে একভাবে গৃহীত বা অনুশীলিত হয় নাই, সেই সমস্ত দৃষ্টান্তরূপে গ্রহণ করিলে বিলক্ষণ হৃদয়ঙ্গম করিতে পারি। এই সূর্য্যগ্রহণ বা চন্দ্রগ্রহণ যাঁহারা ইহাকে বিজ্ঞান শাস্ত্রের অনুশীলনে ছায়া-মূলক বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন, তাঁহাদিগের (যেরূপ মনুষ্য দেখিলেই মনুষ্য বলিয়া, পশু দেখিলেই পশু বলিয়া সহজে জানিতে পারা যায় সেই রূপ) ইহা দেখিবামাত্র ছায়ামূলক বলিয়া সহজেই প্রতীত হয়; যাঁহারা রাহু-গ্রাসাদি-নিবন্ধন গ্রহণ—এই কু-সংস্কারের বশবর্ত্তী, তাঁহাদেরত কথাই নাই, যাঁহারা উহা লইয়া অদ্যাপি বিচার করিতেছেন, তাঁহাদেরও উহার প্রকৃত জ্ঞান বিজ্ঞান-সাপেক্ষ আছে। অতএব ইহা বলা অত্যুক্তি নহে যে, সকল পদার্থেরই প্রকৃত তত্ত্ব-বোধে বিজ্ঞানের

অপেক্ষা আছে; যে সকল (সর্ব্বদা ব্যবহার্য্য বাহ্য) বস্তুর বোধ, বিজ্ঞান-নিরপেক্ষ বলিয়া আপাতত অনেকের ভান হইতে পারে, পরং সে সমস্তেরও আদিম নির্ণেয় অবস্থাতে উপদেশের বা বিজ্ঞানের অপেক্ষা অবশ্যই হইয়াছে, জাত-শিশুর বয়োবৃদ্ধ্যনুসারে যেমন যেমন ব্যবহার বিজ্ঞান পরি-বর্দ্ধিত হইতে থাকে, তেমনি ক্রমে পদার্থ সকল পরিচিত হয়—কেহ কাহাকেউ একটি পাত্র আনিতে বলিলে তাহাতে সে ব্যক্তি যাহা আনিয়া উপস্থিত করে, তাহাই পাত্র—তৎ স্থানীয় দর্শকেরা ইহা অনায়াসে বুঝিতে পারে, সেই ব্যক্তি তাহার পরক্ষণেই সেই দর্শকবর্গের কাহাকেউ পাত্র আনিতে বলিলে, আদিষ্ট ব্যক্তি সেই ব্যবহার দর্শনরূপ বিজ্ঞানের বলে অবশ্য তাহাই আনিয়া উপস্থিত করিবে, কিন্তু তাহার পূর্ব্বক্ষণে (অর্থাৎ যাবৎ ঐ ব্যবহার দর্শন করে নাই) তাবৎ ঐ পাত্রকে বার বার নিরীক্ষণ করিয়াও চক্ষুর্দ্বারা গ্রহণায় আকারবিশিষ্ট এক পদার্থ—এই মাত্র জানিয়াছিল, অপর বিশেষ ভাব কিছুই জানিতে পারে নাই, হয়ত উহা অন্য কোন কার্য্যকর বস্তু বলিয়াই জানিয়াছিল। এতাবতা সমস্ত পদার্থেরই প্রকৃত পরিচয় বিজ্ঞান-সাপেক্ষ।

তন্মধ্যে বিশেষ এই—যে সমস্ত পদার্থ, বাহ্য এবং অতি স্থূলধী-গ্রাহ্য ও নিরন্তর ব্যবহৃত, সেই সমস্ত পদার্থের জ্ঞানেও বিজ্ঞানের অপেক্ষা ছিল, এবং উহারই মধ্যে যে সমস্ত পদার্থ কিঞ্চিৎ সূক্ষ্ম বা কথঞ্চিৎ অব্যবহার্য্য তাহার প্রকৃত তত্ত্ব নিরূপণার্থ অদ্যাপি বিজ্ঞানের অনুকম্পা অবলম্বন করি-তেই হইতেছে।

कारण्डव्यूहः ।

ओं नमो रत्नत्रयाय ॥

श्री आर्य्यावलोकितेश्वराय बोधिसत्त्वाय महासत्त्वाय महाकारुणिकाय ॥

एवम्मया श्रुतमेकस्मिन् समये भगवान् श्रावस्त्यां विहरति स्म। जेतवनेऽनाथपिण्डदस्यारामे महता भिक्षुसङ्घेन सार्द्धमर्द्धत्रयोदशभिर्भिक्षुशतैः सम्बहुलैश्च बोधिसत्वशतसहस्रैः ॥

तद्यथा—वज्रपाणिना च बोधिसत्वेन महासत्वेन। ज्ञानदर्शनेन च बोधिसत्वेन महासत्त्वेन। वज्रसेनेन च बोधिसत्वेन महासत्वेन। गुहगुप्तेन च बोधिसत्वेन महासत्वेन। आकाशगर्भेण च बोधिसत्वेन महासत्वेन। सूर्य्यगर्भेण च बोधिसत्वेन महासत्वेन। अनिक्षिप्तधूरेण च बोधिसत्वेन महासत्त्वेन। रत्नपाणिना च बोधिसत्वेन महासत्वेन। समन्तभद्रेण च बोधिसत्वेन महासत्वेन। महास्थामप्राप्तेन च बोधिसत्त्वेन महासत्वेन। सर्व्वनीवरणविष्कम्भिना च बोधिसत्वेन महासत्वेन। सर्व्वशूरेण च बोधिसत्वेन महासत्वेन। भैषज्यसेनेन च बोधिसत्वेन महासत्त्वेन। अवलोकितेश्वरेण च बोधिसत्वेन महासत्वेन। वज्रमतिना च बोधिसत्वेन महासत्वेन। सागरमतिना च बोधिसत्वेन महासत्वेन। धर्म्मधरेण च बोधि-

सत्त्वेन महासत्त्वेन। पृथिवीवरलोचनेन च बोधिसत्त्वेन महासत्त्वेन। आश्वासहस्तेन च बोधिसत्त्वेन महासत्त्वेन। मैत्रीयेण च बोधिसत्त्वेन महासत्त्वेन। एवम्प्रमुखैरशीतिकोट्यो बोधिसत्त्वाः सन्निषण्णाः॥

अन्ये च द्वात्रिंशद्देवनिकायाः देवपुत्राः सन्निपतिताः महेश्वरनारायणदेवपुत्रपूर्व्वंगमाः।—शक्रो देवानामिन्द्रो ब्रह्मा च सहाम्पतिश्चन्द्रादित्यवायुवरुणादयो देवपुत्राः सन्निपतितास्तस्मिन् पर्षदि।

अनेकानि च नागराज-शत-सहस्राणि सन्निपतितानि। तद्यथा—उपलालश्च नागराजः। एलपत्रश्च नागराजः। तिमिङ्गिरश्च नागराजः। गवाम्पतिश्च नागराजः। शतशीर्षश्च नागराजः। हुलुरश्च नागराजः। बहुदकश्च नागराजः। तक्षकश्च नागराजः। गोशीर्षश्च नागराजः। मृगशीर्षश्च नागराजः। नन्दोपनन्दौ च नागराजौ। वात्सीपुत्रश्च नागराजः। अनवतप्तश्च नागराजः। सागरमतिश्च नागराजः। एवम्प्रमुखाण्यनेकानि नागराजशतसहस्राणि सन्निपतितानि॥

अनेकानि च गन्धर्व्वराजशतसहस्राणि सन्निपतितानि। तद्यथा—दुन्दुभिस्वरश्च गन्धर्व्वराजः। मनोज्ञस्वरश्च गन्धर्व्वराजः। सहस्रभुजश्च गन्धर्व्वराजः। सहाम्पतिश्च गन्धर्व्वराजः। शरीरप्रह्लादनश्च गन्धर्व्वराजः। निर्न्नादितभूर्य्यश्च गन्धर्व्वराजः। अलङ्कारभूषितश्च गन्धर्व्वराजः। कुमारदर्शनश्च गन्धर्व्वराजः। सुबाहुयुक्तश्च गन्धर्व्वराजः। धर्म्मप्रियश्च गन्धर्व्वराजः। एवम्प्रमुखाण्यनेकानि गन्धर्व्वराजशतसहस्राणि सन्निपतितानि तस्मिन् पर्षदि।

अनेकानि च किन्नरराजशतसहस्राणि सन्निपतितानि

तद्यथा—सुमुखश्च किन्नरराजः । रत्नकिरीटी च किन्नरराजः । स्वातिमुखश्च किन्नरराजः । प्रहसितश्च किन्नरराजः । चक्रव्यूहश्च किन्नरराजः । पुष्पावकीर्णश्च किन्नरराजः । मणिश्च किन्नरराजः । प्रलम्बोदरश्च किन्नरराजः । दृढवीर्य्यश्च किन्नरराजः । सुयोधनश्च किन्नरराजः । शतमुखश्च किन्नरराजः । द्रुमश्च किन्नरराजः । एवम्प्रमुखाणि अनेकानि किन्नरराजशतसहस्राणि सन्निपतितानि तस्मिन् पर्षदि ॥

अनेकाश्चाप्सरसः शतसहस्राः सन्निपतिताः । तद्यथा—तिलोत्तमा नामाप्सरसा । सुव्यूहा नामाप्सरसा । सुवर्णमेखला नामाप्सरसा विभूषिता नामाप्सरसा । कर्णधारा नामाप्सरसा । अमृतविन्दु नामाप्सरसा । परिशोभितकाया नामाप्सरसा । मणिप्रस्थ नामाप्सरसा । चूडकानामाप्सरसा । मृदुका नामाप्सरसा । पञ्चभूर्य्याभिमुखा नामाप्सरसा । रतिकरा नामाप्सरसा । काञ्चनमाला नामाप्सरसा । नीलोत्पला नामाप्सरसा । धर्म्माभिमुखा नामाप्सरसा । सुक्रीड़ा नामाप्सरसा । कल्पाकरा नामाप्सरसा । सुव्यूहमुखा नामाप्सरसा । केयूरधरा नामाप्सरसा । दानन्ददा नामाप्सरसा । शशी नामाप्सरसा । एवम्प्रमुखाण्यनेकाप्सरसः शतसहस्राणि सन्निपतितानि तस्मिन् पर्षदि ॥

अनेकानि च नागकन्याशतसहस्राणि सन्निपतितानि । तद्यथा—विभूषणधरा नाम नागकन्या । स्वातिमुखा नाम नागकन्या । जयश्री नाम नागकन्या । विजयश्री नाम नागकन्या । सुचिलिन्दा नाम नागकन्या । त्रिजटा नाम नागकन्या । विद्युल्लोचना नाम नागकन्या । स्वातिगिरि नाम नागकन्या ।

शतपरिवारा नाम नागकन्या। विद्युत्प्रभा नाम नागकन्या। महौषधि नाम नागकन्या। जलविन्दु नाम नागकन्या। एकशीर्षा नाम नागकन्या। शतवाहु नाम नागकन्या। शसती नाम नागकन्या। अनाक्लसुगता नाम नागकन्या। सुभूषणा नाम नागकन्या। पाण्डलमेघा नाम नागकन्या। रथाभिरूढ़ा नाम नागकन्या। त्यागगता नाम नागकन्या। अभिन्नपरिवारा नाम नागकन्या। पुलिन्दा नाम नागकन्या। सागरकुक्षि नाम नागकन्या। छत्रमुखा नाम नागकन्या। धर्म्मपीठा नाम नागकन्या। मुखरा नाम नागकन्या। वीर्य्या नाम नागकन्या। सागरगम्भीरा नाम नागकन्या। मेरुश्री नाम नागकन्या। एवम्प्रमुखाण्यनेकानि नागकन्या-शतसहस्राणि सन्निपतितानि तस्मिन् पर्षदि।

अनेकानि च गन्धर्व्वकन्याशतसहस्राणि सन्निपतितानि। तद्यथा—प्रियमुखा नाम गन्धर्व्वकन्या। प्रियन्दरा नाम गन्धर्व्व-कन्या। सुदर्शना नाम गन्धर्व्वकन्या। वज्रश्री नाम गन्धर्व्वकन्या। वज्रमाला नाम गन्धर्व्वकन्या। अनादर्शना नाम गन्धर्व्वकन्या। सुमालिनी नाम गन्धर्व्वकन्या। वनस्पति नाम गन्धर्व्वकन्या। शतपुष्पा नाम गन्धर्व्वकन्या। मुकुलिता नाम गन्धर्व्वकन्या। रत्नमाला नाम गन्धर्व्वकन्या। मुदितपुष्पा नाम गन्धर्व्वकन्या। सुकुक्षि नाम गन्धर्व्वकन्या। राजश्री नाम गन्धर्व्वकन्या। दुन्दुभि नाम गन्धर्व्वकन्या। शुभमाला नाम गन्धर्व्वकन्या। विभूषितालङ्कारा नाम गन्धर्व्वकन्या। अभिनमिता नाम गन्धर्व्वकन्या। धर्म्मकाङ्क्षिणी नाम गन्धर्व्वकन्या। धर्म्मन्दरा नाम गन्धर्व्वकन्या। औदुम्बरा नाम गन्धर्व्वकन्या। शता-

कारा नाम गन्धर्व्वकन्या। पद्मावती नाम गन्धर्व्वकन्या। फलन्ददा नाम गन्धर्व्वकन्या। पद्मालङ्कारा नाम गन्धर्वकन्या। परिशोभितकाया नाम गन्धर्व्वकन्या। विलासेन्द्रगामिनी नाम गन्धर्वकन्या। पृथिवीन्ददा नाम गन्धर्वकन्या। सिंह-गामिनी नाम गन्धर्वकन्या। कुमुदपुष्पा नाम गन्धर्वकन्या। मनोरमा नाम गन्धर्व्वकन्या। दानन्ददा नाम गन्धर्वकन्या। देववचना नाम गन्धर्वकन्या। क्षान्तिप्रिया नाम गन्धर्वकन्या। निर्व्वाणप्रिया नाम गन्धर्वकन्या। रत्नाङ्करा नाम गन्धर्वकन्या। इन्द्रश्री नाम गन्धर्वकन्या। इन्द्रमघश्री नाम गन्धर्वकान्या। प्रजापतिनिवासिनी नाम गन्धर्वकन्या। मृगराजिनी नाम गन्धर्वकन्या। स्फुलन्तश्री नाम गन्धर्वकन्या। ज्वलन्त-शिखरा नाम गन्धर्वकन्या। रागपरिमुक्ता नाम गन्धर्वकन्या। द्वेषपरिमुक्ता नाम गन्धर्वकन्या। मोहपरिमुक्ता नाम गन्धर्व-कन्या। सुजनपरिवारा नाम गन्धर्वकन्या। रत्नपीठा नाम गन्धर्वकन्या। आगमनगमना नाम गन्धर्वकन्या। अग्निप्रभा नाम गन्धर्वकन्या। चन्द्रविम्बप्रभा नाम गन्धर्वकन्या। सूर्य्य-लोचना नाम गन्धर्वकन्या। सुवर्णावभासा नाम गन्धर्वकन्या। उत्तरश्री नाम गन्धर्वकन्या। सुवचा नाम गन्धर्वकन्या। एवम्प्रमुखाण्यनेकानि गन्धर्वकन्याशतसहस्राणि सन्निपतितानि तस्मिन् पर्षदि॥

अनेकानि च किन्नरकन्याशतसहस्राणि सन्निपतितानि। तद्यथा—मनसा नाम किन्नरकन्या। मानसी नाम किन्नर-कन्या। वायुवेगा नाम किन्नरकन्या। वरुणवेगा नाम किन्नरकन्या। आकाशप्लवा नाम किन्नरकन्या। वेगजवा

नाम किन्नरकन्या। लक्ष्मीन्ददा नाम किन्नरकन्या। सुदंष्ट्रा नाम किन्नरकन्या। अचलक्ष्मी नाम किन्नरकन्या। धातुप्रिया नाम किन्नरकन्या। अवलोकितलक्ष्मी नाम किन्नरकन्या। कुटिला नाम किन्नरकन्या। वज्रमुष्टिर्नाम किन्नरकन्या। कपिला नाम किन्नरकन्या। सुभूषणभूषिता नाम किन्नरकन्या। विस्तीर्णललाटा नाम किन्नरकन्या। सुजनपरिसेविता नाम किन्नरकन्या। सहाम्पति नाम किन्नरकन्या। आकाशरचिता नाम किन्नरकन्या। व्यूहराजेन्द्रा नाम किन्नरकन्या। मणिचूड़ा नाम किन्नरकन्या। मणिधारिणी नाम किन्नरकन्या। मणिरोचनी नाम किन्नरकन्या। विद्वज्जनपरिसेविता नाम किन्नरकन्या। शताकरा नाम किन्नरकन्या। आयुर्ददा नाम किन्नरकन्या। तथागतकोशपरिपालिता नाम किन्नरकन्या। धर्म्मधातुपरिरक्षिणी नाम किन्नरकन्या। सततपरिग्रह धर्म्मकाङ्क्षिणी नाम किन्नरकन्या। सदानुकालदर्शिनी नाम किन्नरकन्या। नूपुरोत्तमा नाम किन्नरकन्या। लक्षणोत्तमा नाम किन्नरकन्या। आश्वासनी नाम किन्नरकन्या। विमोक्षकरा नाम किन्नरकन्या। सदानुवृत्ति नाम किन्नरकन्या। संवेगधारिणी नाम किन्नरकन्या। खड्गज्वलना नाम किन्नरकन्या। पृथिव्युपसङ्क्रमणा नाम किन्नरकन्या। सुरेन्द्रमाला नाम किन्नरकन्या। सुरेन्द्रा नाम किन्नरकन्या। असुरेन्द्रा नाम किन्नरकन्या। मुनीन्द्रा नाम किन्नरकन्या। गोत्रक्षान्ति नाम किन्नरकन्या। योगानुगता नाम किन्नरकन्या। ब्रह्माश्रया नाम किन्नरकन्या। शतायुधा नाम किन्नरकन्या। विभूषितालङ्कारा नाम किन्नरकन्या।

मनोहरा नाम किन्नरकन्या। एवम्प्रमुखाण्यनेकानि किन्नर-कन्याशतसहस्राणि सन्निपतितानि॥

अनेकान्युपासकोपासिकाशतसहस्राणि सन्निपतितानि॥

अनेकानि च परिव्राजक-निर्ग्रन्थशतसहस्राणि सन्निपतितानि॥

यदा महासन्निपातश्चाभूत् तदाऽवीचौ महानरके रश्मयो निश्चरन्ति स्म। निश्चरित्वा जेतवनविहारमागच्छन्ति स्म। सर्वं ते विहारपरिशोभिता एव दृश्यन्ते स्म। दिव्यमणिरत्नोपलिप्ताः स्तम्भाः परिशोभिता एव दृश्यन्ते स्म। कूटागाराः सुवर्णोपचिता दृश्यन्ते स्म। लयने लयने सुवर्णरूप्यमयानि द्वाराणि दृश्यन्ते स्म। लयने लयने सुवर्णरूप्यमयानि सोपानानि दृश्यन्ते स्म। सुवर्णरूप्यमयानि प्रासादानि रूप्यमये प्रासादे सुवर्णमयानि स्तम्भानि दिव्यरत्नोपचितानि। सुवर्णमये प्रासादे रूप्यमयानि स्तम्भानि दिव्य रत्नोपशोभितानि। वहिर्जेतवनस्य पुरतः उंद्याने नानाविधानि कल्पवृक्षाणि दृश्यन्ते स्म। सुवर्णदण्डानि रूप्यपत्राणि नानाविधालङ्कारप्रलम्बितानि। विचित्राणि चीवरवस्त्रप्रलम्बितानि। कौशिकवस्त्रप्रलम्बितानि। मुक्ताहारशतसहस्रप्रलम्बितानि। विविध-मौली-कुण्डलः-स्रग्-दाम-केयूर-नूपुर-शतसहस्राणि प्रलम्बितानि। कर्णपृष्ठोत्तर्य्याणि स्तम्भानि मणिरत्नकटककेयूर-काणि प्रलम्बितानि संदृश्यन्ते स्म। तेन तत्र च रम्यावभासे तादृशानि कल्पवृक्षशतसहस्राणि प्रादुर्भूतानि। तस्मिन्नेव जेतवनविहारे वज्रमयाणि सोपानानि दृश्यन्ते स्म। द्वारकोष्ठे च मुक्तापटकलापप्रलम्बितानि। अनेकानि 'पुष्करिणीशतसह-

स्राणि प्रादुर्भूतानि। तत्र कानिचिदष्टाङ्गोपेतवारिणा परिपूर्णानि—कानि चित्रानाविधपुष्पपरिपूर्णानि। तद्यथा—उत्पल-पद्म-कुमुद-पुण्डरीक-मान्दार-महामान्दार-वडोडुम्बर-पुष्प-परिपूर्णानि—अन्यानि च पुनस्तत्र विविधानि काष्ठपुष्पाण्युत्पद्यन्ते। तद्यथा—चम्पकाशोक-करवीर-पाटलानिर्मुक्तकसुमनागन्धवार्षिकाणि। एतानि मनोरमाणि काष्ठपुष्पाणि प्रादुर्भूतानि इत्येवं तस्मिन् जेतवनविहारे समन्ततः परिशोभितानि दृश्यन्ते स्म॥

इति जेतवनविहारवर्णनं नाम
प्रथमप्रकरणम्।

अथ अवीचि-शोषणं नाम द्वितीय प्रकरणम्।

अथ तस्मिन्नेव पर्षन्मध्ये सर्व्वणीवरणविष्कम्भी नाम बोधिसत्वो महासत्व उत्थायासनादेकांशमुत्तरासङ्गं कृत्वा दक्षिणं जानुमण्डलं पृथिव्यां प्रतिष्ठाप्य येन भगवाँस्तेनाञ्जलिम्प्रणम्य भगवन्तमेतदवोचत्—परमाश्चर्य्याद्भुतप्राप्तोहं—भगवन्! कुत इमे रश्मयः समागच्छन्ति स्म? कस्यैषः? तथागतस्य विषय-प्रभावः? इति।

भगवानाह—नैष तथागत-प्रभावः। कुलपुत्रोऽवीचौ महानरके आर्य्यावलोकितेश्वरो बोधिसत्वो महासत्वः प्रविष्टः। सत्वान् परिमोचयित्वा च प्रेतनगरं प्रविशति। तेन मे रश्मय उत्सृष्टाः॥

কারণ্ডব্যূহ।

—:*:—

এই খানি বৌদ্ধদিগের সূত্র গ্রন্থ। বৌদ্ধদিগের ধর্ম্মশাস্ত্র অংশত্রয়ে বিভক্ত—সূত্র, বিনয় ও অভিধর্ম্ম। সূত্র গ্রন্থ নয় খানি—প্রজ্ঞাপারমিতা, কারণ্ডব্যূহ, সদ্ধর্ম্মপুণ্ডরীক, লঙ্কাবতার, দশভূমীশ্বর, সমাধিরাজ, ললিতবিস্তর, স্বর্ণপ্রভাস, ও তথাগতগুহ্যক। প্রজ্ঞাপারমিতা বৃহৎ ও ক্ষুদ্র দুই প্রকার; বৃহৎ প্রজ্ঞাপারমিতা লক্ষ শ্লোকাত্মক, দ্বিতীয় খানি অষ্ট সহস্র শ্লোকাত্মক এই জন্য উহাকে অষ্টসাহস্রিকও বলা যায়; এবং কারণ্ডব্যূহকে গণ্ডব্যূহও বলাযায়।

বৌদ্ধদিগের গ্রন্থ সকল অতিপ্রাচীন, এমন কি ইহাদের অনেক গ্রন্থ বৈদিক-সম-কালের বলিলেও অত্যুক্তি হয় না। আমি যৎকালে 'বৌদ্ধদর্শন-সংগ্রহ' অধ্যয়ন করি, তদবধি ইহাদের মূল গ্রন্থ সকল এবং বৌদ্ধ-লিখিত বৌদ্ধশাস্ত্র সকল দর্শনার্থ অতীব উৎসাহিত হই, পরং তাদৃশ পুস্তক সমূহের দুষ্প্রাপতা নিবন্ধন দৈনন্দিন হতোদ্যমই হইতেছিলাম, পরে কলিকাতাস্থ এসিয়াটিক্-সোসাইটির অনুগ্রহে এবং তদীয় অধ্যক্ষকল্প মন্মিত্রবর শ্রীযুক্ত বাবু রাজেন্দ্রলাল মিত্র মহাশয়ের বিশেষ আনুকূল্যে তাদৃশ গ্রন্থে ঐ গুলির অনেকাংশে সুপ্রাপতা হইলেও ইহাদের সমস্ত গ্রন্থই প্রায় বৌদ্ধাক্ষরে লিখিত থাকায় পুনর্হতোদ্যমকল্প হইয়াছিলাম, পরে কিঞ্চিৎ যত্নেই

উহাদের অক্ষরে নিবিষ্ট হইয়াই এই গ্রন্থখানির অনুবাদে প্রবৃত্ত হইলাম; এক্ষণে চক্ষু হইয়াছে, ভরসাকরি ক্রমে অনেকানেক বৌদ্ধ-তত্ত্ব লাভ করিতে পারিব, এবং দেশীয় আর্য্যানার্য্য ধীমদ্‌গণের নিকটেও যথাবসর অংশশ উপহার প্রদানে তৎপর থাকিব। সম্প্রতি স-সমাদরে এই গ্রন্থ-খানি সানুবাদ প্রকাশ করিতে যত্নবান্ হইলাম। ইহা আড়ম্বর-পরিপূর্ণ হইলেও সার-শূন্য নহে, এবং ইহার অনুবাদ নিতান্ত শ্রী-হীন ও যথাযথ সংস্কৃত লিপির অনুকৃত হইলেও প্রকৃত বোধের অনুপযোগী হইবে বোধ হয় না।

এই গ্রন্থের আড়ম্বরাংশ ত্যাগ করিয়া সারাংশ গ্রহণ করিলে বিস্তর বৌদ্ধ-মত সঙ্কলিত হইতে পারে, তাঁহাদের অনেক ব্যবহার অবগত হওআ যায়—এই জন্য ইহাকে "বৌদ্ধশাস্ত্র" বলিয়া নির্দ্দেশ করা গেল। এবং ইহা-দিগের গ্রন্থ-লিপি-প্রণালিটি অবিকল প্রত্ন-কত্র-গণের গোচর করিবার মানসে অনুবাদের ভাষার প্রতি বা যথাস্থান যোজনার প্রতি সমধিক যত্নবান্ না হইয়া লেখনী চালিত হইতে চলিল। এক্ষণে নিন্দা বা প্রশংসা পাঠকবর্গের শুভা-শুভ-দৃষ্টির প্রতি নির্ভর।

শ্রীসত্যব্রত শর্ম্মা।

শ্রীরামপুর, মাহেশ।

রত্ন-ত্রয়কে * নমস্কার।

মহাকারুণিক মহাসত্ব আর্য্য অবলোকিতেশ্বর বোধিসত্বকে নমস্কার।

মৎ-কর্ত্তৃক এই রূপ শ্রুত হইয়াছে—ভগবান্ † এক সময়ে শ্রাবন্তী পর্ব্বতে, জেতবন নগরে, অনাথ-পিণ্ডদ-নামক কোন ব্যক্তির উদ্যানে অতিবিপুল ভিক্ষু-দলের সহিত, (তের-শত পঞ্চাশৎ ভিক্ষুগণের সহিত) এবং বহুলক্ষ মহাসত্ব বোধিসত্বগণের সহিত বিচরণ করিয়াছিলেন।

(যথা—মহাসত্ব বজ্রপাণি নামক বোধিসত্বের সহিত, মহাসত্ব জ্ঞানদর্শন বোধিসত্বের সহিত, মহাসত্ব বজ্রসেন বোধিসত্বের সহিত, মহাসত্ব গুহগুপ্ত বোধিসত্বের সহিত, মহাসত্ব আকাশগর্ভ বোধি-সত্বের সহিত, মহাসত্ব সূর্য্যগর্ভ বোধিসত্বের সহিত, মহাসত্ব অতি-ক্ষিপ্তধুর বোধিসত্বের সহিত, মহাসত্ব রত্নপাণি বোধিসত্বের সহিত মহাসত্ব সমন্তভদ্র বোধিসত্বের সহিত, মহাসত্ব মহাস্থানপ্রাপ্ত বোধিসত্বের সহিত, মহাসত্ব সর্ব্বণীবরণবিষ্কম্ভী বোধিসত্বের সহিত, মহাসত্ব সর্ব্বশূর বোধিসত্বের সহিত, মহাসত্ব ভৈষজ্যসেন বোধি-সত্বের সহিত, মহাসত্ব অবলোকিতেশ্বর বোধিসত্বের সহিত, মহা-সত্ব বজ্রমতি বোধিসত্বের সহিত, মহাসত্ব সাগরমতি বোধিসত্বের সহিত, মহাসত্ব ধর্ম্মধর বোধিসত্বের সহিত, মহাসত্ব পৃথিবীবর-লোচন বোধিসত্বের সহিত, মহাসত্ব আশ্বাসহস্ত বোধিসত্বের সহিত, মহাসত্ব মৈত্রীণ বোধিসত্বের সহিত—এই প্রকার বহুলক্ষ বোধিসত্বের সহিত।)

---

* সূত্র, বিনয়, অভিধর্ম—এই ত্রিবিধ গ্রন্থকে "রত্নত্রয়" বলা যায়।

† বৌদ্ধদিগের এক জনা দেবতা।

সেই স্থলে অন্যান্য আরও অশীতি কোটী বোধিসত্ত্ব উপস্থিত হইয়াছিলেন।

সেই সভাতে দেব-শরীর দেব-পুত্রও দ্বাত্রিংশৎ উপস্থিত হইল।

(মহেশ্বর, নারায়ণ দেবপুত্রগণের পুরোগামী শক্র নামক দেবগণের ইন্দ্র, ব্রহ্মা, বৃহস্পতি, চন্দ্র, আদিত্য, বায়ু, বরুণ, প্রভৃতি দেবপুত্রগণ উপস্থিত হইয়াছিল।)

এবং সেই সভাতে অনেক লক্ষ নাগরাজও উপস্থিত হইল।

(যথা—উপলাল নাগরাজ, এলপত্র নাগরাজ, তিগিঙ্গিল নাগরাজ, গবাম্পতি নাগরাজ, শতশীর্ষ নাগরাজ, হুল্লুর নাগরাজ, বহ্বোদক নাগরাজ, তক্ষক নাগরাজ, গোশীর্ষ নাগরাজ, মৃগশীর্ষ নাগরাজ, নন্দ ও আনন্দ নামক নাগরাজ-দ্বয়, বাৎসীপুত্র নাগরাজ, অনবতপ্ত নাগরাজ, সাগর নাগরাজ—এই সকল নাগরাজের সহিত অনেক লক্ষ নাগরাজ উপস্থিত হইয়াছিল।)

এবং সেই সভাতে অনেক লক্ষ গন্ধর্ব্ব-রাজও উপস্থিত হইল।

(যথা—দুন্দুভিস্বর গন্ধর্ব্বরাজ, মনোজ্ঞস্বর গন্ধর্ব্বরাজ, সহস্রভুজ গন্ধর্ব্বরাজ, সহাম্পতি গন্ধর্ব্বরাজ, শরীরপ্রহ্লাদ গন্ধর্ব্বরাজ, নির্ণাদিতসূর্য্য গন্ধর্ব্বরাজ, অলঙ্কারবিভূষিত গন্ধর্ব্বরাজ, কুমারদর্শন গন্ধর্ব্বরাজ, সুবাহুযুক্ত গন্ধর্ব্বরাজ, ধর্ম্মপ্রিয় গন্ধর্ব্বরাজ—এই সকল গন্ধর্ব্বরাজের সহিত অনেক লক্ষ গন্ধর্ব্বরাজ উপস্থিত হইয়াছিল।)

এবং সেই সভাতে অনেক লক্ষ কিন্নররাজও উপস্থিত হইল।

(যথা—সুমুখ কিন্নররাজ, রত্নকিরীটি কিন্নররাজ, শ্বাতিমুখ কিন্নর-রাজ, প্রসহিত কিন্নররাজ, চক্রব্যূহ কিন্নররাজ, পুষ্পাবকীর্ণ কিন্নর-রাজ, মণি কিন্নররাজ, প্রলম্বোদর কিন্নররাজ, দৃঢ়বীর্য্য কিন্নররাজ, শতমুখ কিন্নররাজ, দ্রুম কিন্নররাজ—এই সকল কিন্নররাজের সহিত অনেক লক্ষ কিন্নররাজ উপস্থিত হইয়াছিল।)

এবং সেই সভাতে অনেক লক্ষ অপ্সরোগণ উপস্থিত হইল।

(যথা—তিলোত্তমা নাম্নী অপ্সরা, সুব্যূহা নাম্নী অপ্সরা, সুবর্ণ-মেখলা নাম্নী অপ্সরা, বিভূষিতা নাম্নী অপ্সরা, কর্ণধারা নাম্নী অপ্সরা, অমৃতবিন্দু নাম্নী অপ্সরা, পরিশোভিতকারা নাম্নী অপ্সরা, মণিপ্রস্থ নাম্নী অপ্সরা, চূড়কা নাম্নী অপ্সরা, দেবাভিমুখা নাম্নী অপ্সরা, পঞ্চসূর্য্যাভিমুখা নাম্নী অপ্সরা, কাঞ্চনমালা নাম্নী অপ্সরা, নীলোৎপলা নাম্নী অপ্সরা, ধর্ম্মাভিমুখা নাম্নী অপ্সরা সুক্রীড়া নাম্নী অপ্সরা কৃৎস্নাকরা নাম্নী অপ্সরা, সুব্যূহমুখা নাম্নী অপ্সরা, কেয়ূরধরা নাম্নী অপ্সরা, আনন্দদা নাম্নী অপ্সরা, শশী নাম্নী অপ্সরা—এই সকল অপ্সরোগণের সহিত অনেক লক্ষ অপ্সরারাও উপস্থিত হইয়াছিল।)

এবং সেই সভাতে অনেক লক্ষ নাগকন্যাও উপস্থিত হইল।

(যথা—বিভূষণধরা নাম্নী নাগকন্যা, স্বাতিমুখা নাম্নী নাগকন্যা, জয়শ্রী নাম্নী নাগকন্যা, বিজয়শ্রী নাম্নী নাগকন্যা, মুচিলিন্দা নাম্নী নাগকন্যা, বিদ্যুল্লোচনা নাম্নী নাগকন্যা, বিদ্যুৎপ্রভা নাম্নী নাগ-কন্যা, স্বাতিগিরি নাম্নী নাগকন্যা, শতপরিবারা নাম্নী নাগকন্যা, মহোষধি নাম্নী নাগকন্যা, জলবিন্দু নাম্নী নাগকন্যা, একশীর্ষা নাম্নী নাগকন্যা, শতবাহু নাম্নী নাগকন্যা প্রসূতী নাম্নী নাগকন্যা, অনাকৃৎস্নগতা নাম্নী নাগকন্যা, সুভূষণা নাম্নী নাগকন্যা, পাণ্ডুল-মেখা নাম্নী নাগকন্যা, রথাভিরূঢ়া নাম্নী নাগকন্যা, ত্যাগগতা

নাম্নী নাগকন্যা, অভিন্নপরীবারা নাম্নী নাগকন্যা, পুলিন্দা নাম্নী নাগকন্যা, সাগরকুক্ষি নাম্নী নাগকন্যা, ছত্রমুখা নাম্নী নাগকন্যা, ধর্ম্মপীঠা নাম্নী নাগকন্যা, মুখরা নাম্নী নাগকন্যা, বীর্য্যা নাম্নী নাগকন্যা, সাগরগম্ভীরা নাম্নী নাগকন্যা, মেরুশ্রী নাম্নী নাগকন্যা— এইরূপ অনেকানেক নাগকন্যাদিগের সহিত শত শত নাগকন্যারা উপস্থিত হইয়াছিল।)

এবং সেই সভাতে অনেক লক্ষ গন্ধর্ব্বকন্যাও উপস্থিত হইল।

(যথা—প্রিয়মুখা নাম্নী গন্ধর্ব্বকন্যা, প্রিয়ন্দদা নাম্নী গন্ধর্ব্বকন্যা সুদর্শনা নাম্নী গন্ধর্ব্বকন্যা, বজ্রশ্রী নাম্নী গন্ধর্ব্বকন্যা, বজ্রমালা নাম্নী গন্ধর্ব্বকন্যা, অনাদর্শনা নাম্নী গন্ধর্ব্বকন্যা, মৃণালিনী নাম্নী গন্ধর্ব্বকন্যা, বনস্পতী নাম্নী গন্ধর্ব্বকন্যা, শতপুষ্পা নাম্নী গন্ধর্ব্বকন্যা, মুকুলিতা নাম্নী গন্ধর্ব্বকন্যা, রত্নমালা নাম্নী গন্ধর্ব্বকন্যা, মুদিতপুষ্পা নাম্নী গন্ধর্ব্বকন্যা, সুকুক্ষি নাম্নী গন্ধর্ব্বকন্যা, রাজশ্রী নাম্নী গন্ধর্ব্বকন্যা, দুন্দুভি নাম্নী গন্ধর্ব্বকন্যা, শুভমালা নাম্নী গন্ধর্ব্বকন্যা, বিভূষিতালঙ্কারা নাম্নী গন্ধর্ব্বকন্যা, অভিনমিতা নাম্নী গন্ধর্ব্বকন্যা, ধর্ম্মকাঙ্ক্ষিণী নাম্নী গন্ধর্ব্বকন্যা, ধর্ম্মন্দদা নাম্নী গন্ধর্ব্বকন্যা, ঔদুম্বরা নাম্নী গন্ধর্ব্বকন্যা, শবাকারা নাম্নী গন্ধর্ব্বকন্যা, পদ্মাবতী নাম্নী গন্ধর্ব্বকন্যা, পরিশোভিতাকারা নাম্নী গন্ধর্ব্বকন্যা বিলাসেন্দুগামিনী নাম্নী গন্ধর্ব্বকন্যা, পৃথিবীন্দদা নাম্নী গন্ধর্ব্বকন্যা, ফলন্দদা নাম্নী গন্ধর্ব্বকন্যা সিংহগামিনী নাম্নী গন্ধর্ব্বকন্যা কুমুদপুষ্পা নাম্নী গন্ধর্ব্বকন্যা দানন্দদা নাম্নী গন্ধর্ব্বকন্যা দেববচনা নাম্নী গন্ধর্ব্বকন্যা ক্ষান্তিপ্রিয়া নাম্নী গন্ধর্ব্বকন্যা, নির্ব্বাণপ্রিয়া নাম্নী গন্ধর্ব্বকন্যা, রত্নাঙ্কুরা নাম্নী গন্ধর্ব্বকন্যা, ইন্দ্রশ্রী নাম্নী গন্ধর্ব্বকন্যা, ইন্দ্রয়মশ্রী নাম্নী গন্ধর্ব্বকন্যা, প্রজাপতিনিবাসিনী নাম্নী গন্ধর্ব্বকন্যা, মৃগরাজিনী নাম্নী গন্ধর্ব্বকন্যা, স্ফুরন্তশ্রী নাম্নী গন্ধর্ব্বকন্যা, জ্বলন্ত-

শিখরা নাম্নী গন্ধর্ব্বকন্যা, রাগপরিমুক্তা নাম্নী গন্ধর্ব্বকন্যা, দ্বেষপরিমুক্তা নাম্নী গন্ধর্ব্বকন্যা, মোহপরিমুক্তা নাম্নী গন্ধর্ব্বকন্যা, সুজনপরিচারা নাম্নী গন্ধর্ব্বকন্যা, রত্নপীঠা নাম্নী গন্ধর্ব্বকন্যা, আগমনা নাম্নী গন্ধর্ব্বকন্যা, অগ্নিপ্রভা নাম্নী গন্ধর্ব্বকন্যা, চন্দ্রবিম্বপ্রভা নাম্নী গন্ধর্ব্বকন্যা, সূর্য্যালোচনা নাম্নী গন্ধর্ব্বকন্যা, সুবর্ণাবভাসা নাম্নী গন্ধর্ব্বকন্যা, উত্তরশ্রী নাম্নী গন্ধর্ব্বকন্যা, সুবচা নাম্নী গন্ধর্ব্বকন্যা—এই রূপ অনেকের সহিৎ লক্ষ লক্ষ গন্ধর্ব্বকন্যারা আসিয়া উপস্থিত হইয়াছিল।)

এবং সেই সভাতে অনেক লক্ষ কিন্নর-রাজ-কন্যাও উপস্থিত হইল।

(যথা—মনসা নাম্নী কিন্নরকন্যা, মানসী নাম্নী কিন্নরকন্যা, বায়ুবেগা নাম্নী কিন্নরকন্যা, বরুণবেগা নাম্নী কিন্নরকন্যা, আকাশপ্লবা নাম্নী কিন্নরকন্যা, বেগজবা নাম্নী কিন্নরকন্যা, লক্ষ্মীন্দদা নাম্নী কিন্নরকন্যা, সুদংষ্ট্রা নাম্নী কিন্নরকন্যা, অচলশ্রী নাম্নী কিন্নরকন্যা, ধাতুপ্রিয়া নাম্নী কিন্নরকন্যা, অবলোকিতলক্ষ্মী নাম্নী কিন্নরকন্যা, কুটিলা নাম্নী কিন্নরকন্যা, বজ্রমুষ্টি নাম্নী কিন্নরকন্যা, কপিলা নাম্নী কিন্নরকন্যা, সুভূষণভূষিতা নাম্নী কিন্নরকন্যা, বিস্তীর্ণললাটা নাম্নী কিন্নরকন্যা, সুজনপরিসেবিতা নাম্নী কিন্নরকন্যা, সহাম্পতি নাম্নী কিন্নরকন্যা, আকাশরক্ষিতা নাম্নী কিন্নরকন্যা, ব্যূহরাজেন্দ্রা নাম্নী কিন্নরকন্যা, মণিচূড়া নাম্নী কিন্নরকন্যা, ধারিণী নাম্নী কিন্নরকন্যা, মণিরোচনী নাম্নী কিন্নরকন্যা, বিশ্বজনপরিসেবিতা নাম্নী কিন্নরকন্যা, শতাকরা নাম্নী কিন্নরকন্যা, আয়ুর্দ্দা নাম্নী কিন্নরকন্যা, তথাগতকোশপরিপালিতা নাম্নী কিন্নরকন্যা, ধর্ম্মধাতুপরিরক্ষিণী নাম্নী কিন্নরকন্যা, সততপরিগুহধর্মকাঙ্ক্ষিণী নাম্নী কিন্নরকন্যা, সদানুকালদর্শিনী নাম্নী কিন্নরকন্যা, নূপুরোত্তমা নাম্নী কিন্নরকন্যা, লক্ষণোত্তমা নাম্নী কিন্নরকন্যা, আশ্বাসনী নাম্নী কিন্নরকন্যা,

বিমোক্ষকরা নাম্নী কিন্নরকন্যা, সদানুবৃত্তি নাম্নী কিন্নরকন্যা, সম্বেগধারিণী নাম্নী কিন্নরকন্যা, খড়্গজ্বালা নাম্নী কিন্নরকন্যা পৃথিব্যুপসঙ্ক্রমণা নাম্নী কিন্নরকন্যা, সুরেন্দ্রমালা নাম্নী কিন্নরকন্যা, সুরেন্দ্রা নাম্নী কিন্নরকন্যা, অসুরেন্দ্রা নাম্নী কিন্নরকন্যা, মুনীন্দ্রা নাম্নী কিন্নরকন্যা, গোত্রক্ষান্তি নাম্নী কিন্নরকন্যা, যোগানুগতা নাম্নী কিন্নরকন্যা, বহ্বাশ্রয়া নাম্নী কিন্নরকন্যা, শতায়ুধা নাম্নী কিন্নরকন্যা, বিভূষিতালঙ্কারা নাম্নী কিন্নর কন্যা, মনোহরা নাম্নী কিন্নরকন্যা—এই রূপ অনেকের সহিত লক্ষ লক্ষ কিন্নরকন্যাগণও উপস্থিত হইয়াছিল।)

এবং অনেক লক্ষ উপাসক ও উপাসিকা সকলও উপস্থিত হইল।

অনেক লক্ষ নির্গ্রন্থ-পরিব্রাজক * সকল আসিয়া উপস্থিত হইল।

যখন এই রূপে অতি প্রগাঢ় লোক-সমারোহ হইয়া উঠিল, সেই সময়ে অবীচি নামক মহানরকে রশ্মি-পুঞ্জ নির্গত হইতে লাগিল, এবং ঐ রশ্মি-পুঞ্জ তথায় নির্গত হইয়া তথা হইতে জেতবনে অবতরণ করিতেছিল। সেই সময়ে সকলেই সেই জেতবন-বিহারে আভান্বিত হইয়া পরিশোভিত দৃষ্ট হইতেছিলেন। সকলেই দিব্য-মণি-রত্নে বিভূষিত স্তম্ভের ন্যায় স্থির ভাবে পরিশোভিত দৃষ্ট হইতেছিলেন।

---

* নির্গ্রন্থশব্দে ক্ষপণক, দিগম্বর, বৌদ্ধবিশেষ; পরিব্রাজক—যতী, সর্ব্বত্যাগী, সুতরাং নির্গ্রন্থ-পরিব্রাজক শব্দে বৌদ্ধ-মতানুযায়ী সন্ন্যাসী।

विज्ञापनम्।

"पातुं श्रोत्ररसायनं रचयितुं वाचः सतां सम्मताः
व्युत्पत्तिं परमा मवाप्तु मवधिं लब्धुं रसस्रोतसः।
भोक्तुं स्वादुफलं च जीवित-तरो र्यद्यस्ति ते कौतुकं
तद्भ्रातः! शृणु—राजशेखर-कवेः सूक्तीः सुधास्यन्दिनीः॥"

अथामुष्मिन्नार्यदेशे दृश्यकाव्य मादिरसप्रधानमेव प्रायो बहु— यदप्यस्ति वीररसादिप्रधानं जयपुरविजयादिकं किञ्चित् तेषामप्रचारितानां प्रचारे च दूयत इवा ऽत्रत्य-ग्रन्थिभिरिति लक्ष्यते। वयं खल्विहात्र (पत्रे) आदिरसप्रधानातिरिक्तमेव तं प्रचकाशिषवोऽद्य यावत् विचेष्ट्य प्राप्याप्यकृत-प्रयासा इवा-द्यानभिलषित-काशनेऽपि यत्नवन्तः। दृष्टश्चैवंविधानां प्रका-शोऽग्रजेऽपि पत्रे विद्वोत्तम-सम्पादक-सम्पाद्यमाने प्रसिद्धे। विविध-वस्तु-सङ्ग्रहेण विविध-चेतांस्यनुकूलयितुं प्रवृत्तिश्चे-हान्यतमं निदानम्। प्रकाश्यमानस्यास्य मनोहारित्वञ्चात्रो-द्बोधकमित्युपक्रमः।

तथाचेदानीं विरलप्रचारां स-व्याख्यानां विद्धशालभञ्जिका-भिधां नाटिकामिमां यथाज्ञानमाख्याय सुविज्ञ-रसिकान् प्रत्न-कम्रानिहानन्दयामहे। आशास्महे चैतन्मर्मज्ञानामतिहृष्टत्व-मीक्षणाग्रहस्य। अस्याः किल रचयिता—सूर्य्यवंशीयो यायावरः सत्यवती-तनयः रघुकुलावतंसस्य निर्भरराजस्य महेन्द्रपालस्यो-पाध्यायोऽतिशूरः क्षात्रविद्यानिपुणः केरलनगराधिपः* श्रीराजशे-

* केरलनगरः-बम्बे प्रदेशीयः, अद्यतनीयेषु मालावार इति प्रसिद्धः।

खराभिधः कविः। सोयं नह्याधुनिकः, शङ्करविजये भगवदाचार्य्येण सहास्य सम्वादवर्णनात्। अनेन च केवल प्राकृतभाषयो कर्पूरमञ्जरी-सट्टकं, श्रुतिमधुरं बालरामायणं नाम नाटकं, सुधास्यन्दिन्यसौ नाटिकेति काव्य-त्रितयं निरमायि। सर्वेषामेषां टीकादिकमस्ति नास्ति वेति संशयोऽस्माक मद्यापि, तदेतर्हि प्रथमतोऽस्या एव नाटिकाया व्याख्यानसङ्कलनेऽतिप्रकाश करणे च कृतमानसाः प्रवृत्ताः वयम्। इयञ्चादिरसप्रधाना चतुर्भिरङ्कैरुपेता—किमधिकेन नाटिकालक्षणस्योदाहरणरूपैवेति; इहचाद्भुतरसादिकञ्च प्रशंसानुरूपमभिवर्ण्यते। गौनासाय नियोजितेत्यादिको नान्दीपाठः क्षीरस्वामिनोदाहरणमुखेनोद्धृत इति चैतस्याः प्रत्नत्वमप्यक्षतमिति शम्॥

पाठभेद-सङ्केतः—

काशिक संस्कृत विद्यालयस्य——	क०
कलिकाता-संस्कृतविद्यालयस्य——	ख०
तत्रैव टीपितः——	ग०
१७११ अब्दगते लिखितस्यापरस्य——	घ०

श्रीसत्यव्रत शर्म्मा।

विद्धशालभञ्जिका।

प्रथमोऽङ्कः।

(१) कुल-गुरुरबलानां केलि-दीक्षा-प्रदाने
परम-सुहृदनङ्गो रोहिणी-वल्लभस्य।
अपि कुसुम-पृषत्कै*र्देवदेवस्य जेता
जयति सुरत-लीला नाटिका सूत्रधारः॥ १॥

* "पृष्टत्कैः" ख० घ०।

(१)—आदावेवेह मङ्गलपाठे देवदेव पर्यन्तस्य जेतृत्वमस्य कामस्येति कामस्तुतिप्रक्रमेणास्याः आदिरस-प्रधानत्व-द्योतनेन रसिकजनानाकर्षयति—

कुलगुरुरित्यादि। सुरतलीलेव सा नाटिका, दृश्यत्वे सति रसाभिव्यञ्जकत्वेन नाटिकातुल्यत्वात्, तस्याः सूत्रधारः सूचनात् सूत्रम् अल्पविलासेच्छया प्रारम्भेऽपि अगणितानन्तविलाससमर्पकं चेष्टादिकं तद्धारयति सः, कामः जयति। स कीदृश? इत्याह—अबलानां, कामोपहृतचेतसां बलशून्यानां युवतीनां यूनाञ्च पुमान् स्त्रियेत्यनुशासनात्, केलिः—क्रीड़ासुरतनखक्षतकटाक्षादिरूपा, तस्याः दीक्षा, तदधिकारसिद्ध्यर्थं पूर्वेतिकर्त्तव्यता रूपा, तस्याः प्रदाने—प्रकृष्टोपदेशे कुलगुरुः—चिरम्मानित आचार्य्यः, अन्योपदेशलाभहीनानां मृगादिपश्वादीनामपि केलौ प्रसक्ति-दर्शनात्, काम एव सर्वत्राचार्य्य इति स्थितेः। रोहिणी वल्लभा यस्य, तस्य चन्द्रस्य परमसुहृत् हृदयबान्धवः, यो यस्य बान्धवः स तस्य प्रीतिदः आरकथेति व्याप्तेः, पूर्वतन कामुकानाञ्च चन्द्रोदये हर्षस्य कामस्फूर्त्तेश्च प्रसिद्धिश्चास्ति बहुल, किञ्च चन्द्रस्याश्विन्यादिबहुनां नामकत्वेऽपि, रोहिणीवल्लभमात्रत्वेनेह ग्रहणं तस्य तत्रैवानुरक्तिः समधिकेति ज्ञापनाय, अनङ्गः अङ्ग-रहितोऽपि किञ्च कुसुमान्येव पृषन्ति विन्दुरूपाणि मुखाग्रियाणि तत्र नतु अयः फालमुखैः तैरेव शरैः अतएवोच्यते कामः पुष्पधन्वेति कुसुमायुध इति च, तस्य हि अरविन्दाशोक-चूत नवमल्लिका

अपि च।

(१) दृशा दग्धं मनसिजं जीवयन्ति दृशैव याः।
विरूपाक्षस्य जयिनी स्ताः स्तुवे वाम-लोचनाः ॥ २ ॥

(२)[समाधाय]

(३) गोनासाय नियोजितागदरजा सर्पाय बद्धौषधिः
कण्ठस्थाय विषाय वीर्य्य-महतः पाणौ मणीन् बिभ्रती।

नीलोत्पलेति पञ्च शराः। देवानां देवस्य इन्द्रस्य अपि जेता, प्रसिद्धमेतदहल्यायाजारत्व-वर्णने। अथवा सुरतलीला इव या नाटिका, नाटिकायामपि सुरतलीलाया दर्शनात् तस्याः सूत्रधारो नटः स जयति, अस्मिन् पक्षे अनङ्गत्वं नटस्य उपचारात्, तथाच अनङ्गः कामः तस्याभिनये तन्मयत्वमेव तस्यैतिभावः – नटस्य चन्द्रवंश्यत्वं तु नाट्ये चन्द्रस्य विशेष-वर्णनीयत्वात्, देवदेवस्य चक्रवर्त्तिनोऽपि कुसुम-पृषत्कैरत्यल्पायोजनैरेव जेतृत्वं मनो-हारित्वं सम्भवत्येव। अथवा सुरतलीलेत्यादि त्रय एव कर्त्तारः, जयतीत्याख्यातेन विभिन्न-तया वारत्रयेण सम्बध्यते, अस्मिन् पक्षे केलिदीक्षाप्रदाने सुरतलीलायाः कर्तृत्वं कर्मणा बाध्यते बुद्धिरिति दर्शनात्, नाटिकाया देवदेवस्य जेतृत्वमपि न दुर्वचः नृत्तावसाने नटराजराज इत्यादिषु महादेवस्य नटात्मकता-प्रसिद्धेः अस्ति च कर्त्तुः क्रियासमीपे पराजयः॥

(१) – याः वाम-लोचनाः सुन्दरेक्षणाः स्त्रियः विरूपाक्षस्य विरूपे अक्षिणी यस्य त्रिलोचनस्य दृशा कोपेक्षणाग्निना मनसिजं कामं दग्धमपि दृशा कटाक्षमात्रेणैव जीवयन्ति सुतरां विरूपाक्षस्य कामारेः जयिनीः, ताः स्तुवे। एतेन च पराजितत्वेना-क्ष्णोः विरूपत्वम्, जयशालित्वेन च वामत्वं लोचनानामित्यपि ध्वनितम्।

(२) – स्वयं समाहित मना भूत्वा अथवा सामाजिकान् समाहितमनसो विधाय।

(३) – अद्रिसुता पार्वती वः युष्मान् सम्यान् रक्षतु। या विवाहसमये यावज्जीवन-कृत-तपसः फलोन्मुखत्वं समीक्ष्य प्रीता, महादेवस्य खलादिसाहित्यमालोक्य सहसा भीता च। इदानीं हि तदानीन्तनं तत्स्वरूपं वर्णयति – भर्त्तुरिति पदमिह सर्वत्रा-न्वीयते, तथाच भर्त्तुः महादेवस्य मुकुटरूपेण स्थिताय गोनासाय गोनासेव नासा यस्य गोनास-नामक पर्वत विहारि-महाभय-सर्पजातेः भीति-निरासाय नियोजितागद-रजा नियोजितम् गदं रोगः शरीरभूषणात्मकाय स नास्ति यस्मात् तादृशं रजो यया:

भर्त्तुर्भूतगणाय गोत्र-जरती-निर्द्दिष्ट-मन्त्राक्षरा
रक्षत्वद्रि-सुता विवाह-समये प्रीता च भीता च वः ॥ ३ ॥

(१)नान्द्यन्ते(२) सूत्रधारः—[नेपथ्याभिमुखमवलोक्य] न जाने का पुनरद्य श्रीयुवराजदेवस्य परिषदाज्ञा ?

(३) नेपथ्ये गीयते—

कुन्दलदाए विमुक्कमअरन्दरसाए वि चञ्चरीअओ।
पणअप्परूढप्पम्मभरभञ्जनकाअरभावभीअओ ॥ ४ ॥
तरुणीं तरट्टिअं*णिअपिअं विअ चारुपसूणदिट्ठिअं।
रक्खइ णअइ धुणइ परिरम्भइ चुम्बइ चूदलट्ठिअं(*) ॥५॥

(*) कुन्दलताया विमुक्त-मकरन्द-रसाया अपि चञ्चरीकः(४)।
प्रणय-प्ररूढ़-प्रेम-भर-भञ्जन-कातर-भाव-भीतः ॥ ४ ॥
तरुणीं प्रगल्भां निजप्रियामिव चारु प्रसून-दृष्टिम्।
रक्षति नयति परिरम्भति चुम्बति चूत-यष्टिम् ॥ ५ ॥

* "तरुणतरट्टिअं" ख० घ०।

तथाभूता—भर्त्तुः सर्पाश्च गोनासातिरिक्त सर्पभयनिवृत्तये बद्धा औषधीर्यस्याः सा—भर्त्तुः कण्ठस्थाय विषाय कण्ठस्थविषभयनिवृत्तये वीर्य्यमहतः विषपीड़ानिवर्त्तन-सामर्थ्येन महतः गौरव-युक्तान् मणीन् पाणौ विभ्रती—भूतगणाय भूतानां भयनिवृत्तये गोत्र-जरती-निर्द्दिष्ट-मन्त्राक्षरा गोत्रेषु जरती वृद्धा, तया निर्द्दिष्टानि मन्त्राक्षराणि यस्याः। एतेन स्वस्य सावधानत्वं प्रीतत्वं भीतत्वं, सर्पेषु खलादीनां विद्यमानत्त्व सूचितम्।

(१)—"देवद्विजनृपादीनामाशीर्वादपरायणा: नन्दन्ति देवता यस्मात्तस्मान्नान्दी प्रकीर्त्तिता" किञ्च "आशीर्यत्र नमस्क्रिया च शशिनः सङ्कीर्त्तनं वस्तुनो, निर्द्दोषी गुरुसंस्तुतिर्मधुलिहां मोदाय पुष्पाञ्जलिः। श्राव्यैर्द्वादशभिः पदैरथसमैर्यद्वाष्टभिर्निर्मिता, सद्वृत्तेन सुसन्धिना च कथिता नान्दीति सर्वागमे"।

(२)—"सूत्रधारः पठत्यत्र मध्यमं स्वरमाश्रितः। नान्दीपदैर्द्वादशभिरष्टाभिर्वाप्यलङ्कृताम्" ॥ नान्द्याः अन्ते सूत्रधारः प्रस्तावकः काव्यार्थस्य स्थापनात् स्थापकनामा प्रधाननटः प्रविश्य वदतीति शेषः। (३)—न जाने का ?-इति प्रश्नस्योत्तररूपम्।

(४)—चञ्चरीको भ्रमरः चूतयष्टिम् चूतलतां रक्षति काकाद्युपघातकेभ्यः नयति

सूत्रधारः [आकर्ण्य] अये! (१)यायावरेण(२)दौहिकिना कविराजशेखरेण विरचितायाः(३)विद्धशालभञ्जिकानाम(४)नाटिकाया

स्वात्मानं प्रापयति, धुनोति ईषत् कम्पयति गलान्दोलयति, परिरभ्मति सर्वाङ्गीणस्पर्शवतीं करोति, चुम्बति आस्वादयति अधरादौ कामुक इव कामिनीम्। कीदृशो भ्रमरः? विमुक्तः परित्यक्तः अस्वीकृत एव वा मकरन्दः पुष्परसः रसायाः तथाविधाया नीरसनिर्गन्धकुसुमाया अपि कुन्दलतायाः प्रणयेन सौहार्द्देन, प्ररूढं प्रवृद्धं, यत् प्रेम अनुरागातिशयः तस्य यो भरः समूहः तस्य यद्द भञ्जनम् भङ्गः, तत्र कातराः शङ्काकुलः, यो भावः अभिप्रायः, तस्माद्द भीतः। कीदृशीम् चूतलताम्! चारूणि यानि प्रसूतानि तानि दृष्टि रिव यस्याः ताम्।' कामिव? तरुणीं तारुण्यवतीं, प्रगल्भां प्रतिभान्वित नायिकाविशेषां निज प्रियामिव।—इत्थञ्च चञ्चरीकस्य कुन्दसहकार सम्बन्ध प्रदर्शनेन वसन्त सम्बन्धोऽपि प्रदर्शितः तेन च ऋतुं कञ्चिदुपादायइत्यादि-नियमोऽप्यनुगृहीतः। एतेनैतन्नाटक-प्रपञ्च-सूचनञ्च कृतमिति क्रमात् स्फुटिष्यति।

(१)—द्विविधो गृहस्थः—यायावरः शालीनश्च, तत्र यजनशीलः प्रतिग्रहादिवर्जितश्च यायावरः।

(२)—तत्सञ्ज्ञक कुलोत्पन्नेन।

(३)—विद्धा या शालभञ्जिका। "स्तम्भे शालभञ्जिकामवलोक्य इयमियम्"-इत्यादिना प्रथमेऽङ्के—"स्वप्नदृष्टा दोलान्दोलिनी विद्धसञ्चारित शालभञ्जिकात्वेन स्थलान्तरे परिणता गेन्दुकखेलिनी कृतकाव्यबन्ध रचना सैवेषा त्वया आलचिता तव चित्तमाक्षिपति"-इत्यादिना द्वितीयाङ्कशेषे च निर्द्दिष्टा पुत्तलिकैवास्याः नाटिकाया अभिधाने प्रवृत्तिनिमित्तम्।

(४)—"कैशिकी-वृत्ति-संयुक्ता नारी-परिजनोज्वला। चतुर्थ सन्धिहीना च नाटिका नृपनायका॥ इयं श्रृङ्गारबहुला ततः स्यात् कैशिकी मयी। स्त्रीयं कैशिकी वृत्तिर्नस्यादन्यरसाश्रया। न कुञ्जर-कराघातमात्रं शक्नोति कन्दली। तास्यां विटः पीठमर्द्दः सचयो वायसञ्चयः। अन्तःपुरचरी राज्ञ ईर्षद्विषो विदूषकः। अत्र भार्या-जितो राजा निभृतः काममाचरेत्। अन्तःपुरगतां कन्यां देवीगुप्तां यियासति। मन्त्रिणि न्यस्त राज्यस्तु सुखसंस्थापितः प्रभुः। युवा भूमिपतिः प्रायो निभृतः काममाचरेत्। कन्यामिह परिणय विषयां देवीगुप्तां महिषीं ज्ञानविरहेण॥"-इति नाटिकालक्षणम्। कैशिकादिवृत्तयस्तिस्रः। तत्र कैशिकीवृत्तिलक्षणन्तु—"या श्लक्ष्णा नेपथ्यविशेष चित्रा स्त्रीसङ्कुला प्रोज्वलनृत्यगीता। कामोपभोग प्रचुरोपचारा सा कैशिकी चारु विलासयुक्ता।"

(१)वस्तूपक्षेपो गीयते [विभाव्य] ८.अ थे तदभिनये श्रीयुवराज-देवस्य परिषदाज्ञा। तदहमपि मन्त्रिणो भागुरायणस्य(२) प्रतीकवृत्त्या शिष्यै र्विहित-चारु-नाम्नो(३)ऽन्तेवासिनो हरदासस्य (४)भूमिकां सम्पादयामि।

(५)आकाशे—सखे सोमदत्त! किमात्थ? तदकालजलदस्य (६)प्रणप्तुस्तस्य गुणगणः किमिति न वर्ण्यते

(७)तत्रैव, शृणु—

(८)किमपरमपरैः परोपकार-
व्यसननिधेर्गणितैर्गुणैरमुष्य।
रघुकुलतिलको महेन्द्रपालः
सकलकलानिलयः स यस्य शिष्यः॥ ६॥

---

(१)—वस्तु वर्णनीय इति वृत्तम्, तत् उपक्षिप्यते यथाकथञ्चित् सूच्यते ऽनेनेति वस्तूपक्षेपः पूर्वोक्तश्चतुष्पदीरूपो गुम्फकः।

(२)—अङ्गं प्रतीकोऽवयवः-इत्यमरः तेषां वृत्त्या विभूति धारणादिना।

(३)—शिष्यस्य।

(४)—मूर्त्यन्तरपरिग्रहम्।

(५)—"किं ब्रवीष्येवमित्यादि विनापात्रं ब्रवीति यत्।
श्रुत्वेवानुक्तमप्येतत् तत्स्यादाकाशभाषितम्॥ १॥

(६)—तन्नामकस्य प्रणप्तुः पौत्रपुत्रस्य।

(७)—आकाश एव।

(८)—सकल कलानां चतुःषष्ठिकलानां निलयः, महेन्द्रपालः महेन्द्रनामकस्य पर्वतस्य पाता, रघुकुलतिलकः सूर्य्यवंशीयः स यस्य परोपकार-व्यसन-निधेः परोपकार एव व्यसनं तस्य निधेः अमुष्य अपरैः गणितैः गुणैः किम्? एतदपेक्षया अन्यत् स्तुतिपदं किं भविष्यतीत्याशयः।

आकर्ण्य च (१) गोष्ठी-गरिष्ठस्य कृष्णशङ्करशर्म्मणो वाचः।

पातुं श्रोत्र-रसायनं(२) रचयितुं वाचः सतां सम्मताः
व्युत्पत्तिं परमा मवाप्तु मवधिं लब्धुं रसस्रोतसः।
भोक्तुं स्वादु-फलं च जीवित-तरो र्यद्यस्ति ते कौतुकं
तद्भ्रातः! शृणु—राजशेखरकवेः सूक्तीः सुधास्यन्दिनीः॥ ७॥

निष्क्रान्तः॥

॥इति प्रस्तावना(३)॥

---

* "सुधास्कन्दिनीः" घ०।

(१)—गोष्ठ्यां सभायां गरिष्ठस्य श्रेष्ठस्य।

(२)—श्रोत्रयोः रसस्य हर्षस्य अयनं स्थानं, यज्जराव्याधिशमनमौषधं तद्रसायनमिति वैद्याभिहितमौषधविशेषो वा, तत् पातुं सादरं श्रोतुमित्यर्थः। सतां साहित्याभिज्ञानां, सम्मताः अभिप्रेताः व्युत्पत्तिम् अप्रसिद्ध-पद-पदार्थ-ज्ञान-जन्य-संस्कार-विशेषम्, रसाः शृङ्गारादयः, अङ्गत्वेनाङ्गित्वेन च यथास्थलेषूपनिबद्धाः, तत्स्रोतसः प्रवाहस्य। अवधिं मर्यादाम्। लब्धुं प्राप्तुम्। सुधाम् अमृतम्, आस्यन्दयन्ति अवधारयन्ति तच्छीलाः। सूक्तीः सुन्दरकथाः।

(३)—नेपथ्य इत्यारभ्य निष्क्रान्तइति यावत् ग्रन्थस्य प्रस्तावनेति सञ्ज्ञा। "नटी विदूषको वापि पारिपार्श्विक एव वा। सूत्रधारेण सहिताः संलापं यत्र कुर्वते। आमुखं नाम तस्यैव सा तु प्रस्तावना मता।" सा० ६प०।

বিবিধ

দেবতা-তত্ত্ব।

কি আশ্চর্য্য কালের গতি ? কোন কালে ঈশ্বরকে স্রষ্টা বলিয়া এবং দেবতা-সমস্তকে সৃষ্ট বলিয়া আমাদের স্পষ্ট প্রতিভাত হইত—আমরা বিলক্ষণ জানিতাম—কি চন্দ্র, কি সূর্য্য, কি অগ্নি, কোন দেবতাই ঈশ্বর-পদার্থের পরিচয়েও সমর্থ নহেন—("ন তত্র সূর্য্যো ভাতি, ন চন্দ্র-তারকং, নেমা বিদ্যুতো ভান্তি, কুতোঽয়মগ্নিঃ")। এই দেবতাগণ সেই ঈশ্বরের ভয়েই অর্থাৎ তদীয় সুদৃঢ় নিয়মের শাসনেই নিজ নিজ কার্য্যে ব্যতিব্যস্ত রহিয়াছেন—("ভয়াদস্যাগ্নি স্তপতি ভয়াৎ তপতি সূর্য্যঃ ভয়াদিন্দ্রশ্চ বায়ুশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চমঃ")।

আরও স্পষ্ট দেখিতে পাইতাম—যেমন আমরা, তেমনি দেবতারা, পক্ষান্তরে ঈশ্বর—যেমন আমাদিগের অধিপতি, তেমনি দেবতাদিগেরও অধিপতি—("যো দেবানামধিপো যস্মিন্ লোকা অধিশ্রিতাঃ য ঈশেঽস্য দ্বিপদশ্চতুষ্পাদঃ স বা এষ মহানজ আত্মা") যিনি দেবতাদিগের অধিপতি, যাঁহাতে এই লোক-ত্রয় আশ্রিত রহিয়াছে, যিনি এই দ্বিপদ চতুষ্পাদ সমস্ত প্রাণিবর্গের শাস্তা ও পাতা, তিনিই এই জন্ম-বিহীন মহান্ আত্মা।

কি বেদে,* কি স্মৃতিতে,† কি পুরাণে‡ সর্ব্বত্রই সৃষ্ট-নির্বিশেষে দেবতাদিগের পরিচয় পাওয়া যায় এবং ঈশ্বর, সৃষ্ট-মাত্রেরই একমাত্র স্রষ্টা নির্ণীত রহিয়াছে§। পরং কি অপূর্ব্ব কালের মহিমা! একমাত্র কালেরই অপ্রতিরোধ্য প্রভাব-ফলে অধুনা সাধারণের অন্তঃকরণে ঈশ্বরই দেবতা¶, অথবা দেবতারাই ঈশ্বর ||—কিংবা দেবতাদলের মধ্যে এক-জনা ঈশ্বর, অন্যান্য সকলে তাঁহার আত্মীয়, কুটুম্ব, ভ্রাতা, ভগিনী, বন্ধু প্রভৃতি**। ধন্য জড়তা! জাড্য-কল্পতরুরই

---

* যথা—"প্রজাপতি বৈ ত্রীন্ মহিম্নো অসৃজতাগ্নিং বায়ুং সূর্য্যমিতি" প্রজাপতি তিনটী মহিমা-সম্পন্ন—অর্থাৎ দেবতা, সৃজন করিলেন—অগ্নি, বায়ু এবং সূর্য্য।

† যথা—"কর্ম্মাত্মনাঞ্চ দেবানাং সোঽসৃজৎ প্রাণিনাং প্রভুঃ।
সাধ্যানাঞ্চ গণং সূক্ষ্মং যজ্ঞঞ্চৈব সনাতনম্"॥

সেই প্রভু, ক্রিয়াবান্ প্রাণী ও অপ্রাণী দেবতাদিগের এবং সাধ্য-বর্গের স্থূল ও সূক্ষ্ম সমুদয়, এবং চির-প্রসিদ্ধ যজ্ঞ—অর্থাৎ কর্ম্মভূমিতে ব্যবহার্য্য ক্রিয়া সকল সৃজন করিলেন।

‡ যথা—"ত্রয়স্ত্রিংশৎ সহস্রাণি ত্রয়স্ত্রিংশচ্ছতানি চ।
ত্রয়স্ত্রিংশচ্চ দেবানাং সৃষ্টিঃ সঙ্ক্ষেপলক্ষণা"॥

কার্য্য-বহুত্ব-নিবন্ধন নাম-বহুত্বে সংখ্যা-বহুত্বও প্রতীত হয়, বস্তুত তেত্রিশ সহস্র, অথবা তেত্রিশ শত, কিংবা তেত্রিশটীই বল—প্রাধান্যত তিনটীমাত্র দেবতার সৃষ্টি হইল।

§ "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে"—ইত্যাদি।

¶ অদ্যতনীয় ব্রাহ্ম সম্প্রদায়াদিতে।

|| অদ্যতনীয় পৌত্তলিক সম্প্রদায়ে।

** তন্ত্রাদি-মতে।

এই সমস্ত ফল। যখন—কি শাস্ত্রে, কি দর্শন-যুক্তিতে, সকল প্রকারেই ঈশ্বর ও দেবতার মহান্ অন্তর দেদীপ্যমান রহিয়াছে—তখন ঐ অভেদ-বুদ্ধির কারণ জড়তা ভিন্ন আর কি বলা যাইতে পারে?—যদি ঈশ্বর ও দেবতাদিগের প্রভেদ নিরাকরণ করিতে অভেদবাদীদিগের মত অবলম্বন করা যায়, তাহা হইলে মনুষ্য ও ঈশ্বরের ভেদও অকিঞ্চিৎকর হইয়া উঠে; বস্তুতঃ ঐ মতটিকে আমরা নাস্তিকতার একটি পথ ভিন্ন আর কিছুই বলিতে পারি না। ফলে মানব-বুদ্ধির কুণ্ঠিতগতিই তাদৃশ অভেদ-ধীষণার প্রকৃত কারণ।

আরও অধিকতর আশ্চর্য্যের বিষয়—অদ্যতনীয় অনেকেই দেবতাদিগের হস্ত-পদাদিও অস্মদাদির ন্যায় দেখিতে পান*। তাঁহারা স্থির জানিয়াছেন যে, যেরূপ আমাদের এই হস্ত, পাদ, পায়ু, উপস্থ প্রভৃতি যন্ত্র-সমুদিত এক একটি বিগ্রহ আছে—দেবতাদিগেরও সেইরূপই প্রায়, বিশেষ—তাঁহাদের কাহার চারিটী হস্ত, কাহার তিনটি পাদ, কাহার ছয়টী মুখ, কাহার সর্ব্বাঙ্গ শরীরই আমাদের ন্যায়, একমাত্র বদন-মণ্ডল বানরের সদৃশ। তাঁহাদের আহার, বিহার, সম্ভোগাদিও অস্মদাদিবৎ। তাঁহাদের দ্বেষ, সন্তোষ ও তাহার যথাযথ কার্য্যাদিও আমাদেরই ন্যায়। অধিক কি, যেমন আমাদের এই মনুষ্য-রাজ্য এইরূপ অবিকল একটী দেব-রাজ্য আছে—ঐ রাজ্যের শাসন, বিচার, সন্ধি, বিগ্রহাদিও

---

* শিব বিষ্ণু প্রভৃতির ধ্যান দেখ।—অধিক কি বৈদিকক্রিয়া প্রাত্যহিক সন্ধ্যোপাসনা, তাহার মধ্যেও প্রাণায়ামাদিতে ঐরূপ কৃত্রিম ধ্যানাদি-নিবেশ করিতে সাধ্যপক্ষে ত্রুটী হয় নাই।

সমস্তই এই রাজ্যের অনুরূপ। ঐ রাজ্যের প্রজাবর্গের মধ্যে ও এই মর্ত্ত্য প্রজাদিগের স্বভাব-সুলভ বিবাদ, বিসম্বাদ ও পাপাচরণের অভাব নাই*।

হায়! কি শোচনীয় সমাচার—যাঁহাদিগকে আমরা ঈশ্বর বলিয়া স্বীকার করিব, তাঁহারাও দেশান্তরীয় প্রজা মাত্র†! অথবা‡ যাঁহারা আমাদের সমান-পদবীস্থ প্রজা||, তাঁহাদেরই আত্মীয় একজনা, যিনি তাঁহাদের রাজা, তিনিই আমাদের মাননীয় ঈশ্বর¶ এবং তাঁহার আত্মীয়**, বন্ধু বান্ধবেরা,†† সেনা‡‡ সেনাপতিরাই |||| আমাদের ঈশ্বর-নির্বিশেষে আরাধ্য। কিম্বা যেমন পূর্ব্বকালে এই ভূমণ্ডলে ক্ষুদ্র ক্ষুদ্র প্রদেশের এক এক জনা ভিন্ন ভিন্ন শাসন-কর্ত্তা ছিলেন, সেইরূপ

* এ সমস্তের উদাহরণ পুরাণাদিতে সুপ্রসিদ্ধই আছে।

† যেরূপ মনে কর—স্বর্গের রাজা ইন্দ্র, সুতরাং বিষ্ণু প্রভৃতি তাবতেই তদীয় প্রজা—এদিকে বিষ্ণুই বৈষ্ণব-সম্প্রদায়ের ঈশ্বর।

‡ মতান্তরে অর্থাৎ যাঁহাদিগের মতে বিষ্ণুই স্বর্গের রাজা, তিনিই ঈশ্বর; ইন্দ্র তাঁহারই নিযোজিত শাসন-কর্ত্তৃত্বপদে অভিষিক্ত মাত্র।

|| আমরা যেমন ভূ-রাজ্যের প্রজা—ইন্দ্র বায়ু প্রভৃতি দেবতারাও সেইরূপ স্বর্গরাজ্যের প্রজা সুতরাং তাঁহারা সকলেই আমাদের সমান-পদবীস্থ।

¶ ইন্দ্রাদি প্রজারা অদিতি-নন্দন; বিষ্ণু তাঁহাদের রাজা, তিনিও অদিতি-নন্দন। অধিকন্তু বিষ্ণুও কশ্যপ-নন্দন, আমরাও কশ্যপ-নন্দন; কিন্তু বিষ্ণু উপাস্য, আমরা উপাসক।

** বায়ু, বরুণ প্রভৃতি।

†† ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর—ইঁহারা পরস্পর বন্ধু।

‡‡ মরুদ্গণ।

|||| কার্ত্তিকেয়।

হ্যমণ্ডলেরও* বিভিন্ন প্রদেশে ভিন্ন ভিন্ন অধীশ্বর আছেন†; তাঁহাদের অন্যতমই আমাদের ঈশ্বর।

আহা! ইহা অপেক্ষাও কি, ক্ষোভের বিষয় হইতে পারে? যে, যাঁহাকে ঈশ্বর বলা যায়—তাঁহাকেই ভয়ানক মহাপাতকাদির ভারে আক্রান্ত করিয়া পরিচয় দিতেও কিছুমাত্র ক্ষুব্ধ বা শঙ্কিত হই না‡— বরং ঐ পাপাচরণকে অপ্রকৃত § বলিয়া স্বীকার করিলে, ভয়াবহ দোষে দূষিত হইয়া সমাজের বিদ্বেষভাজন ও ঘৃণার্হ বা নিন্দনীয় হইতে হয়!! অনেকে নিজসংস্কার-বিরুদ্ধ কোন একটী সিদ্ধান্ত শ্রবণমাত্রেই খড়্গ-হস্ত হইয়া উঠেন, কিন্তু ঐ সংস্কারটী কতদূর অসৎ ফল প্রসব করিতেছে, এবং ঐ সংস্কারটীর অনুরোধে অন্য ধর্ম্মাবলম্বীদিগের নিকটে কতই না তিরস্কৃত হইতে হইতেছে? তাহা তাঁহারা একবারও বিচার করিতে উদ্যত হন না।

যাহাহউক আমরা আর্য্য-শাস্ত্র-বীজ বেদের আন্দোলনে নিরুক্ত বিষয় সমস্তের যেরূপ সত্যাসত্য-লাভ করিয়াছি—সংক্ষেপে তৎসমস্তের প্রকাশই এই আরব্ধ প্রস্তাবের উদ্দেশ্য।

---

* ভূ-লোক, দ্যু-লোক ও অন্তরীক্ষ-লোক—এই লোকত্রয়ের অন্তর্গত অন্যান্য সমস্ত লোক।—সংখ্যান্তরে ইহা প্রমাণীকৃত হইবে।

† যেমন স্বর্গ-প্রদেশের রাজা, ইন্দ্র—বৈকুণ্ঠ-প্রদেশের রাজা বিষ্ণু—কৈলাশ-প্রদেশের রাজা, মহাদেব ইত্যাদি।

‡ "অহল্যায়া জারঃ সুরপতিরভূদাত্মতনয়াম্।
প্রজানাথোঽয়াসীদভজত গুরোরিন্দুরবলাম্" ইত্যাদি।

§ যেমন কমলিনী-নায়ক সুধাকর ও তদীয় কলহ বিরহাদি।

যে মহাশয়েরা এই আবিষ্কারে যাবন্মাত্র দোষ দেখিবেন, তাঁহারা প্রথমতই রাগান্ধ না হইয়া সেই গুলি সানুগ্রহে জানাইয়া উপকৃত করিবেন—সম্প্রতি ইহাই একমাত্র আমাদের প্রার্থনা!!

ইতি প্রস্তাবঃ* ।

কৃত্রিমতা।

মনুষ্য ধীষণার কি চমৎকার ক্ষমতা? স্বাভিপ্রায়মাত্রের সংসাধক পশুকল্প জীবগণের কতই না তেজস্বিতা? কৃত্রিমতারই বা কি অপূর্ব্ব মহিমা—কি আশ্চর্য্য মোহিনী শক্তি? তোষামোদে প্রবৃত্ত জ্ঞান-শূন্য মানব-জীবনের অ-কার্য্যই বা কি আছে? পাণ্ডিত্যের যোগে কিই বা না হয়? কাল-সহকারে অসত্যের অসত্যতাই বা কোথায়? সত্যের অ-পরিজ্ঞানে অসত্যের পরিচয়ই কিরূপে পাওআ যায়?

আহা!-যে 'উপনিষদ্-বিদ্যা' আর্য্যদিগের উৎকৃষ্টতম বিদ্যা† ব্রহ্মবিদ্যা‡ বলিয়া প্রসিদ্ধ আছে—যে উপনিষদের

---

* এই প্রস্তাবটী আমরা ফারমানিয়মে প্রকাশ না করিয়া এক এক বার এক একটি অংশ করিয়া প্রকাশ করিব। এই নিয়মানুসারে ইতি পূর্ব্বে প্রকাশিত 'দেবতা'-শীর্ষক প্রস্তাবটীও ইহারই অন্তগত জানিতে হইবে।

† "অপরা ঋগ্বেদোযজুর্ব্বেদঃ সামবেদোথর্ব্ববেদঃ শিক্ষাকল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দোজ্যোতিষমিতি—অথ পরায়য়া তদধিক্ষরমধিগম্যতে"।

‡ "ব্রহ্মবিদ্যোপনিষচ্ছব্দ-বাচ্যা"।

প্রভাবে পরব্রহ্ম জগদীশ্বরকে প্রাপ্ত হওআ যায়*—যে উপনিষৎ প্রধানশ্রেণাস্থ দর্শনৈকের মূল-স্বরূপে মাননীয়া—যে উপনিষদের মাহাত্ম্যেই আমাদের এত মাহাত্ম্য, সেই আর্য্যশাস্ত্র-ভূষণ উপনিষচ্ছ্রেণীতেও কতই না কৃত্রিমতা প্রবিষ্ট হইয়াছে? অন্যান্য কৃত্রিমতার অন্বেষণ দূরে থাকুক, সাক্ষাৎ গ্রন্থ সংখ্যাতেই প্রকাশ্য কৃত্রিমতা এতদূর পরিবর্দ্ধিতা হইয়া উঠিয়াছে যে, উপনিষদ্ গ্রন্থগুলির সংখ্যানির্ণয়ও অর্থাৎ আর্য্যদিগের উপনিষদ্ গ্রন্থ কয়খানি? ইহা নির্ণয় করাও সামান্য আয়াস-সাধ্য নহে; কালে, কোন কোন অভীষ্ট সাধনার্থ উপনিষদ্-ভাষায় লিখিত, গ্রন্থ কর্ত্তৃ-নাম-বিরহিত যে সকল গ্রন্থ পাওআ যায়, সেই সমস্তকেও সহসা উপনিষৎ-পদবী হইতে বঞ্চিত করা সহজ নহে।

प्रियां गिरीशस्य गुणेन गौरीं पुरीं सगौरीमिव तां ददर्श ॥४५

क्रीडावनं वीच्य गिरीन्द्रकन्या मनोरथामा मनुरूपरूपम् ॥
ममज्ज दृष्ट्या प्रियया तदन्तः समं नृपान्तर्मधुपश्चिराय। ४६

विलोक्य राजा नयनाभिरामा मारामरूपैरभिशोभमानाम् ॥
पुरीं पुरस्तात् प्रणिपत्य भक्त्या तुष्टाव काशीं तरसातिहृष्टः ॥४७

कर्म्माणि कामकलुषाणि पुराकृतानि यै राज-वेश्मनि रजोजुषि जन्मलब्धम् ॥
अम्बायकैरिह महासुकृतौघपाकैर्द्दष्टासि काशी भवमोचिणि वीचितेव ॥४८

तुल्येति काशीं सुकृतैकराशिं विकाशिताशीविषभूषणस्य ॥
विवेश हृष्टः सम मेव हृष्टैः पुरोहितामात्यगणैर्वरिष्ठैः ॥४९

ततः पुरी-पश्चिम-देहलीशं विनायकं वीक्ष्य निपत्य भूमौ ॥
लिम्पाज्य-सिन्दूर-सुगन्धि-जातैः सम्पूज्य तुष्टाव स तुष्ट-चेताः ॥५०

"श्रीगजेन्द्रवर-सुन्दराननं विघ्न-विद्रुत-शरण्य-काननम् ॥
शर्वजं सुभगखर्वविग्रहं नौमि सेवक-भयैक-निग्रहम् ॥५१

पाशमङ्कुशमभीति-सद्वरं बिभ्रतं सुभगलम्बितोदरम् ॥
कान्तिभर्त्सित नवारुण-श्रियन्नौमि दिव्य-फल-मोदक-प्रियम् ॥५२

गण्डपाति-मधुपैः समाकुलं शोभते तव सुखेन्दुमण्डलम् ॥
सैंहिकेय-रद-सम्भव-व्रतैर्लाञ्छनैरिव सुखण्डशः क्षतैः ॥५३

दानयोः प्रतिकृतिश्रितान्तरं स्वच्छमेकरदनं निरन्तरम् ॥
देव!बिभर्ति च ते धराधरां यज्ञ-कील-दशमा श्रियम्पराम् ॥५४

नीरजन्नतिमता समर्पितं लीलया जयति ते करे धृतम् ॥
शेषनाग! शिरसा धृतावनेर्विभ्रमं वहदिव क्षणे क्षणे ॥५५

यज्ञसूत्र-विधिनाकणाकृते नाग-हार-लतिकाति शोभते ॥
पर्वलीनमिलितैन्दवी कला तत् खरांशुगलितेव कोमला ॥५६

उद्यदर्ककिरणारुणश्रिया त्वत्तनुर्जयति लोचनप्रिया ॥
श्रीसुधांशु-धवलांशुकद्वयं याति तत्र शरदभ्रविभ्रमम् ॥५७

दारधाम्नि शितयोरनाकुलं स्विन्न-पाणि-तलवारि निर्मलम् ॥
त्वद्दन्तिलक-कुंकुमे भृशं रञ्जयन्ति विबुधा दिवानिशम् ॥५८

खःपतेरलिक-पट्ट-भूषणं विघ्न-वृन्द-नयनस्य दूषणम् ॥
त्वत्पदाम्बुजरजः कृपाम्बुधे!-स्नानतेन शिरसा सदा दधे ॥५९

अम्बिका-स्तन-भवार्द्र-पुष्करः पूजकौघ-घन-विघ्न-तस्करः ॥
चिद्रसा कृतदारसङ्ग्रहः श्रेयसेऽस्तु करि-वक्त्र-विग्रहः ॥६०

त्वय्यपि करणेन सेवितं स्नेहमुग्धशिवयोः सुजीवितम् ॥
तेन ते गणपते! सपर्य्यया पूजितो भवत आदिकाय्यया ॥६१

दायकं सर्वसिद्धीनां सर्वविघ्नान्तदायकम् ॥
नायकं काशिकायाः प्राक् सेवे देवं विनायकम् ॥६२

पारे सन्ति तपोम्बुधेः खलु फलानीष्टानि निष्ठावताम् ॥
विघ्नाः प्रस्फुटभङ्गमारुतजलावर्त्तादयोदुर्ज्जयाः ॥६३

देव ! त्वत्करुणानुकूलपवनः पोतस्त्वदङ्घ्रिद्वयम् ॥
निस्ताराय विचिन्त्यसेऽथ गुणवांस्त्वं कर्णधारोत्तमः ॥"६४

ततः कृत-सपर्य्यः [पर्य्यायेण] कालभैरव मासाद्य कृतानेक-पूजाभिवन्दन-प्रदक्षिणः तुष्टाव——

"जय! कालान्तक ! कलितभयान्तक ! दनुजगणान्तक! ॥
वरदेश गणेश कलिकल्मषहर काल कलेवर सन्तत! ॥६५

संश्रित-काशीपुरवर भजति विकाशीकृत-माभै-रव! ॥
मा भैरव पातय पापगतौ नमो नमस्ते ॥६६

जय! काशीकृत-पाप-विमर्द्दक-शुभदामर्द्दक पूर्व महेश्वर ! ॥
भव-भय-तक्षक कल्मष-भक्षक पुरजन-शिक्षक ! नमो नमस्ते ॥६७

वासयित्रे निजक्षेत्रे शासयित्रे विधेरपि। नाशयित्रे च पापानां पश्यतां पुरवासिनाम् ॥
कलिकल्मषजापारपारावारान्तपारद!। कालातिकालभीतिघ्न! कालभैरव! ते नमः ॥६९

पञ्चवक्त्राभिमानेन सह शीर्षं विधेस्तु यः। चिच्छेद स तु नश्छेत्ता क्षेत्रपापस्तदाभियाम् ॥
वत्सराणां सहस्राणि स्वार्थे याजसवर्षिणा। नापूरि हरिणा यत्तद्भिक्षापात्राय ते नमः ॥

करालकालदण्डाय कालदण्डाय ते नमः। वाताहाराय हाराय कुण्डलद्वितयाय च ॥
दुरन्त शमनातङ्कशमनाय समीपतः। हरदागः कुलस्तम्भः कुलस्तम्भाय ते नमः ॥"७२

एवं स्तुत्वा तदनुज्ञयान्तः क्षेत्रं प्रविश्य भगवतः [परमेश्वरस्योत्तमाङ्गमिव [गङ्गातरङ्गालं कृतं मुक्ताहारमिवाविमुक्त-पुराङ्गनां समण्डनं कृत-सुकृत-त्रिलोकी-कर्ण-पूरमागततैर्थि कालि-निषेव्यमाणं तत्पुर-कमल-कर्णिकायमानं मणिकर्णिका-नामानं तीर्थराजं स्वा चि-मक्षीचकार।

ततस्तत्कालानुगत-बलमिव कालानुगत-बलं तटस्थीकृत्य संसार शरणिसंसरणं जातीत्तापमिव शरणि-संसरण-तापं निःशेषतो निराकुर्वन् ब्रह्मणीवाति निर्मले तज्जले निममज्ज'॥

स्नात्वा विधानेन सुरर्षिपूर्वापितृंश्च सन्तर्प्य तिलोदकाद्यैः ॥
उत्तीर्य्य जन्या ससुरद्रुमाभी ददाव भीष्टानि धरामरेभ्यः ॥७४

आदित्य पाञ्चाल सुताहरीश्च दण्डाङ्गमाहेश्वर ढुंढिराजान् ॥
तां ज्ञानवापी मथ नन्दिकेशतारेशकालेश्वरलिङ्गमूर्त्तीः ॥७५

क्रमात्समभ्यर्च्य तमेव भूयः श्रीदण्डपाणिं स्तुतिभिर्ननाम ॥
येनैव नीताः खलु विश्वनाथात्तारं जगत्तार मवाप्नुवन्ति ॥७६

जय! दण्डायुध-जित-कुसुमायुध-चरण-सरोरुह-मग्न-मधुव्रत-धृत-पाशुपतव्रत-सर्व्व-प्रियतम-सर्व्व-गणोत्तम-पूर्णभद्र--कुल-भद्र-गुणोज्ज्वल-काञ्चन--कुण्डलिकोदर-सागर-शशधर-कनक-पिङ्ग-जटाच-महाभट!, वसति जने विहितोत्तम-संभ्रम भजति-विमूलित-सतत-तदाक्रमकाशी संश्रित-निर्वृति-दायक! अस्ति शिव-नैपथ्य-विधायक! भवशरणं शरणागत-वत्सल! नमो नमस्ते ॥

भक्तिं तवोत्कटतरी मथ वत्सलत्वं भक्तेषु भक्तजन-जीवन-शङ्करस्य ॥
किं वा ब्रवीमि यदनेन भवद्विरोधात् काशी-निवास-रहितो विहितः कुमारः ॥७७

क्वचिद्वरस्त्रीमुखपाणि-पाद-विलोचनाम्भोजवने विराजितम् ॥
तथैव तासां गतिमञ्जु-सिञ्जन्मञ्जीर-हंसी-ध्वनि-मुग्ध-मानसम् ॥७८

क्वचिच्च सामस्वरवद्विजोज्ज्वलं क्वचिच्छ्रुतिस्मृत्यखिलशब्द-नादितम् ॥
सत्तर्क-मीमांसक-वाङ्मयैर्घनैः क्वचिच्चमत्कारितवादिकन्दलम् ॥७९

क्वचिद्व्रतस्नान-जलौघ-निर्झरं क्वचिच्च भेरीवर दर्दुरस्वरम् ॥
महेन्द्रगोप-प्रतिमारुणाम्बरव्रजत्परिव्राजकराजिराजितम् ॥८०

हर्षाश्रुवर्षैः क्वच सत्कपोलजैः सगद्गदोद्गार-गभीर-गर्ज्जनैः ॥
वन्दारुवृन्दैः प्रणिपातनिश्चलैर्निपातितैर्भावसमीरणैः क्वचित् ॥८१

ध्यानावलम्बैरचलैस्तत स्ततः प्रस्वेदधाराचय-धौतवर्ष्मभिः ॥
रोमाञ्च-फुल्ल-स्तुतिमत्कदम्बकैर्विराजितं सर्वजगन्मनोहरम् ॥८२

अनन्त-सन्ताप-निवृत्ति-कारणं स्फुरद्घनानन्दसमागमं नृपः ॥
विवेश हर्षेण स मुक्तिमण्डपं फणीव निर्मुक्ततराघकञ्चुकः ॥८३

तदन्तरत्युज्ज्वलमण्डपान्तरे परापराणां परमेश्वरं हरम् ।
विश्वस्य कारुण्यकलागृहीत-लिङ्गाङ्गमालिङ्गितशक्ति मीश्वरम् ॥८४

संसार-पान्थ-प्रकर-त्रिताप-सं शान्तये स्निग्धशिलाशरीरिणम् ॥
काशीपुरश्रीमभराचलात्मना प्रत्यक्षतः स्थाणुतयैव संस्थितम् ॥८५

ऊर्द्धं पतद्गाङ्गजलौघधारिणं विल्वंविपुन्नागवरस्रगुज्ज्वलम् ॥
संपूजकैरर्पितचन्द्रशेखरं कस्तूरिका-कुङ्कुमनीललोहितम् ।८६

विमोक्ष-लक्ष्मी-निलयं गुणालयं ददर्श काशीनिलयं महेश्वरम् ॥
तद्वीक्षणानन्दजडीकृतेक्षणो विचिन्तयामास महीपतिः क्षणम् ॥८७

अहो कृतार्थोऽस्मि पिनाकपाणेः संदर्शनेनाद्य समस्त-दर्शिनः ।
किं वोपकर्त्तव्य मिहाय तत्कृते मया ततोलब्ध-समस्त-सम्पदा ॥८८

ततः स राजा रजनीकराननसदृष्टि-विस्फारित-विश्ववासनः ॥
पुटाञ्जलीकृत्यकरौस्थिरान्तरः स्थितः क्षणं चाश्रुकलाकुलेक्षणः ॥८९

तदेकचिन्ताप्रसरप्रवीणविज्ञानचञ्चन्मकरन्दतुन्दिलम् ॥
मनोरविन्द-चरणारविन्दयोः समर्पयन्नेव मनोजमर्दिनः ॥९०

अत्यन्तभावेन निमग्न-मानसः समर्पयन्देहमिवेन्द्रियैः सह ॥
पुरः पुरारेः पुरुहूत-सन्निभो बभूव भूयः प्रणिपात-निश्चलः ॥९१

चिरात् समुत्थाय चराचरेश्वरः सम् पूजयामास पुरश्वराहृतैः ॥
मनोहरैरैरुपहारवस्तुभिर्योगीव स कल्पसहस्रकल्पितैः ॥९२

जप्त्वा ततो मन्त्र मुदारमानसो मौनी मनाक् मुद्रित-कम्पितेक्षणः ॥
तुष्टाव भावेन सगद्गदस्वरो विसारि लोमाञ्चचलत्कलेवरः ॥९३

"विरिञ्चये विश्वजनादिकारिणे जनार्द्दनायापि जनोपकारिणे ॥
शर्वाय ते सर्वजनान्तकारिणे नमः शिवाय त्रिगुणाविकारिणे ॥९४

नमोऽस्तु वाण्या त्रि-जगत्कराय नमोऽस्तु लक्ष्म्या धरणीधराय ॥
नमो भवान्या सह शङ्कराय नमः स्वशक्त्यापि महेश्वराय ॥९५

संसार-यन्त्र-भ्रमये स-सूत्रया विमुक्तये चापि लसच्चरित्रया ॥
परा पराणा परया पवित्रया नमोऽस्तु शुक्राय विशाल-नेत्रया ॥९६

हृष्टीकृतेन्द्वर्क हिरण्य-रेतसे सर्वापद्-त्राण-गृहीत-चेतसे ॥
नमो नमस्तेऽस्तु कृशानु-रेतसे प्रसीद मह्यं भवमूढ-चेतसे ॥९७

निःशेष-भावैक-पुरातनाय निश्शेष भावेषु सचेतनाय ॥
निश्शेष-भावैक निकेतनाय नमो नमस्ते वृषकेतनाय ॥९८

भक्तार्पितं किञ्चिदपि प्रपूर्त्तये स्यादस्य विश्वं न च पाद-पूर्त्तये ॥
भक्तानुकम्पार्थ-गृहीत-मूर्त्तये नमो नमस्ते भगवन्नमूर्त्तये ॥९९

भक्तागसां राशिभरं सहिष्णवे तेषामनूद्वेगभरासहिष्णवे ॥
पुनः पुनर्ज्जं निर्निराकरिष्णवे नमो नमो दुर्जय-कामजिष्णवे ॥१००

भूवारितेजोमरुदन्तरिक्ष-शशाङ्क भास्वद्यजमान-रूपिणे ॥
व्यष्ट्या समष्ट्यापि च विश्वरूपिणे नमो नमस्ते भगवन्नरूपिणे ॥१०१

विश्वैकसाचात्-स्थितमेक मचयं कुर्वाण मेतद्भव-रचण-चयम् ॥
नजातमङ्केऽपि विधिर्लक्षयं तमाश्रयेहं पितृकानन-चयम् ॥१०२

हीनो ज्ञानधनै रिहास्मि सुभृशं मूढोस्मि चिन्ताशतैः ॥
वामा मेऽन्तरनङ्गमार्गणकृतच्छिद्रैः प्रविष्टा वलात् ॥१०३

मत्तश्चास्मि सुतीक्ष्ण-मोह-सुरया लन्तः सुहृन्नापरः ॥
विश्वेशां मयि विश्वनाथकृपयामारब्धरक्षाधुना ॥१०४

मग्नोहं भय-पङ्क-सङ्कट-तटेनिम्ने, विमोहावटे ॥
प्रत्याशालतिकाभिराहितमहावल्मीकोस्मि निर्वान्धवः ॥१०५

तस्मिन् कालभुजङ्गमोग्रप्रतिमां रोषाधिदंष्ट्रोत्कटः ॥
विश्वेशान! कृपानिधान! भगवन्! भूतेश! मा मुञ्चर ॥१०६

अपूर्व भावेन भवाङ्घ्रि-पद्मयोः सत् सूत्रधारेण तदैव शिक्षितः ॥
जडोऽपि स प्रेमरसेन धूर्जटे र्ननर्त्त चातीव पटुर्नटो यथा ॥१०७

भूयः समुत्ता त्रिजगन्निवासं निवास मागत्य ततः प्रभाते ॥
सं मन्त्रा स न्मित्रि-पुरोहिताभ्यां पुत्रेष्टिदीक्षां समवाप काले ॥१०८

जगद्विधातुर्जगतां भवाय यागः प्रयाग-प्रवरे यथासीत् ॥
पातुर्जनानां सुत-सम्भवाय तथा नयज्ञस्य बभुव यज्ञः ॥१०९

होमैर्दानैर्भक्ष्यपानैर्यथेष्टैर्देवा भूमीदेवताद्याश्च तुष्टाः ॥
भूतावासः सर्वभूतान्तरात्मा तेन श्रीमान् भूतनाथस्तुतोष ॥११०

पूर्णे यज्ञे स्थंडिलेऽसौ शयानो दृष्ट-स्वप्नो भूमि-पालो निशान्ते ॥
प्रातः सर्वं ब्राह्मणेभ्यः सुहृद्भ्यो दृष्टं स्वप्ने यत्तदुच्चैर्बभाषे ॥१११

अद्य स्वप्ने स्वर्ग सोपान-भूतो निःसोपानः श्वेत-शैलेन्द्र-शृङ्गः ॥
दृष्टः कश्चित् योग्यतानाधिरोढुं तत्रैवासीत् तेन चासं सचिन्तः ॥११२

ततस्तदुपरि विशाल-शाल-व्यायत-भुजः, स्फुट-कनक-चम्पक-पिङ्गलोचनालि, लम्बाय-मान-जटा-वल्ली-कलापः, समुदञ्चित-शुभांशु-शेखरः, स्वानुरूप-कटकावृतः, सदाङ्ग सङ्गया त न्वंग्या, शैलजया, परमामृत-निर्झरिण्या समलङ्कृत-मूर्त्तिर्मूर्त्तिमानिव स एव श्वेताचलः, पुरुषः कोपि धाराधर-धीर-ध्वनि-समनुनादकारी मामुच्चैरुक्तवान् ॥

'वत्स ! प्राप्त-चक्षुः-फलोसि सांप्रतं, समारुह्य वसति मिमां शुभफल मनुभवास्मद्वसति योग्योसि च' इत्युक्ते क्षणादिव तदद्रिमारूढ मात्मान मवेदिसम्। तत्र किञ्चिन्नापश्यम्। तद-चल-महसा निरस्त-समस्त-क्षिति-जलादिव्यवस्थं पश्यन्मुक्तइवाद्वैत मनुभवन्स्थितः। ततो नव-निर्मित-विचित्र-द्वारतया कलेवर मिव, परम-ज्योतिषो बहु-रत्न-विशिष्टतया रत्नाकर मिव, मनसापि तर्कयितु मशक्यतया मायामय मिव, अति दुर्लंघ्यप्रभावत्तया मार्त्तण्ड मण्डलमिव, सप्तावरणतया द्वितीयं ब्रह्माण्डमिव, ऊर्द्धकृतपदतया त्रिविक्रमावतारमिव, सर्वदर्शन-परम-विश्रामदायितया भगवत्-स्वरूपमिव अति विचित्रं भवन मेकम पश्य। ततस्तत्र मणिमय-सिंहासनोपरि स एव पुरुषः समालोकि। अनन्तरं केनापि मुषितमिव संप्राप्य महारत्नं ममासीन्महानानन्द-सन्दोहः। ततः क्षणाद्विपरीतक्रम-त्रिवि-क्रमेणेव ह्रस्वीभवताभिनव-जात-सुकुमार-कुमार-तनुं बिभ्रता ममाङ्क मारूढेण बाल्य भावात् किमपि स्नेहं व्यञ्जयता फलमेकं मत्करे न्यस्तम्। ततः प्राप्त बोधोऽभवम्। तदिदं फल मित्युक्ते नृपतौ सर्वे हृष्टा हृष्ट-तनुरुहाबभूवुः।

पुरोहितस्तु सानन्दं चारुवाचा तमुवाच—महाराज! दिष्ट्या वर्द्धामहे। सर्वथानु-गृहीतोऽसि वत्सलतया वत्सभावं गृहीतेन भगवता महा विष्णु नेव वसुदेवः, स चापि मनुजयोनिरेव न हि भगवतो दीन-दयावतो भक्तादति-

দর্শনশাস্ত্রে যাবৎ বিচার উপস্থিত হইবে, তৎসমস্তই জ্ঞানের জানিতে হইবে। জ্ঞান নির্ব্বিষয়ক হইবার নহে, কোন না কোন বিষয় অবলম্বন করিয়াই জ্ঞানের উদয় হইয়া থাকে। তন্মধ্যে কোন জ্ঞান ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু সকলকে বি-ষয় করিয়া উপস্থিত হয়, কোন জ্ঞান অতীন্দ্রিয় পদার্থকে বিষয় করিতে চাহে, কেহ বা জ্ঞানকেই বিষয় করিয়া লয়—এই প্রকারে ঐ চতুঃশ্রেণীভুক্ত জ্ঞানের নির্ণয়ে প্রবৃত্ত হইলে বিষয় সমস্তেরই নির্ণয় করিতে হয়; পরং জ্ঞানই দর্শনশাস্ত্রের মুখ্য প্রমেয়; এই নিমিত্তই এই শাস্ত্রকে বিজ্ঞানশাস্ত্র বলা যায়।

সাংখ্যবিজ্ঞানের উল্লিখিত প্রমেয় জ্ঞান সামান্যত দুঃখ, দুঃখমূল, দুঃখ-নিবারণোপায় ও দুঃখ নিবৃত্তি এই চারি প্রকার। তাঁহারা বলেন—

"এবং হি শাস্ত্রবিষয়ো ন জিজ্ঞাস্যেত! যদি দুঃখং নাম জগতি ন স্যাৎ!!"

এমন কি, শাস্ত্র-বিষয়ক জিজ্ঞাসাই উপস্থিত হইত না, যদি দুঃখ নামে একটি পদার্থ জগতে না থাকিত। এক মাত্র দুঃখ থাকাতেই শাস্ত্রবিষয়িণী জিজ্ঞাসা হইয়া থাকে, দুঃখই শাস্ত্রবিষয়ক জিজ্ঞাসার একমাত্র প্রেরক। সকল প্রাণীরই দুঃখ আছে; এই ভূমি=এই মর্ত্ত্যভূমি—কর্ম্মভূমি—ভোগ-ভূমি, ইহাতে প্রাণীমাত্রকেই স্বীয় স্বীয় কর্ম্মানুসারে সুখ দুঃখ ভোগ করিতে হইবে সুতরাং প্রাণীমাত্রকেই অল্প বা বিস্তর পরিমাণে সুখ বা দুঃখ ভুঞ্জিতে হয়। দুঃখ ত্রিবিধ, আধ্যাত্মিক—আধিভৌতিক—আধিদৈবিক। আধ্যাত্মিক দুঃখ দুই প্রকার—শারীর ও মানস; আমাদের সকলেরই শরীরে

কফ, পিত্ত ও শ্লেষ্মা এই ত্রিবিধ ধাতু আছে ; এই তিনটি ধাতু যাহার শরীরে যাবৎ নিয়মে বর্ত্তমান আছে এবং যাবৎ পরিমাণে কার্য্যকারিত্ব লাভ করিতেছে, তাহার অণুমাত্র বৈলক্ষণ্য ঘটিলেই শারীর অর্থাৎ শরীরসম্বন্ধী দুঃখ উৎপন্ন হয়, তাহাকে শারীর দুঃখ বলে, যেমন—জ্বর জ্বালা প্রভৃতি ; এই রোগ ভোগের দুঃখ কাহার নাই ? সকলেরই আছে। এইরূপ মানস দুঃখ ; ইহা কাম, ক্রোধ, লোভ, মোহ, ভয়, ঈর্ষ্যা, বিষাদের বিষয় বিশেষের অপ্রাপ্তি-নিবন্ধনই ঘটিয়া থাকে, যেমন এক জনের কোন এক বিষয়-ভোগ কামনা উপস্থিত হইল, কিন্তু তাহাতে কোনরূপ প্রতিবন্ধক থাকায় বা উপস্থিত হইবায় সে তদীয় ভোগে বঞ্চিত হইল সুতরাং যে দুঃখ জন্মিল, তাহাই মানস দুঃখ—যখন ঈশ্বর-সৃষ্ট জীবমাত্রেই আমরা ঈশ্বরের ন্যায় যথেচ্ছ কার্য্য করিতে সক্ষম নহি—যখন আমরা ইচ্ছামাত্রেই কোন বিষয়েই ইচ্ছা, কি ক্রোধ, কি লোভ, কি কোনরূপই অন্তঃকরণের বৃত্তি চরিতার্থ করিতে পারি না, তখন আমাদের সম্মুখে ঐ মানসদুঃখ সর্ব্বদা জাগ্রতই আছে, ইহা বলা বাহুল্য মাত্র। এইরূপ পশু পক্ষী প্রভৃতি কোন না কোন প্রাণীর আক্রমণে, অন্তত মনুষ্যদিগের মধ্যেই পরস্পর বিবাদে, যে সমস্ত আঘাতাদি ঘটিয়া থাকে, সেই সমস্ত দুঃখকেই আধিভৌতিক বলা যায়, এই জগতে এরূপ কে আছেন ? যে এই দুঃখের আস্বাদ গ্রহণ করিতেছেন না। কেই বা এমন আছেন ? যে অকস্মাৎ কোনরূপ কোন আঘাতাদি প্রাপ্ত হন না ; আকস্মিক অনুপলব্ধ শোকের আস্বাদ পান নাই, এরূপই বা কে আছেন ? ইহাই দৈবী পীড়া,

যাহাকে আধিদৈবিক তাপ বলা যায়, ইহার হস্ত হইতেই বা কে মুক্ত আছেন? কেহই না। অতএব ঐ আধ্যাত্মিক, আধিভৌতিক, আধিদৈবিক তাপত্রয়ে পীড়িত কে নহেন? সকলেই। তৎসমস্তের নিবারণার্থই শাস্ত্রবিষয়িণী জিজ্ঞাসা উপস্থিত হইয়া থাকে।

অপরঞ্চ যদি ঐ দুঃখ নিরাকরণের ইচ্ছা কাহারও না থাকিত অর্থাৎ সকলেই ঐ দুঃখত্রয়কে আদরণীয় জ্ঞান করিত, তথাপি শাস্ত্রবিষয়িণী জিজ্ঞাসা সমুত্থিত হইতে পারে না, কারণ যখন আমার দুঃখ ত্যাগ করিবার ইচ্ছা নাই, তবে কেনই তন্নিবারণার্থ যত্নবান্ হইব? বস্তুত তাহা নহে—যখন দুঃখ পদার্থ আমাদের অনুকূল নহে, সম্পূর্ণ প্রতিকূল, তখন উহা ত্যাগ করিবার ইচ্ছা কাহার নাই? সকলেরই আছে—ঐ দুঃখত্রয় আমাদের ত্যাগেচ্ছার বিষয়ীভূত হইলেও যদি অশক্য-সমুচ্ছেদ হয় অর্থাৎ তাহার নিরাকরণ অশক্যই হয় তথাপি নিষ্ফল জিজ্ঞাসা কেনই উদিতা হইবে? ঐ অশক্য সমুচ্ছেদতা দুই প্রকারে হইতে পারে, প্রথমত সাংখ্যমতে যখন কোন পদার্থই অনিত্য নহে, সমস্তই নিত্য, তখন দুঃখও নিত্য পদার্থ এবং নিত্য পদার্থের কি কখন উচ্ছেদ হইতে পারে? সুতরাং তদর্থ যত্নবান্ হওআ নিতান্ত নিষ্ফল, কোন রূপ যত্নেই নিত্য পদার্থের নাশ সম্পাদন করিতে পারা যায় না সুতরাং তন্নিরাকরণার্থ শাস্ত্রবিষয়ক উপায়ের জিজ্ঞাসা সম্পূর্ণই নিরর্থক অতএব যদিচ আমরা আধ্যাত্মিক, আধিভৌতিক, আধিদৈবিক এই তাপত্রয়ে নিয়ত তাপিত হইতেছি, তথাপি তাহার নিত্যতা স্বীকারে, নিরাকরণোপায়-চেষ্টাই

অসঙ্গত ; পরং সাংখ্যমতে পদার্থ সকল নিত্য হইলেও যাহাদের আবির্ভাব রহিয়াছে, কালে তাহাদের তিরোভাব অবশ্যই মন্তব্য, এতাবতা দুঃখের সমুচ্ছেদ হইবার নহে ইহা বলা যায় না, তবে তাহার কোন উপায় জানা নাই বলিয়া তাহাকে অশক্য-সমুচ্ছেদ অর্থাৎ ইহার উচ্ছেদ হইবার নহে, বলিতে পারি ; পরং তাহাও নিতান্ত অসঙ্গত ; বরং তাহার উপায় জ্ঞানার্থ শাস্ত্রবিষয়িণী জিজ্ঞাসাই কর্ত্তব্য। কিন্তু ইহা বিবেচনীয়—যে, "অর্কে চেন্মধু বিন্দেত কিমর্থং পর্ব্বতং ব্রজেৎ" যদি গৃহের কোণে মধুমক্ষিকার আলয়পুঞ্জ লাভ করা যায় তবে মধুর জন্য সুদূরবর্ত্তী গগণস্পর্শী গিরিশিখরে আরোহণ প্রয়াস কেন স্বীকার করি? যদি স্বল্পায়াস-সাধ্য লৌকিক অর্থাৎ লোকপ্রসিদ্ধ উপায়ে ঐ তাপত্রয় নিরাকৃত হইতে পারে, তবে কিনিমিত্ত অনেক-জন্ম-সাধ্য, সুদুষ্কর, বহ্বায়াস-সম্পাদ্য শাস্ত্রোক্ত উপায়-পরিজ্ঞানার্থ শাস্ত্র-বিষয়িণী জিজ্ঞাসা উপস্থিত হইবে? লোকপ্রসিদ্ধ দুঃখত্রয়ের লোকপ্রসিদ্ধ উপায়েই নিরাকরণ হইতে পারে—শারীর নামক আধ্যাত্মিক তাপ জ্বরাদি, ঐ সকলের হেতু—বাতপিত্তাদির বৈষম্য=বিষমতা, তদুপশমার্থ চিকিৎসা ব্যবহার প্রচলিতই আছে, প্রকৃত চিকিৎসাদ্বারা শারীর তাপ দূর হইয়াই থাকে, অতএব শারীর দুঃখের নিবৃত্তির সুলভ উপায় চিকিৎসা। এইরূপ মানস তাপের নিদান—কামাদি বিষয়ের অপ্রাপ্তি—প্রবৃত্তির চরিতার্থ না হওআ, তদুপশমার্থ অর্থোপার্জ্জনাদি ব্যবহার লোকপ্রসিদ্ধই আছে ; যদি যথেষ্ট ধনী হওআ যায়, যদি যথেষ্ট ক্ষমতাবান্ হওআ যায়, তবে ইচ্ছা মাত্রে মানস সম্পন্ন হইলে, কেনই মানসতাপ উপস্থিত

হইবে?। আধিভৌতিক তাপের নিদান—অপরিণামদর্শিতা —শেষে কি ফল দাড়াইবে তাহা বিবেচনা না করিয়া কার্য্য করা; বিচক্ষণতার ও ধীরতার অভ্যাসেই সেটি দূরীকৃত হইবে; বনে গমন না করিলেই ব্যাঘ্রে আক্রমণ করিবে না, চপেটাঘাত না করিলে মুষ্টাঘাত লাভ হয় না—এই সমস্ত বিবেচনা করিয়া চলিতে পারিলে কেনই বা আধিভৌতিক তাপ উপস্থিত হইবে?। আধিদৈবিক তাপের কারণ—অসাবধানতা —অসাবধানে গমন প্রভৃতি কোন কার্য্য করা, নীতি ব্যবহারের অনুরোধে কখনই ঘটিবে না; ঊর্দ্ধমুখ গমন না করিলে নিম্নভাগের গর্ত্তে কেন প্রপতিত হইবে? পিচ্ছলে দৌড়িয়া চলিলেই আছাড় খাইবে—সাবধানের বশবর্ত্তী হইলে আধিদৈবিক তাপ কি প্রকারে উপস্থিত হইবে? অতএব আধ্যাত্মিক, আধিভৌতিক, আধিদৈবিক—এই তাপত্রয় আছে যথার্থ! ইহারা প্রাণীমাত্রেরই প্রতিকূল, ইহাও সত্য! এই দুঃখত্রয় ত্যাগ করিতে ইচ্ছাও সকলেরই! এই তাপত্রয় নষ্ট না হউক তিরোহিতও হইতে পারে; পরং তদুপায় পরিজ্ঞানার্থ শাস্ত্রান্বেষণে কোন প্রয়োজন নাই, চিকিৎসা প্রভৃতি লৌকিক উপায়ই অভীষ্ট সাধনে যথেষ্ট।—ইহা আপাতত সত্য বলিয়া ভান হয় বটে! কিন্তু ঐটি নিতান্ত অ-দূরদর্শিতার ফল। লৌকিক উপায়ে একান্ততা=অবশ্যম্ভাবিতা ও অত্যন্ততা=পুনরনুৎপাদতা নাই; যেমন জ্বরাদি শারীর তাপ উপস্থিত হইলে ঔষধি সেবনাদি উপায়ে তাহার অবশ্যই উপশম হইবে এরূপ নির্দ্ধারণ নাই, অন্যথা ধনবান্ উদ্যোগী সুচিকিৎসকবর্গের কখনই পুত্রশোক উপস্থিত হইত না; আরোগ্য হইতে পারে, নাও

হইতে পারে—অপরঞ্চ সেই জ্বরাদির এক কালিক অত্যন্তাভাব ঘটে না, অর্থাৎ একবার আরোগ্য হইলে পুনশ্চ সেই জ্বরাদি হইবে না,এরূপ স্থিরতা নাই, যদি কোন বিশেষ ঔষধবলে কখনই জ্বর না হয়, তথাপি উদরাময় বা অন্য একটি রোগ অধিকার করিতেই পারে, যেহেতু জ্বরের ঔষধ তাহার রোধক নহে, অথচ শরীরে কত রোগ সমুৎপন্ন হইতে পারে তাহার ইয়ত্তা করাও সহজ নহে। অতএব লৌকিক উপায় অতি অকিঞ্চিৎকর। এদিকে ত্রিবিধ দুঃখই অতিশয় প্রবল, তন্নিরাকরণার্থ =এককালে তদীয় মূলোৎপাটনার্থ—যাহাতে ঐ দুঃখ সকল অবশ্যই তিরোহিত হইবে এবং সেটি বা তেমনি একটি কখন পুনর্দ্দৃষ্ট হইবে না—এতাদৃশ উপায় লাভার্থ শাস্ত্র-বিষয়িণী জিজ্ঞাসা অবশ্য কর্ত্তব্য; যখন একমাত্র শাস্ত্রের আলোচনাতেই সেই প্রকৃত উপায় লাভ করা যাইবে এবং তাহা ভিন্ন দুঃখত্রয়ের একান্ত ও অত্যন্ত নিবৃত্তির গত্যন্তর নাই, তখন অনন্যগত্যা শাস্ত্রবিষয়েই জিজ্ঞাসা উপস্থিত হইল।

" দুঃখত্রয়াভিঘাতাৎ জিজ্ঞাসা তদপঘাতকে হেতৌ।
দৃষ্টে সা পার্থা চেৎ ন; একান্তাত্যন্ততো ভাবাৎ॥"

এইরূপে সাংখ্যাচার্য্য ভগবান্ কপিল—দুঃখকে জ্ঞাত, দুঃখমূল জগৎও আত্মার অভেদজ্ঞানকে জ্ঞাতমূল ও তদ্বিপরীত ভেদজ্ঞানকে জ্ঞাত নিবারণোপায় এবং ঐ দুঃখ, নিবৃত্তিকে জ্ঞাত-ফল বলিয়া স্বীকার করত স্বীয় মত প্রকাশে প্রবৃত্ত হইয়াছেন। ইনি ঐ ভেদজ্ঞানটি পরিষ্কার রূপে বোধ করাইবার জন্য এই দৃশ্যাদৃশ্য সমস্ত পদার্থের সমালোচনা করিয়া সামান্যত চতুর্ব্বিংশতি (২৪) ও বিশেষত ষষ্ঠি (৬০) সংখ্যা

নির্দ্ধারিত করিয়াছেন ; প্রমাণ প্রমেয় সমস্তই ইহার অন্তর্গত। এইজন্যই এই কপিল দর্শনখানি 'সাংখ্য' নামে অভিহিত হইয়া থাকে।

" সংখ্যাং প্রকুর্ব্বতে যস্মাৎ প্রকৃতিঞ্চ প্রচক্ষতে।
তত্বানি চ চতুর্ব্বিংশৎ তেন সাংখ্যং প্রকীর্ত্তিতম্ ॥"

সাংখ্যদর্শনের চতুঃশ্রেণী-ভুক্ত ও চতুর্ব্বিংশতি বা ষষ্ঠি অংশে বিভক্ত এই প্রমেয় সকল নির্ণয় করিতে হইলে, নির্ণায়ক আবশ্যক হইবে, অন্যথা ইহা কিরূপে স্থিরীকৃত হইতে পারে! এই নিমিত্তই দর্শন শাস্ত্রের আর একটি ভাগ প্রমাণ নামে ব্যবহৃত হইয়া থাকে। যাহা দ্বারা প্রমেয় সকল নির্ণীত হয়, তাহাকেই প্রমাণ বলা যায়।

প্রমা বা প্রমিতি শব্দে যথার্থ জ্ঞান, এই যথার্থ জ্ঞানের যে কারণ অর্থাৎ যাহা দ্বারা ঐ যথার্থ-জ্ঞান উৎপন্ন হয়, সেই সাধন বস্তুকে প্রমাণ বলা যায়। ইহাও জ্ঞান পদার্থ, কিন্তু প্রমেয়জ্ঞান যেরূপ পূর্ব্বোক্ত তিন প্রকার বিষয় ভেদে ইন্দ্রিয় গ্রাহ্য, বিচার সময়ে বিষয়াকার রূপেই পরিণত হয়—যেমন এ মনুষ্য কি না ? এই বিচারে মনুষ্য-জ্ঞানটিই প্রমেয় হইলেও আপাতত মনুষ্য শরীরটিকেই প্রমেয় বলিয়া বোধ হয়; প্রমাণ-জ্ঞান সেরূপ হইবার নহে; উহা সর্ব্বদাই স্বীয় আকারে অর্থাৎ জ্ঞানাকারেই প্রতিভাত হইতে থাকে। প্রমাণও সময়বিশেষে প্রমেয় হইয়া পড়ে, এই নিমিত্ত সকল প্রমাণ সকলের স্বীকার্য্য নহে। চার্ব্বাক দর্শনের মতে এক প্রকারই প্রমাণ ; বৌদ্ধ, আর্হত, জৈন প্রভৃতির মতে দুই প্রকার; পতঞ্জলি ও সাংখ্যাচার্য্যের মতে তিন প্রকার ; বৈশেষিক ও নৈয়ায়িকদিগের মতে

চারি প্রকার, বৈদান্তিকগণের মতে পাঁচ প্রকার, মীমাংসকদিগের মতে ছয় প্রকার, পৌরাণিকদিগের সপ্ত প্রকার।

প্রমাণ বিষয়ে মতভেদই প্রমেয়-নির্দ্ধারণে মতভেদের প্রকৃত কারণ। যদি সকলের মতে এক রূপই প্রমাণ হইত, তবে প্রমেয়-বিষয়েও এতাদৃশ মতভেদ ঘটিত না। যখন বিবিধ মতে বিবিধ প্রকার প্রমাণ দেখা যাইতেছে, তখন প্রমাণও প্রমেয়স্থল হইয়াছে তাহার সন্দেহ নাই। যাঁহারা একমাত্র প্রমাণ স্বীকার করেন, তাঁহাদিগকে দ্বিতীয় প্রমাণ স্বীকার করাইবার জন্য অবশ্যই বিচার উপস্থিত করিতে হইবে; যাঁহারা দ্বিতীয় প্রমাণও স্বীকার করিতেছেন, তাঁহাদের মতে সেই দ্বিতীয় প্রমাণটি প্রমেয় বলিয়া অবশ্য স্বীকার্য্য হইবে। বস্তুত যখন দার্শনিক দিগের প্রমাণানুযায়ী প্রমেয় স্বীকরণীয় এবং প্রমেয়াংশে পরস্পরের সম্পূর্ণ মতভেদ দেখা যাইতেছে, তখন তৎসমস্তই প্রমাণ-ভেদ-মূলক বলিতে হইবে; প্রমাণভেদই তাদৃশ প্রমেয়ভেদের মূল কারণ; এ অবস্থায় প্রমাণ-গুলিই যে আদৌ প্রমেয়-কোটি-সন্নিবিষ্ট হইবে তাহাতে সন্দেহ কি? এবং স্বমতানুযায়ী প্রমাণ স্বীকার করাইতে পারিলেই যে বাদী হস্তগত হইবে তাহাতেই বা আর বক্তব্য কি?॥

(ইতি পরিভাষা।)

अथ तस्मिन्नेव पर्षदि रत्नपाणिर्नाम बोधिसत्त्वो महासत्त्व उत्थायासना देकांश मुत्तरासङ्गं कृत्वा दक्षिणजानुमण्डलं पृथिव्याम्प्रतिष्ठाप्य येन भगवां स्तेनाञ्जलिं प्रणम्य भगवन्त मेतदवोचत्— किंकारणं भगवन्नीदृशं निमित्तं प्रादुर्भूतं दर्शितम् ?

भगवानाह—एष कुलपुत्रावलोकितेश्वरः सुखावत्या लोकधातो रागच्छति, तस्यागच्छमानस्येदं मग्रे ईदृशं निमित्तं प्रादुर्भूतं दर्शितम् !

अथ रत्नपाणिर्नाम बोधिसत्त्व आह—कीदृशानि तानि निमित्तानि दर्शयतु भवान् ।

भगवानाह— यदा कुलपुत्रावलोकितेश्वरो बोधिसत्त्वो महासत्त्व आगच्छति, तदा त्रिविधानि कल्पवृक्षा विस्तरन्ति, चूतवृक्षा विस्तरन्ति, कुन्दपुष्पाणि सततच्छायन्ते, चम्पकवृक्षा अभिनमन्ति । अतिपुष्पावकीर्णाः पुष्करिण्यः प्रादुर्भवन्ति । रत्नवृक्षशतानि ततो दृश्यन्ते। विविधानि पुष्पवर्षाणि पतन्ति, रत्नवर्षाणि च प्रवर्षन्ति, विविधानि च रत्न-मणि-मुक्ता-वज्र-वैदुर्य-शङ्ख-शिला-प्रवाल-जातरूप-रजत-ताम्राणि प्रवर्षन्ति, दिव्यानि च वस्त्रवर्षाणि पतन्ति । तस्मिन्नेव विहारसमीपे सप्त रत्नानि प्रादुर्भूतानि । तद्यथा—हस्तिरत्नं मणिरत्नम् अश्वरत्नं स्त्रीरत्नं गृहपतिरत्नं परिणायकरत्नम् । एवं सप्त रत्नाणि प्रादुर्भूतानि । भूमिः सुवर्णनिभासा संदृश्यते । यदा आर्य्यावलोकितेश्वरो बोधिसत्त्वो महासत्त्वः सुखावत्याः लोकधातो निःक्रान्तः, तदा सर्वपृथिवी षड् विकारं प्रकम्पिता ।

अथ रत्नपाणि र्बोधिसत्त्वो महासत्त्वो भगवन्त मेतदवोचत्—कस्य निमित्तानि भगवन्?

भगवानाह— एष कुलपुत्रार्थ्यावलोकितेश्वरो महासत्वो बोधिसत्व आगच्छति, तस्यैष शुभनिमित्त मीदृशं प्रादुर्भूतम्। यदा चलति स तदा मनोरमं पद्मवर्षः पतति। तदावलोकितेश्वरो सहस्रपत्राणि पद्मानि सुवर्णदण्डानि वैदुर्य्यनिर्भाषाणि गृहीत्वा येन भगवांस्तेनोपसङ्क्रान्तः। उपसङ्क्रम्य भगवतः पादौ शिरसा भिवन्द्य भगवत स्तानि पद्मान्युपनामयति स्म। इमानि ते भगवन्नमिताभेन तथागतेनार्हता सम्यक् सम्बुद्धेन प्रहितानि, स तथागतः पृच्छत्यल्पातङ्कताम्, लघुतां, सुखस्पर्शविहारिताञ्च। ततो भगवता पद्मानि गृहीत्वा वामपार्श्वे स्थापितानि। तदार्थ्यावलोकितेश्वरस्य गुणोद्भावनां कुरुते— कीदृशी त्वया अवलोकितेश्वर! कर्म्मभूमि निःपादिता, सदा प्रेतेषु अवीचावुपपन्नेषु?। कालसूत्र-रौरवोपपन्नेषु सत्वेषु, हाहे तपने प्रेतायने महानरके, अग्निघटे महानरके, शाल्मलिमहानरके, अन्धकाले महानरके, शीतोदके महानरके— एवं चान्येष्वपि महानरके ये उपपन्नाः सत्वा स्तेषाञ्च कर्म्मभूमिं दृष्ट्वा तत्र मया सत्वपरिपाको मे कृतः कर्त्तव्यश्च। कृत्वा सर्व्वं चानुत्तरायां सम्यक् सम्बुद्धौ प्रतिष्ठापयितव्या न च तावत् त्वयानुत्तरा सम्यक् सम्बोधिरभिसम्बोधव्या, यावत्समन्तादशभ्यो दिग्भ्यः सर्व्वसत्वोपपन्नाः सत्वा अरूपविशेषे निर्वाणधातौ न प्रतिष्ठापयिता भवेयुः॥

अथावलोकितेश्वरो बोधिसत्व इदं प्रश्नव्याहारं कृत्वा भगवतः पादौ शिरसाभिवन्द्यैकान्ते प्रक्रान्तः, प्रक्रमित्वा ज्वलन्निवाग्निपिण्ड आकाशेऽन्तर्हितः॥

इति तथागतसंवादो नामषष्ठ प्रकरणम्।

अथ रत्नपाणि र्बोधिसत्त्वो भगवन्त मेतदवोचत्—परिपृच्छेय महम्भगवन्! प्रश्नव्याहरणमुद्दिशं, कीदृशोऽवलोकितेश्वरस्य बोधिसत्त्वस्य महासत्त्वस्य पुण्यसम्भारः ?

भगवानाह—शृणु कुलपुत्र! निर्दिशयामि—अस्यावलोकितेश्वरस्य बोधिसत्त्वस्य महासत्त्वस्य नामग्रहणात् पुण्यसम्भारस्य प्रमाणम्। तद्यथा—अपि नाम कुलपुत्र! केचिदेव सत्त्वा गङ्गानदी-वालुकोपमास्तथागतार्हन्तः सम्यक्सम्बुद्धाः दिव्य-कल्प-पुष्प-धूप-गन्ध-माल्य-विलेपन-चूर्ण-चीवर-छत्र-ध्वज-घण्टा-पताकाभि र्विविधाभिः, चीवर-पिण्ड-पात्र-शयनासन-यान-प्रत्यय-भैषज्य-परिष्कारै रुपस्थिता भवन्ति, यश्च तेषान्तथागतानां पुण्यस्कन्धः प्रभवति, अवलोकितेश्वरस्यैक-वालाग्रे स पुण्यस्कन्धः। तद्यथा—अपि नाम कुलपुत्र! द्वादशमासिकेन संवत्सरेण चतुर्महाद्वीपेषु रात्रिन्दिव मविच्छिन्नन्देवो वर्षति, तच्छक्य मेकैकं बिन्दुं गणयितुम्! न तु कुलपुत्रावलोकितेश्वरस्य शक्यम्मया पुण्यसम्भारं गणयितुम्। तद्यथा—अपि नाम कुलपुत्र! महासमुद्रश्चतुरशीतियोजनसहस्राणि गाम्भीर्येण, अप्रमेयो वैपुल्येन, वडवामुखपर्यन्तं तन्मया शक्यमेकैकं बिन्दुं गणयितुम्! न तु कुलपुत्रावलोकितेश्वरस्य बोधिसत्त्वस्य महासत्त्वस्य शक्यते पुण्यसम्भारं गणयितुम्। तद्यथा—अपि नाम कुलपुत्र! चतुर्महाद्वीपेषु ये केचिच्चतुष्पादो सिंह-व्याघ्र-ऋक्ष-तरक्षु-मृगोष्ट्र-शृगालादयो गो-गर्दभाः पशवः हस्तिनोऽश्वा महिषा मार्जालादयः, एतेषु चतुष्पदेषु शक्यते मयैकैकं रोमं गणयितुम्! न तु कुलपुत्रावलोकितेश्वरस्य बोधिसत्त्वस्य महासत्त्वस्य शक्यते पुण्यसम्भारं गणयितुम्। तद्यथा—अपि नाम कुलपुत्र! कश्चिदेव कुलपुत्रो वा कुलदुहिता वा परमाणुरजोपमास्तथागता-

र्हतः सम्यक्सम्बुद्धा दिव्य-सौवर्ण-रत्नमयान् स्तूपान् कारयेत्सप्तमत-सहस्र-प्रमाणं, कारयित्वा चैकदिने ध्यानावरोपणं कुर्य्यात्स्यच्छक्यम्मया कुलपुत्र! तेषां सौवर्ण-रजतमयानान्तथागतानां करणेषु पुण्य-स्कन्धं गणयितुम्! न तु कुलपुत्रावलोकितेश्वरस्य बोधिसत्वस्य शक्यते पुण्यसम्भारं गणयितुम्। तद्यथा—अपि नाम कुलपुत्र! शक्यते मया शीर्षवनस्यैकैकं पत्राणि गणयितुम्! न त्ववलोकितेश्वरस्य शक्यते मया पुण्यसम्भारं गणयितुम्। तद्यथा—अपि नाम कुलपुत्र! चतुर्म्महाद्वीपेषु स्त्री-पुरुष-दारक-दारिकास्ते सर्व्वे स्रोतापत्तिफले सकृदागामिफलेऽनागामिफलेऽर्हत्वे प्रत्येकबोधौ नियोजयेयम्! यश्चैतेषु पुण्यस्कन्धः अवलोकितेश्वरस्य पूर्व्ववद्वालाग्रे स पुण्यस्कन्धः॥

इत्यवलोकितेश्वर-पुण्यस्कन्ध-कथनं नाम

सप्तम-प्रकरणम्॥

अथ रत्नपाणिर्बोधिसत्वो महासत्वो भगवन्तमेतदवोचत्—न मे भगवन्! कश्चिदीदृशः अचिन्त्यास्तथागतानां पुण्यस्कन्धो दृष्टो वा श्रुतो वा प्रागेव बोधिसत्त्वभूतस्य, यादृशो भगवतोऽवलोकितेश्वरस्य बोधिसत्वस्य पुण्यस्कन्धः।

भगवानाह—यत् खलु कुलपुत्र! मम सदृशाः गङ्गा-नदी-वालुकोपमास्तथागता अर्हन्तः सम्यक् सम्बुद्धा भवेयुस्ते चैकस्थाने धारयेयुः सत्काराय दिव्य-कल्प-चीवर-पिण्ड-पात्र-शयनासन-ग्लान-प्रत्यय-भैषज्य-परिष्कारैस्ते च तथागता अर्हन्तः सम्यक् सम्बुद्धाः सर्व्वैकत्र सन्निपात्यन्ते! सर्वे अवलोकितेश्वरस्य बोधिसत्वस्य महासत्वस्य न शक्नुवन्ति पुण्यस्कन्धं गणयितुम्। प्रागेव

कुलपुत्राह मेकाकी अस्मिन् लोकधातौ विहरामि, तत् कथं शक्नुयां तस्य पुण्यस्कन्धं वाचा व्याहर्त्तुम्। अपिच कुलपुत्र! सर्व्वे तथागता इत्थम्भो वाग्भिः एवं वाच मभाषन्त—'ते सत्वा सुखिता लोके भवन्ति ये अवलोकितेश्वरस्य बोधिसत्वस्य महासत्वस्य नामधेय मनुस्मरन्ति। ते जरा-मरण-व्याधि-शोक-परिदेव-दुःख-दौर्म्मनस्येभ्यः परिमुक्ता भवन्ति, ते आपश्चिमसांसारिकं दुःखं नानुभवन्ति, ते शुक्ल-पाण्डर-पटाइव राजहंसाः प्लुतवायुवेगाइव गच्छन्ति सुखावती-लोकधातु ममिताभस्य तथागतस्य सम्मुखं धर्म्म-श्रवणाय, धर्म्मं श्रुत्वा च सांसारिकं दुःखन्तेषां कायेन बाधते, न च राग-द्वेष-मोहेन जरा-मरणं, न च तेषां क्षुत्पिपासादुःखं कायेन बाधते, न च ते गर्भावासदुःख मनुस्मरन्ति, तस्मिन्नेव पद्मे जायन्ते। धर्म्मरसेन पूर्य्यमाणाः सततपरिग्रहं व्यवस्थापिताः तावदस्मिंल्लोकधातौ तिष्ठन्ति, याव दवलोकितेश्वरस्य बोधिसत्वस्य दृढ़प्रतिज्ञा न परिपूरिता भवति, सर्व्वसत्वा सर्व्वदुःखेभ्यः परिमोचिताः यावदनुत्तरायाः सम्यक् सम्बोधौ न प्रतिष्ठापिता भवन्ति॥

अथ रत्नपाणि र्बोधिसत्वो भगवन्त मेत दवोचत्—कतमेन कालेन भगवतोऽस्य दृढप्रतिज्ञां परिपूरयति, सर्व्वसत्वाश्च मोक्षमार्गे प्रतिष्ठापिता भवेयुः?

भगवानाह—बहुभिः कुलपुत्रकारणैः सत्वाः कारणात् संसारे संसरन्ति, देवतासत्वान् परिपाचयति, तेषां सत्वानां बोधिमार्ग्गं सुपदर्शयति। येन येन रूपेण वैनेयाः सत्वाः तेन तेन रूपेण धर्म्मन्देशयति॥—तथागत-वैनेयानां तथागतरूपेण धर्म्मन्देशयति। प्रत्येक-बुद्धवैनेयानां सत्वानां प्रत्येकबुद्धरूपेण धर्म्म-

न्देशयति। अर्हत्ववैनेयानां सत्वाना मर्हत्त्वरूपेण धर्म्मन्देशयति। बोधिसत्व-वैनेयानां सत्वानां बोधिसत्व-रूपेण धर्म्मन्देशयति। महेश्वर-वैनेयानां सत्वानां महेश्वर-रूपेण धर्म्मन्देशयति। नारायण-वैनेयानां सत्वानां नारायण-रूपेण धर्म्मन्देशयति। ब्रह्म-वैनेयानां सत्वानां ब्रह्म-रूपेण धर्म्मन्देशयति। इन्द्रवैनेयानां सत्वाना मिन्द्र-रूपेण धर्म्मन्देशयति। आदित्यवैनेयानां सत्वाना मादित्यरूपेन धर्म्मन्देशयति। चन्द्रवैनेयानां सत्वानां चन्द्ररूपेण धर्म्मन्देशयति। अग्निवैनेयानां सत्वाना मग्नि-रूपेण धर्म्मन्देशयति। वरुणवैनेयानां सत्वानां वरुणरूपेण धर्म्मन्देशयति। वायुवैनेयानां सत्वानां वायुरूपेण धर्म्मन्देशयति। नागवैनेयानां सत्वानां नागरूपेण धर्म्मन्देशयति। विघ्नपतिवैनेयानां सत्वानां विघ्नपतिरूपेण धर्म्मन्देशयति। यक्ष-वैनेयानां सत्वानां यक्षरूपेण धर्म्मन्देशयति। वैश्रवणवैनेयानां सत्वानां वैश्रवणरूपेण धर्म्मन्देशयति। राजवैनेयानां सत्वानां राजरूपेण धर्म्मन्देशयति। राजभटवैनेयानां सत्वानां राजभट्टरूपेण धर्म्मन्देशयति। मातृपितृवैनेयानां सत्वानां मातृपितृरूपेण धर्म्मन्देशयति। यथा यथा वैनेयानां सत्वानां तथा तथा रूपेण धर्म्मन्देशयति। एवं कुलपुत्रावलोकितेश्वरो बोधिसत्वो महासत्वः सत्वान् धर्म्मन्देशयति, परिपारयति, निर्वाण-भूमि मुपदर्शयति॥

इति वैनेय-धर्मोपदेशो नाम अमष्टम् प्रकारणम्॥

अथ रत्नपाणिर्बोधिसत्वो महासत्वो भगवन्त मेतदवोचत्— परमा श्चर्य्याद्भुतप्राप्तोऽहं भगवन्! न च मे कदाचि दृष्टाभि रीदृशो

विषयः दृष्टो वा श्रुतो वा। यादृशोऽवलोकितेश्वरस्य बोधिसत्वस्य महासत्वस्य विषय स्तादृश स्तथागताना मपि न संविद्यते ॥

भगवानाह—अस्ति कुलपुत्रास्मिन्नेव जम्बुद्वीपे वज्र-कुक्षिर्नाम गुहा, तत्रानेकान्यसुरकोटीनियुतशतसहस्राणि प्रतिवसन्ति स्म, तत्र कुलपुत्रावलोकितेश्वरो बोधिसत्वो महासत्वो असुररूपेण सुराणां धर्म्मन्देशयति। इमञ्च कारण्डव्यूह-महायान-सूत्ररत्नराज मुद्देशयति। धर्म्मश्रवणायागतानसुरानेवञ्च कथयति स्म—'असुराणान्धर्मं शृण्वन्तु भवन्तो ये चान्येऽसुरपर्षद स्ते मैत्रचित्ताः शान्तचित्ताः दयाचित्ताः सत्वाना मन्तिके हितसुखचिन्ताभावं समन्वाहृत्येमं कारण्डव्यूहं धर्म्मपर्य्यायं श्रोतव्यम्'।

अथ तेऽसुराः कृतकरपुटा अवलोकितेश्वरस्यान्तिक मिमं धर्म्मपर्य्यायं शृण्वन्ति स्म। ते सुखिता लोके ये ईदृशं चिन्तामणि सदृशं कारण्डव्युहं महायानसूत्ररत्नराज मभिमुखी कुर्वन्ति, शृण्वन्ति, श्रुत्वा चाभिश्रद्धास्यन्ति प्रतीष्यन्ति, लिखिष्यन्ति, लिखापयिष्यन्ति, धारयिष्यन्ति, वाचयिष्यन्ति, पूजयिष्यन्ति, चिन्तयिष्यन्ति, परेभ्यश्च विस्तरेण संप्रकाशयिष्यन्ति, भावयिष्यन्ति, परमप्रीत्या गौरवेणाध्याशयेन च नमस्कुर्व्वन्ति। तेषां च पञ्चानन्तर्य्याणि कर्माणि क्षेपयन्ति क्षेपयित्वा परिशुद्धकाया भविष्यन्ति, जातिस्मराश्च; मरण-काले द्वादश तथागता उपसंक्रमिष्यन्ति, ते च सर्व्वे तथागता आश्वासयिष्यन्ति माभैषीः कुलपुत्र! त्वया कारण्डव्यूहं महायान-सूत्ररत्नराजं श्रुतं, विविधा स्तेऽर्थमार्गाः सज्जीकृताः सुखावती-गमनाय च, तत्र सुखावत्यां लोकधातौ तवार्थे विचित्रञ्च ते छत्रं सिंहासनं सज्जीकृतं, दिव्य-मौली-कुण्डल-स्रग्-दाममीदृशस्य निमित्तम्, मरण-कालसमय-परिपन्थित एव

सुखावती मनुगच्छति। एवं स रत्नपाणे! प्रतिविशिष्टतरं पुण्य-फलं दर्शयन्नवलोकितेश्वरो बोधिसत्त्व महासत्त्वो निर्व्वाणिकीं भूमि मुपदर्शयति स्म, असुराणां निर्व्वाणपथ मुदर्शितं सर्व्वपाप-मति-निवारणार्थम्, अनुत्तरे बोधिमार्गे प्रतिष्ठापनार्थम्॥

अथ रत्नपाणि र्बोधिसत्त्वो महासत्त्वो भगवतः पादौ शिरसाभिवन्द्य तत्रैव प्रक्रान्तः॥

इति असुराश्वासनं नाम नवम-प्रकरणम्॥

अथ सर्व्वणीवरणविष्कम्भी भगवन्त मेतदवोचत्—अतिदुर्लभं भगवन्नस्यावलोकितेश्वरस्य विकुर्व्वितानि श्रूयन्ते गुणोद्भावनानि च॥

भगवानाह—अपिच कुलपुत्र! तस्माद्वज्रकुक्षेर्यदा निष्क्रान्तः, काञ्चन-मयां भूम्यां प्रविष्ट स्तदा गुणोद्भावनां शृणु, तदपि पूर्व्व-तरप्रवचनम्। तदपि समतिक्रम्य विश्वभूर्नाम तथागतोऽर्हन् सम्यक् सम्बुद्धो बभूव विद्याचरण-सम्पन्नः सुगतो लोकविदनुत्तरः पुरुष-दम्य-सारथिः शास्ता देवानाञ्च मनुष्याणां च बुद्धो भगवान् तेन कालेन तेन समयेनाहं सर्व्वणीवरणविष्कम्भी बोधिसत्त्वः क्षान्तिवादी ऋषिरभूत् गिरिगह्वरान्तरकूटस्थानवासी, मनु-ष्याणामवचरे पृथिवी-प्रदेशे व्यहरंस्तदा कालानुकालं मया तस्य विश्वभुवः तथागतस्य सकाशात् गुणोद्भावनावलोकितेश्वरस्य बोधिसत्त्वस्य महासत्त्वस्य श्रुता विविधसर्व्वसत्त्वपरिपाच-नम्। अस्ति सर्व्वणीवरणविष्कम्भी न सा काञ्चनमयी नाम भुमिरस्ति यदुत्तरस्यां काञ्चनमयां भूम्यां गत्वा अवलोकितेश्वरो बोधिसत्त्वो महासत्त्वो ऽधोमुखानां सत्त्वानां धर्म्मं देशयति स्म॥

অনন্তর সর্ব্বনীবরণবিষ্কম্ভী ভগবান্‌কে বলিলেন—ভগবন্! মহাসত্ত্ব অবলোকিতেশ্বর বোধিসত্ত্ব কত দিনে প্রত্যাগমন করিবেন?

ভগবান্ বলিলেন—বর্ণিত কুলপ্রদীপ অবীচি মহানরক হইতে নিঃসৃত হইয়া প্রেতনগরে গমন করিয়াছেন। সে স্থলে অনেক সহস্র প্রেতেরা তাঁহার সমক্ষে নৃত্য করিয়াছে, তন্মধ্যে কেহ কেহ দগ্ধস্তম্ভের ন্যায়, কেহ কেহ অস্থিমাত্রে নির্ম্মিত যন্ত্রবিশেষের ন্যায়, কেহ কেহ পর্ব্বতসদৃশ উদর ভরে আক্রান্ত, কাহার কাহারউ বা মুখ-চ্ছিদ্র সূচীবেধের অনুরূপ। (মহাসত্ত্ব অবলোকিতেশ্বর বোধিসত্ত্ব যৎকালে প্রেতনগর আক্রমণ করেন, তখন সেই প্রেতনগর শৈত্যভাব অবলম্বন করে—সেই বজ্ররূপ প্রাণঘাতিনী উল্কাও বিশেষরূপে উপশম প্রাপ্ত হইয়া থাকে—সেই বদ্ধ-ভিন্দিপাল*, নাগপাশধারী, লোহিত-নেত্র দ্বারপালেরা ইহাঁর প্রভাবে ভীত থাকিয়া সতত মৈত্রী-ভাব প্রকাশ করে, অধিকন্তু তাহারা বলে—আমাদের এতাদৃশ নির্দ্দয় কার্য্যালয়ে কর্ম্মচারী হইবার প্রয়োজন নাই।) আর্য্য অব-লোকিতেশ্বর সেই জীবসমূহকে তাদৃশ অবস্থায় দেখিয়া অতি-শয় করুণায় আর্দ্র হইয়া তাহাদিগকে স্বীয় হস্তদ্বয়ের দশ অঙ্গুলী দ্বারা দশটি বৈতরণী† উত্তীর্ণ করিতে লাগিলেন এবং স্বীয় পাদদ্বয়ের দশটি অঙ্গুলীর সাহায্যে অপর দশটি বৈতরণী উত্তীর্ণ করিতে লাগিলেন। সেই প্রাণীগণের নিকটে, অতিশয়

* ভিন্দিপাল হস্তপ্রমাণ ছোরা। ঐরূপ অস্ত্র যাহাদের কটিদেশে বদ্ধ আছে, তাহাকেই বদ্ধ-ভিন্দিপাল বলা যায়।

† "যমদ্বারে মহাঘোরে তপ্তা বৈতরণী নদী।"

করুণায় অভিভূতচিত্ত মহাসত্ব অবলোকিতেশ্বর বোধিসত্বের সমস্ত লোমকূপ হইতে অষ্টাঙ্গ বারিপূর্ণ মহানদী সকল প্রকাশ পাইতে লাগিল। সেই প্রেতপ্রাণীরা যখন সেই জল পান করে, তখনই বিপুল-কণ্ঠ* হয় এবং তখনই পরিপূর্ণ-গাত্রা হয়। তাহারা সেই রসাগ্রোপেত আহারে সম্যক্ প্রকার তৃপ্তিলাভ করে। তখন তাহাদের কথঞ্চিৎ সুস্থতানুসারে মনুষ্য-ধীষণার উদ্রেকে সাংসারিক চিন্তা উপস্থিত হইল—

আহা! সেই জম্বুদ্বীপের মানবগণ কেমন সুখী! যাহারা শীতল ছায়ায় বাস করে—তাহারা কেমন সুখী! যাহারা সতত মাতা পিতার আজ্ঞানুবর্ত্তী থাকিয়া তাঁহাদের সেবা করে—সেই সকল সাধুপুরুষেরা কেমন সুখী! যাহারা সর্ব্বদা সাধুসঙ্গ অন্বেষণ করে এবং সাধুদিগের আজ্ঞা প্রতিপালন করে—সেই সাধুপুরুষেরা কেমন স-চেতন! যাহারা সতত সবান্ধবে মহাপথে অবগাহন করে—এবং তাহারাই বা কেমন সাধুপুরুষ! যে আর্য্যেরা সেই মহাপথগামীদিগকে সাহায্য করে—তাহারা কেমন সাধুপুরুষ! যাহারা ধর্ম্মদণ্ড অভিলাষে কোটরে বাস করে—তাহারা কেমন সাধুপুরুষ! যাহারা চটিত স্ফুটিত‡ বিহারের** প্রতিসংস্কার করে ও সংস্থাপন করে—তাহারা কেমন সাধুপুরুষ! যাহারা চটিত স্ফুটিত জীর্ণ স্তূপ†† সকলের সংস্কার করে—তাহারা কেমন সৎ-

* জলাভাবে কণ্ঠশোষ উপস্থিত হয়, তারল্যে কণ্ঠের বৈপুল্য হয়।
† স্ফূর্ত্তিসম্পন্ন। ‡ ভাঙ্গা ফোটা। ** বিহার—বৌদ্ধদেবালয়।
†† বৌদ্ধদিগের সমাধি-মৃৎ-পিণ্ড।

পুরুষ! যাহারা সূত্ররাজ* গ্রন্থের লেখক, ধারক, বাচক, ব্যাখ্যাতা, শ্রোতাদিগের সর্ব্বদা সবান্ধবে সেবা করে এবং তাহাদিগের সমীপবাসী হয়—তাহারা কেমন সাধুপুরুষ! যাহারা তথাগতের† উপদেশ-দান-স্থল ও ভ্রমণস্থানীয় বিবিধ ধর্ম্ম সরোবরাদি দেখিতেছে—তাহারা কেমন সাধুপুরুষ! যাহারা প্রত্যেক বুদ্ধের ভ্রমণস্থানসকল দেখিতেছে—তাহারা কেমন সাধুপুরুষ! যাহারা অর্হৎদিগের ভ্রমণস্থানসকল অবগত আছে—তাহারা কেমন সাধুপুরুষ! যাহারা বোধিসত্বগণের হর্ষহেতু ভ্রমণস্থানসকল অবগত আছে!!।

এইরূপে চিন্তা করিতে২ যথাকাম শরীর লাভপূর্ব্বক প্রেতশরীর পরিত্যাগ করিতেছে। তখন সেই বোধিসত্বের নিকট হইতে "কারণ্ডব্যূহ" নামক মহাযান সূত্র-রত্ন-রাজ শব্দ নিঃসৃত হইতে থাকে—তখন তাহারা সকলে বিংশতি শৈলশিখরে সমুন্নত ও পবিত্র শরীরস্থ দৃষ্টিতে প্রদৃশ্য পর্ব্বতরাজি জ্ঞানবজ্রে ভেদ করত সুখাবতী লোকে উপস্থিত হইয়া আকাঙ্ক্ষিতমুখ নামক বোধিসত্বরূপে পরিগণিত হইতে লাগিলেন।

এইরূপে যখন অবলোকিতেশ্বর সেই সমস্ত প্রাণিগণকে ত্রাণ ও পরিমুক্ত করিলেন—যখন তাহারা সকলে বোধিসত্ব শ্রেণীতে গণিত হইতে লাগিল, তখন তিনি সেই প্রেতনগর হইতে পুনরাগমন করিতে লাগিলেন॥

ইতি সত্বধাতু পরিমোক্ষণ নামক তৃতীয় প্রকরণ।

---

*কারণ্ডব্যূহ প্রভৃতি। † বৌদ্ধদেব বিশেষ।

অনন্তর সর্ব্বণীবরণ বিষ্কম্ভী পুনশ্চ বলিলেন—ভগবন্! মহাসত্ত্ব অবলোকিতেশ্বর বোধিসত্ত্ব অদ্যাপি আসিতেছেন না?

ভগবান্ বলিলেন—হে কুলপ্রদীপ! অনেকানেক কোটি২ নিযুত২ লক্ষ২ প্রাণিগণকে পরিশুদ্ধ করিতেছেন—প্রতিদিন স্থানে স্থানে ভ্রমণ করত পরিশুদ্ধ করিতেছেন। কুলপুত্র! অধিক কি, মহাসত্ত্ব আর্য্য অবলোকিতেশ্বরের যাদৃশ প্রভাব, এতাদৃশ প্রভাব বোধ হয় তথাগতেরও নাই।

অনন্তর সর্ব্বণীবরণবিষ্কম্ভী বলিলেন—ভগবন্! সে কি প্রকার?

ভগবান্ বলিলেন—ভূতপূর্ব্ব কুলপুত্র, অতি পূজনীয়, তথাগত সম্প্রদায়স্থ, বিদ্বান্, বিপশ্বী নামক এক ব্যক্তি উৎপন্ন হইয়াছিলেন। সেই সময়ে বিদ্যাচরণ সম্পন্ন, লোকবিৎ, সর্ব্বশ্রেষ্ঠ মান্যমান্, ইন্দ্রিয় সমস্তের দময়িতা, দেবগণ ও মনুষ্যগণের শাস্তা, ভগবান্ 'সুগত', বুদ্ধসম্প্রদায়ের উপদেষ্টা ছিলেন—হে সর্ব্বণীবরণ বিষ্কম্ভিন্! সেই সময়ে আমি সুগন্ধমুখ নামক বণিক্তনয় ছিলাম। তখনই বিপশ্বী নামক তথাগতের নিকটে আর্য্য অবলোকিতেশ্বরের গুণ কীর্ত্তন শ্রুত হইয়াছি।

অনন্তর সর্ব্বণীবরণ বিষ্কম্ভী ভগবান্কে বলিলেন—হে ভগবন্! আপনি তাঁহার গুণ বর্ণনা কি প্রকার শুনিয়াছেন? হে ভগবন্! এই সমস্ত উপদেষ্টার শ্রেষ্ঠ ভগবন্মানস আপনি, মহাসত্ত্ব আর্য্য অবলোকিতেশ্বর বোধিসত্ত্বের গুণ বর্ণনা যেরূপ শুনিয়াছেন, তাহা আমাকে অবগত করুন।

ভগবান্ বলিলেন—তাঁহার চক্ষুদ্বয়ে চন্দ্র ও আদিত্য উৎ-

পন্ন হন, ললাটহইতে মহেশ্বর, স্কন্ধসকল হইতে ব্রহ্মাপ্রভৃতি, হৃদয়হইতে নারায়ণ, ঊর্দ্ধাধোভাগে অবস্থিত ওষ্ঠাধর হইতে সরস্বতী, মুখ হইতে বায়ুসকল, পদদ্বয়হইতে মেদিনী ও উদর হইতে বরুণ সমুৎপন্ন হইয়াছেন। এই যে সমস্ত দেবগণ আর্য্য অবলোকিতেশ্বরের শরীরহইতে উৎপন্ন হইয়াছেন— তন্মধ্যে মহাসত্ত্ব আর্য্য অবলোকিতেশ্বর বোধিসত্ত্ব দেবপুত্র মহেশ্বরকে ইহা বলিয়াছিলেন—তুমি কলিযুগ উপস্থিত হইলে আদিদেব নামে কথিত হইবা। আরও বলেন—যে সকল প্রাণীরা এই সমস্ত দেবতার গুণানুবাদ করিবে তাহারা সকলেই বোধিপথ হইতে বিচ্যুত হইবে।

তথাগত সম্প্রদায়স্থ কুলপুত্র বিপশ্বীর নিকটে আর্য্য অবলোকিতেশ্বরের এই প্রকার গুণ বর্ণনা শ্রুত হইয়াছি॥

ইতি চন্দ্রাদ্যুৎপত্তি নামক চতুর্থ প্রকরণ।

—০ঃ-ঃ০—

তাহার কিছুদিন পরে পূজনীয় শিখী নামক তথাগত সম্যক্ জ্ঞানী হইয়া উঠিলেন। সেই সময়েও বিদ্যাচরণ সম্পন্ন, লোকবিৎ, সর্ব্বশ্রেষ্ঠ মান্যমান্, ইন্দ্রিয় সমস্তের দময়িতা, দেবগণ ও মনুষ্যগণের শাস্তা, ভগবান্ সুগত বুদ্ধ সম্প্রদায়ের উপদেষ্টা ছিলেন—হে সর্ব্বণাবরণ বিষ্কম্ভিন্! সেই সময়ে আমি মহাসত্ত্ব দানশূর বোধিসত্ত্ব নামে বিখ্যাত ছিলাম; তখনই শিখিনামক তথাগতের নিকটে মহাসত্ত্ব অবলোকিতেশ্বর বোধিসত্ত্বের গুণ কীর্ত্তন শ্রুত হইয়াছি।

অনন্তর সর্ব্বণীবরণ বিষ্কম্ভী ভগবানকে ইহা বলিলেন— ভগবন্! আপনি আর্য্য অবলোকিতেশ্বরের গুণ বর্ণনা কি প্রকার শ্রবণ করিয়াছেন ?

ভগবান্ বলিলেন—যখন সমস্ত দেবগণ, নাগগণ, যক্ষগণ, গন্ধর্ব্বগণ, রাক্ষসগণ, অসুরগণ, মরুদ্গণ, গরুড়গণ, কিন্নরগণ মহোরগগণ, মনুষ্যগণ আসিয়া উপস্থিত হওত একত্রিত হইয়াছিল—যখন ভগবান্ মহাসমারোহ দেখিয়া সেই সভা সকলের মধ্যে ধর্ম্মচর্চ্চা করিতে আরব্ধ করেন, তখন সেই মহোদয়ের মুখহইতে বিবিধ বর্ণের বহুতর রশ্মি নিঃসৃত হইতেছিল, ঐরূপ নিঃসৃত হইয়া দিগ্ বিদিগ্ সমস্ত ধাতুর সমস্ত লোককে প্রকাশিত করত প্রত্যাবৃত্ত হইয়া শিখী মহোদয়কে বারত্রয় প্রদক্ষিণ করিয়া ঐ ভগবানেরই মুখে প্রবিষ্ট হইল ॥

ইতি বিবিধ-রশ্মি-নিঃসরণ নামক পঞ্চম প্রকরণ।

সর্ব্বণীবরণ বিষ্কম্ভিসংবাদ-নামক প্রথম কাণ্ড সমাপ্ত ॥

—০:-:০—

অনন্তর পূর্ব্ববর্ণিত সেই মহা সভার মধ্যে অবস্থিত মহাসত্ত্ব রত্নপাণি নামক জনৈক বোধিসত্ত্ব কিঞ্চিৎ উত্থিত হওত স্বীয় আসনের একাংশ দক্ষিণ ভাগ অবলম্বন পুরঃসর জানুমণ্ডল পৃথিবীতে সংস্থাপন করত ভগবানের অভিমুখে উপবিষ্ট হইয়া প্রণতি-পূর্ব্বক কৃতাঞ্জলিপুটে ইহা বলিতে লাগিলেন—

ভগবন্! এ প্রকার নিমিত্ত* কি কারণে প্রাদুর্ভূত হইতে দেখা যাইতেছে?

ভগবান্ বলিলেন—হে কুলপুত্র! এই মহাসত্ত্ব আর্য্য অবলোকিতেশ্বর বোধিসত্ত্ব সুখাবতী† লোক হইতে আগমন করিতেছেন। তদীয় আগমন কালে আমি অন্যান্য প্রকার নিমিত্তও দেখিয়াছি।

অনন্তর রত্নপাণি বোধিসত্ত্ব বলিলেন—ভগবন্! সে সকল নিমিত্ত কিরূপ অবগত করুন।

ভগবান্ বলিলেন—হে কুলপুত্র! মহাসত্ত্ব আর্য্য অবলোকিতেশ্বর বোধিসত্ত্ব যৎকালে আগমন করেন, তখন বিবিধ কল্প বৃক্ষ সকল বিস্তৃত হইয়াথাকে, চ্যুত বৃক্ষসকল বিস্তৃত হইয়াথাকে, অসময়েও কুন্দ পুষ্প সকল উৎপন্ন হয়, চম্পক বৃক্ষ সকল পুষ্পভারে অবনত হইতে থাকে। বিবিধ জল পুষ্পে সমাচ্ছন্ন পুষ্করিণী সকল প্রাদুর্ভূত হইয়াথাকে। কিয়দ্দূরেই শত শত রত্নবৃক্ষ দেখিতে পাওআ যায়। বিবিধজাতি পুষ্পের বর্ষণ উপস্থিত হয়, রত্ন-বৃষ্টিও হয়, নানা প্রকার রত্ন-মণি-মুক্তা-বজ্র-বৈদুর্য্য-শঙ্খ-শিলা-প্রবাল-হিরণ্য-রজত-তাম্রাদি বর্ষিতে থাকে, দিব্য বসন সকলও বৃষ্টিরূপে পতিত হইতেথাকে। তাদৃশ সময়েই বিহারের‡ নিকটে সপ্তটী রত্ন প্রাদুর্ভূত হইয়াছিল; যথা—চক্ররত্ন(১), হস্তিরত্ন(২), মণিরত্ন(৩), অশ্বরত্ন(৪), স্ত্রীরত্ন(৫], গৃহপতিরত্ন(৬), পরিণয়-

---

* ভাবী শুভাশুভ-সূচক ব্যাপার।

† স্বর্গ। ‡ বিহার—বৌদ্ধদেবালয়।

রত্ন (৭)—এই সপ্তটি রত্ন প্রাদুর্ভূত হইয়াছিল*। ভূমি সুবর্ণকান্তি ধারণ করিয়াছিল। মহাসত্ত্ব আর্য্য অবলোকিতেশ্বর বোধিসত্ত্ব যখন সুখাবতীলোক হইতে নিষ্ক্রমণ করিলেন, তখন সমস্ত পৃথিবী কিঞ্চিৎ বিকারের সহিত কম্পিত হইয়াছিল।

অনন্তর মহাসত্ত্ব রত্নপাণি বোধিসত্ত্ব, ভগবান্‌কে বলিলেন —হে ভগবন্! পুনশ্চ এই সমস্ত নিমিত্ত দৃষ্ট হইতেছে, ইহা কাহার?

ভগবান্ বলিলেন—এই কুলপুত্র আর্য্য অবলোকিতেশ্বর মহাসত্ত্ব বোধিসত্ত্ব আসিতেছেন, তাঁহারই এই প্রকার শুভ নিমিত্ত প্রাদুর্ভূত হইয়াছে যখন তিনি চলিতে আরম্ভ করেন, তখনই মনোহর পদ্ম বৃষ্টি হইতে থাকে; তখন আর্য্য অবলোকিতেশ্বর সুবর্ণদণ্ড, বৈদূর্য্য-মণি-কান্তি, সহস্রপত্র, পদ্ম গ্রহণপূর্ব্বক যে দিকে ভগবান্ বুদ্ধদেব আছেন, সেই দিকে গমন করেন; তথায় গমন করিয়া ভগবানের পদদ্বয়ে মস্তকাবনত পুরঃসর বন্দনা করত, তাঁহার নিকটে সেই পদ্মগুলি উপহার প্রদান করেন। এইরূপে পদ্মপুষ্পগুলি সেই অপ্রতিম তেজস্বি-কর্ত্তৃক প্রদত্ত হইলে তাহা প্রোক্ত ভগবানের বামপার্শ্বে স্থাপিত হইয়া থাকে এবং তিনি তাঁহাকে অল্প আতঙ্কের বিষয়ে, লঘুতার বিষয়ে ও সুখস্পর্শ বিহারের বিষয়ে জিজ্ঞাসা করেন; এবং তখন মহাসত্ত্ব আর্য্য অবলোকিতেশ্বর বোধিসত্ত্বের প্রংশসা করেন। (জিজ্ঞাসা—) আর্য্য অবলোকিতেশ্বর! পাপিগণের কর্ম্মভূমির কার্য্য কিরূপ নিষ্পন্ন

* পাঠকগণ! এতাবতা বৌদ্ধদিগের মতে এই সাতটি পদার্থই এজগতে সার পদার্থ।

विदूषकः । अहो ! ते णागरत्तणं किं तए पुरदो भवीअ णाणुणीदा केच्चिरं वा चंदे पसारिदकरे अवि सदुकंदोट्टा णीलुप्पमिणी चिठ्ठदि ।*

राजा । (सखेदस्मितम्) तदनुध्यानपरतन्त्रचेतसा धारयितुं न पारिता किं पुनरनुनेतुम् ।

विदूषकः । सच्चकं तए किदे णडे दिठ्ठे मुंडिदे उवविठ्ठो पई मुंडिदो त्ति † ।

राजा । (सखेदस्मितम्) भगवत्यासि सत्यमप्रतिहतासि । ननु विचारय चिरम् ।

क्व पातव्या ज्योत्स्नामृतभुवनगर्भाऽपि तृषितै-
र्मृणालीतन्तुभ्यः सिचयरचना कुत्र भवतु ।
क्व वाऽपारो मेयो बत बकुलदाम्नां परिमलः
कथं स्वप्नः साक्षात् कुवलयदृशं कल्पयतु ताम् (१) ॥२०॥

---

* अहो ! ते नागरत्वं किं तया पुरतो भूत्वा नानुनीता ? कियच्चिरं वा चन्द्रे प्रसारितकरे अविकसितकमला नीलोत्पलिनी तिष्ठति ?

† सत्यं, त्वया कृतं—'नटे दृष्टे मुण्डिते उपविष्टः पतिर्मुण्डितः' इति ।

१—अमृतस्य भुवनानि गर्भे यस्याः तादृश्यपि ज्योत्स्ना चन्द्रिका तृषितैः क्व पातव्या भवति ? न क्वापीत्यर्थः । मृणालीतन्तुभ्यः सिचय-रचना कुत्र भवतु ? न क्वापीत्यर्थः । अथवा बकुलदाम्नां अपारः परिमलः क्व बत ! ? न क्वापीत्यर्थः । एवं स्वप्नः तां कुवलयदृशं साक्षात् कथं कल्पयतु ? न कथमपि ।

(स्मृतिमभिनीय हृदयदेशमवलोक्य च)

स्वप्नः किमेष किमु संविदियं च साक्षाज्-

ज्ञानं किमेतदुभयात्मकमन्यदेव !

यद्दृश्यते न खलु सा तरलायताक्षी

कण्ठप्रदेशमधिरोहति चैष हारः ॥२१॥

विदूषकः। मण्णे णिसारंभपिणद्धेण णिअहारेण विप्पलद्धोसि*।

राजा। (मदनानुकूलमभिनीय)

बाणान् संहर मुञ्च कार्मुकलतां लक्ष्यं तव त्र्यम्बकः

के नामात्र वयं शिरीषकलिकाकल्पं यदीयं मनः।

तत्कारुण्यपरिग्रहात् कुरु दया मय्यस्मिन्विधेये जने

स्वामिन्! मन्मथ तादृशं पुनरपि स्वप्नाद्भुतं दर्शय ॥२२॥

विदूषकः। एसो सो तुमं सिविणअलद्धेहिं मोदएहिं गामं उवणिमंतेसि ता एहि गच्छअ देवीं पसादेह्म। वरं तक्कालोपगदा तित्तिरी णउण दिअहन्तरिदा मोरी†।

राजा। यदभिरुचितं भवते।

---

*मन्ये निशारम्भपिनद्धेन(१) निजहारेण विप्रलब्धोसि (२)।

†एष स त्वं स्वप्नलब्धैर्मोदकैर्ग्राममुपनिमन्त्रयसि? (३) तदेहि गत्वा देवीं प्रसादयावः। वरं तत्कालोपगता तित्तिरी न पुनर्दिवसान्तरिता मयूरी।

१—पिनद्धं परिहितं वस्त्रादि।

२—विप्रलब्धः वञ्चितः।

३—स्वप्ने मोदकान् लब्ध्वा तानेव भोजयितुं ग्राम-वासिनां समस्तानां निमन्त्रणं करोषि !

विदूषकः। पणअपणमंतसामंतसहस्ससङ्कुलमत्थाणीमंडवमग्गमुज्झिअ इमिणा खिडकिआदुवारेण मअरंदुज्जाणमाविसीअ गच्छह्म *। तथा कुरुतः।

नेपथ्ये। सुखाय वसन्तावतारो भवतु देवस्य। संप्रति हि—

गर्भग्रन्थिषु वीरुधां सुमनसो मध्येऽङ्कुरं पल्लवा
वाञ्छामात्रपरिग्रहः पिकवधूकण्ठोदरे पञ्चमः।
किं च त्रीणि जगन्ति जिष्णुदिवसैर्द्वित्रैर्मनोजन्मनो
देवस्यापि चिरोज्झितं यदि भवेदभ्यासवश्यं धनुः (२)॥२३॥

सपदि सखीभिर्निभृतं विरहवतीस्त्वातुमत्र भुजान्ते।
सहकारमञ्जरीणां शिखोद्गमग्रन्थयः प्रथमे॥२४॥

राजा। अये! सुरभिसमयारम्भः सैवेयं मन्मथसैन्यसामग्री।

विदूषकः। बंदिअणपब्वंतसिसुभावो उअवणदीसंतथोअवित्थारो सुरभिसमयारंभो त्ति किं णेदमणवरदसारणोसि‌अ

* प्रणयप्रणमत्सामन्तसहस्रसंकुलमास्थानीमण्डपमार्गमुज्झित्यअनेनापवरकद्वारेण (१) मकरन्दोद्यानमाविश्य गच्छावः।

१—प्रणयैः न तु भीत्यादिभिः, प्रणमन्ति सामन्त-सहस्र-सङ्कुलाः बहुतर-श्रेष्ठ-प्रजासमुदाया यत्र तम् आस्थानीमण्डपम् सभामण्डपं तस्य मार्गम् पन्थानम्। उज्झित्य विहाय—अनेन अपवारक-द्वारेण (खिड़कि दुआर इति प्रसिद्धेन) गुप्तद्वारेण।

२—समयं वर्णयति, तेनैव व्याजेन प्रकृतावस्थापि वर्णिता भवति। तथाहि—वीरुधां लतानां सुमनसः गर्भ-ग्रन्थिषु पुष्पाणि समवलोकन्ते न तु ग्रन्थिभ्यो बहिः प्रस्फुटितानि इति भावः। एवं पल्लवाः मध्याङ्कुरम् अङ्कुरेभ्यो मध्ये दृश्यन्ते। पञ्चमः स्वरश्च पिकानां कोकिलानां याः वध्वः तासां कण्ठाना मुदरे मध्ये वाञ्छामात्र परिग्रहः सन्नवतिष्ठति, कालं प्रतिचरति इत्याशयः। किञ्च मनोजन्मनः मनसिजस्य कामस्य देवस्य धनुः चिरोज्झितं चिरात् त्यक्तम् भवेत्! यदि अभ्यासेन वश्यमपि द्वित्रैः दिवसैरेव त्रीणि जगन्ति-जिष्णु जयशीलं तर्हिकिम्? न कथमपीत्याशयः।

सुकुमारासु केलिवणवसुंधरासु अधिकविथ्थारी सुरभिसमयारंभः *।

राजा। ततश्च।

साम्यं संप्रति सेवते विचकिलं षाण्मासिकैर्मौक्तिकैः
वाल्हीकोदशनच्छटारुणतरैः पत्त्रैरशोकैश्चितः।
भृङ्गालङ्कितकोटिकिंशुकमिदं किंचिद्विवृन्तायते
माञ्जिष्ठस्तबकैश्च पाटलितरोरन्यैव का चिल्लिपिः (१) ॥२५॥

(विचिन्त्य

विदूषकः। कलमकूरकुभंडपांडरेसुं सितसिंदुवारफुल्लेसुं तक्कालकिदमंजिठ्ठेसुं असो अपल्लवेसुं णिज्जिदमंजिठ्ठाधूसरिदमणहरेसुं माहवीकुसुमेसुं दधिसरिच्छेसुं णोमालिआमुउलेसुं दरावट्टिटदट्टुवसु विचइल्लफुल्लेसुं णीसेसकुसुमसपदं वज्जीअ भममाणा संसज्जदि मे दिठ्ठो †।

र: सुरभिसमयारम्भ इति किं नेदमनवरतसारणीसिक्तसुकुमारासु केलिवनवसुन्धरासु अधिकविस्तारी सुरभिसमयारम्भः।

* बन्दिवचनश्रूयमाणशिशुभावउपवनदृश्यमानस्तोकविस्ता-

† कलमाङ्कुरकूष्माण्डरेषु सितसिन्दवारपुष्पेषु तत्काल

१—सम्प्रति वसन्ते किञ्चित् प्रौढ़िभावागते—विचकिलं मदन-नामक तरुकुसुमं षाण्मासिकैः षण्मासा परिमाणं येषां तत्परिमितै गुरुभिः मौक्तिकैः साम्यं सेवते। अशोकः वृक्षः वाह्लीकीनां दशनच्छटा सदृशैः अरुणतरैः पत्त्रैः चितः समाच्छन्नः दृश्यते। ५—कंशुकं पलास-कुसुमं भृङ्गेण भ्रमरेण आलङ्किता अधिष्ठिता कोटिः अग्रभागो यस्य तादृशं सत् विवृन्तायते विशेष वृन्तेन युक्तमिव भवति पलास-वृन्तस्य श्यामलेन पुरःस्थितो-भृङ्गस्यापि श्यामत्वेन अग्रे पश्चाच्च वृन्तम् इव लक्ष्यते। मञ्जिष्ठस्तवकैः रक्तवर्ण-पुष्पगुच्छैः पाटलितरोः (पारुल् इति ख्यातस्य) अन्यैव अन्यप्रकारा अपूर्व्वा एव काचित् लिपिः रचना इव भातीति शेषः।

পৃথিবী-বিভাগ।

১ম—অগ্নিদেবতা।

" অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেব
মৃত্বিজম্। হোতারং রত্নধাতমম্॥"

(ঋ০১ ম০ ১ অনু০ ১ অষ্ট০ ১ অ০ ১ সূ০ ১ ঋ০)

" অগ্নিম্ দেবম্" অগ্নি দেবতাকে " ঈলে" স্তব করি। প্রত্নকত্রগণ! রন্ধনাগারে (অত দূর কেন!) ধূমপানে (তাহাই বা কেন!) বিভাবরী-প্রকাশে, যে অগ্নি দেখিতে পান, সেই অগ্নিই এ মন্ত্রের দেবতা অর্থাৎ এই মন্ত্রে সেই অগ্নির প্রশংসা সূচিত হইতেছে, সেই অগ্নির উপাসনাতেই এই মন্ত্র প্রযুক্ত হইয়া থাকে। এ স্থলে অনেকে বলিতে পারেন—এই দৃশ্যমান অগ্নি, অগ্নিদেবতা নহেন, অগ্নিদেবতা অগ্নিলোকে আছেন, তিনি একজনা দিক্‌পাল; যজ্ঞকালে এই অগ্নিতে তাঁহার আবির্ভাব হইয়া থাকে। পরং যিনি যাহা বলুন, যখন দেব শব্দের অর্থ দীপ্তিমান্; ঋগ্-ভাষ্যকার প্রভৃতি স্পষ্ট লিখিয়াছেন—" দেবশব্দে দান, দীপন, দ্যোতন—এই অর্থত্রয়ের কোন একটি কোন এক স্থলে যথাসম্ভব গৃহীত হইয়া থাকে, দীপন ও দ্যোতনে অর্থগত কোন ভেদ না থাকিলেও ধাতুগত ভেদ আছে; অগ্নি যজ্ঞের দাতা অর্থাৎ যজ্ঞের নিষ্পাদয়িতা (কারণ অগ্নি না থাকিলে হোমকার্য্য নিষ্পন্ন হইতে পারে না) এবং দীপ্তিমান্ও বটেন অতএব অগ্নিকে দেব বলা যায়; যাস্ক বলিয়াছেন—'যে দেব সেই দেবতা'; এতা-

বতা এই দহনাত্মক অগ্নি ব্যতিরিক্ত এই মন্ত্রে উপাস্য অন্য কোন দেবতার অন্বেষণ করিতে হইবে না” এতদূর স্পষ্ট পরিচয় থাকিতেও অন্য এক ছাগ-রূঢ় দেবতার স্বীকার নিতান্ত ছাগবুদ্ধির কার্য্য তাহাতে সন্দেহ কি ?।

বেদত্রয়ের ব্যাখ্যাতা ভগবান্ সায়নাচার্য্য বলেন— অগ্নি অগধাতু হইতে নিষ্পন্ন হইয়াছে, ঐ ধাতুর অর্থ কম্পন; অগ্নিশিখার বা জ্বলন্ত অঙ্গারের কম্পন-স্বভাব প্রসিদ্ধই রহিয়াছে। অন্যান্য ভাষ্যকারেরাও তৃণ অরণি মন্থনে সমুৎপন্ন দহনাত্মক এই ব্যবহ্রীয়মান অগ্নিকেই অগ্নিদেবতা বলেন। নিরুক্তকার—অগ্র শব্দপূর্ব্বক নী ধাতু হইতে ইন্ প্রত্যয় করিয়া যাহা প্রথমে যজ্ঞে নীয়মান হয় তাহাকে অগ্নি বলেন। অঙ্গ শব্দ পূর্ব্বক নী ধাতু হইতে ক্বিপ্ প্রত্যয় করিয়া, যাহা তৃণাদি দাহে স্বীয় অঙ্গ নয়ন করে, সেই অগ্নি; যাস্ককৃত এতাদৃশ ব্যাখ্যানেও তাহাই লব্ধ হয়। স্থৌলাষ্ঠীবী আচার্য্য— ন অব্যয় পূর্ব্বক ক্নুপধাতু হইতে কিন্ প্রত্যয় করিয়া অগ্নি পদ সিদ্ধ করিয়াছেন; তাঁহার মতে—যে পদার্থ স্নেহের বিরোধী অর্থাৎ যাহার শক্তিতে স্নেহ (রস) বিনষ্ট হয়, তাহাই অগ্নি; ইহাতেও এই অগ্নি। শাকপূণি আচার্য্যের মতে— অঞ্জ, (বা দহ,) নী এই ধাতুত্রয় হইতে অগ্নি শব্দ নিষ্পন্ন হইয়া থাকে। ই ধাতুর অর্থ—গতি, অঞ্জ ধাতুর—অভিব্যক্তি, (দহ ধাতুর—দাহ,) নী ধাতুর প্রাপ্তি। ঋগ্‌-ভাষ্যে তদনুরূপ ব্যাখ্যানে প্রবৃত্ত আচার্য্য বলিয়াছেন—যে, ধাতুত্রয় মিলিত হইয়া অগ্নিপদ নিষ্পন্ন হইয়া থাকে সুতরাং যে, যজ্ঞভূমীতে গমন করে, সমিৎপ্রভৃতি কাষ্ঠ দহন করে, হবিকে পকাব স্থ

প্রাপ্ত করায়, তাহাই অগ্নি। প্রসিদ্ধ ভাষ্যকার দেবরাজ-যজ্বা—তদনুসারেই ব্যাখ্যান করেন—তিনি বলেন কাষ্ঠাদির দাহক ও রূপের অভিব্যঞ্জক অগ্নি। এই সমস্ত বৈদিক মন্ত্রগত অগ্নিপদের ব্যাখ্যানে এই অগ্নিই যে অগ্নিদেবতা ইহা স্পষ্টই প্রতিপন্ন হইয়া থাকে। ফলত অতি পূর্ব্বকালে বনচারীগণের অগ্নিই যথাসর্ব্বস্ব ছিল সুতরাং এই অগ্নিই যে তাঁহাদের প্রথম মাননীয় হইবেন, তাহাতে সন্দেহ কি? অপিচ অদ্যাপি আমাদের পার্থিব তাবৎ ভোগ্য পদার্থের মধ্যে এই অগ্নিই প্রধান ভোগ্য, এই নিমিত্তই সৃষ্টি প্রকরণে সর্ব্ব প্রথমেই প্রকাশের সৃজন নির্ণীত হইয়াছে* অতএব বেদের মধ্যে এই অগ্নিই পৃথিবীর সর্ব্ব প্রধান দেবতা বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছেন। এই অগ্নির পুরুষাত্মক একটি আকার কোন এক নির্দ্দিষ্ট লোকে আছে, এই কথনাটি জল্পনামাত্র।

এইরূপ সিদ্ধান্তের পোষক বৈদিক প্রমাণের অন্বেষণে বহুতর প্রয়াস পাইতে হয় না—ইহা প্রায় সমস্ত আগ্নেয় মন্ত্রেই এক প্রকার প্রতিভাত হইয়া থাকে; প্রত্ন-কত্র-গণের অবগতির জন্য আমরা এইস্থলে সামবেদীয় আগ্নেয় পর্ব্বের কতিপয় মন্ত্র নিদর্শন স্বরূপ উদ্ধৃত করিতেছি॥

যথা, ১ম—— (সাং ১পং ১প্রং ২অং ২দং ১০ঋং)

"অগ্নিং নরো দীধিতিভি ররণ্যোর্হস্তচ্যুতম্

জনয়ত প্রশস্তম্। দূরে দৃশং গৃহপতিমথর্য্যুম্॥"

(নেতৃবাচী নৃশব্দের বহুবচনান্ত সম্বোধনে) 'নরঃ' হে যজ্ঞীয় নেতৃঋত্বিক্‌গণ! তোমরা 'দীধিতিভিঃ' (দীধিতি শব্দে

* 'প্রাদুরাসীত্তমোনুদঃ'। মনুসংহিতা ১ অং ৬ শ্লোক॥

অঙ্গুলী) অঙ্গুলী-বলে 'অরণ্যোঃ' অরণী নামক কাষ্ঠদ্বয় হইতে মন্থন করত 'অগ্নিং' অগ্নিকে 'জনয়ত' উৎপন্ন কর। কেমন অগ্নি? 'হস্তচ্যুতম্' যাহা হস্তে ধারণ করিতে পারা যায় না, সুতরাং তথা হইতে বিচ্যুত হয় (অর্থাৎ অরণীদ্বয় হইতে উৎপন্ন হইবা মাত্র ভূমিতে স্থাপন করিতে হয়), 'প্রশস্তম্' যাহা প্রশস্ত অর্থাৎ যে বস্তু গ্রামচর বনচর নভোচর প্রভৃতি প্রায় প্রাণীমাত্রেরই পরিচিত, 'দূরেদৃশম্' যাহা দূর হইতে দৃষ্ট হয় (সাক্ষাৎ বা ধূম বা আলোক দ্বারা অগ্নি দূর হইতেই জ্ঞাত হওআ যায়), 'গৃহপতিম্' যাহা গৃহের পাতা স্বরূপ (অগ্নিভিন্ন পাকাদি কার্য্যের অভাবে গৃহস্থের রক্ষা হয় না প্রসিদ্ধই আছে), এবং 'অথর্য্যম্' সর্ব্বত্রগামী (অগ্নির প্রতি গৃহে গমন ঘটিয়াই থাকে)॥

২য়—— (সাং ১পং ১প্রং ২অং ৩দং ১ঋং)

"অবোধ্যগ্নিঃ সমিধা জনানাম্ প্রতি ধেনুমিবায়তী মুষাসম্। যহ্বা ইব প্র বয়া মুজ্জিহানাঃ প্র ভানবঃ সস্রতে নাক মচ্ছ॥"

'অয়ম্' এই 'অগ্নিঃ' অগ্নিদেবতা 'জনানাম্' অধ্বর্য্যু প্রভৃতি যজ্ঞীয় মনুষ্যগণের প্রদত্ত 'সমিধা' সমিৎকাষ্ঠ প্রাপ্তে 'অবোধি' উদ্বুদ্ধ অর্থাৎ প্রবুদ্ধ হন। 'বয়া' শাখা, 'প্রোজ্জিহানাঃ' তাহা ত্যাগ করিয়া, 'যহ্বা ইব' পক্ষিগণের ন্যায়, 'ধেনুম্ ইব' অগ্নিহোত্রীয় ধেনুর ন্যায় 'আয়তীম্' অবশ্য আগমনকারী, 'উষাসম্' প্রতি উষাকালে এই অগ্নির 'প্রভানবঃ' প্রভাসকল* 'নাকম্' অন্তরীক্ষ 'অচ্ছ' ব্যাপিয়া 'সস্রতে' গমন করিয়া থাকে।

*'অনুদিতে জুহুয়াৎ' এই বিধির অনুযায়ী সূর্য্যোদয়ের পূর্ব্বে।

৩য়.—— (সাং ১পং ১প্রং ২অং ৩দং ১০ঋং)

" অরণ্যোর্নিহিতো জাতবেদা গর্ত্তইবেৎ সুভৃতো গর্ব্বিণীভিঃ।
দিবে দিব ঈড্যো জাগৃবদ্ভির্হবিষ্মদ্ভির্ম্মনুষ্যেভি রগ্নিঃ॥"

এই 'জাতবেদা' 'অগ্নিঃ', 'গর্ব্বিণীভিঃ' গুর্বিণীগণ-কর্ত্তৃক 'সুভৃতঃ' উদরে অন্তরে সংস্থাপিত 'গর্ভইব' গর্ভের ন্যায় 'অরণ্যোঃ' অরণীকাষ্ঠদ্বয়ের মধ্যে 'নিহিতঃ' ঈশ্বর-কর্ত্তৃক রক্ষিত হইয়া থাকে। 'জাগৃবদ্ভিঃ' স্তাবক 'হবিষ্মদ্ভিঃ' হবিঃপ্রদাতা 'মনুষ্যেভিঃ' মানবগণ-কর্ত্তৃক 'দিবেদিবে' প্রতিদিন 'ঈড্যঃ' স্তবনীয় হইয়াছেন॥

এতাবতা যে অগ্নি এই দর্শিত প্রথম মন্ত্রে অরণীদ্বয়ে উৎপাদ্য প্রভৃতি বিশেষণে পূজিত—যে অগ্নি দ্বিতীয় মন্ত্রে সমিৎ কাষ্ঠাদিদ্বারা বর্দ্ধনীয় রূপে প্রশংসনীয়, তৃতীয় মন্ত্রে সেই অগ্নিই মানবগণের স্তবনীয় ইহা সুস্পষ্টই ব্যক্ত হইতেছে, সুতরাং অগ্নিমীলে প্রভৃতিতেও তাহাই গ্রহণীয়।

প্রদর্শিত যাস্ককৃত ব্যাখ্যানে অগ্রশব্দ পূর্ব্বক নীধাতু হইতে অগ্নি পদ নিষ্পন্ন নিরূপিত হইবায় অগ্নির একটি অর্থ অগ্রণী, ইহাও সম্পন্ন হইয়াছে—ঐ অর্থের সাহায্যেই বহ্বৃক্ মন্ত্রভাগে "অগ্নির্মুখং প্রথমো দেবতানাম্" অগ্নি দেবতাগণের প্রথম ও মুখস্বরূপ এবং বহ্বৃক্ ব্রাহ্মণে 'অগ্নি র্বৈ দেবানামবমঃ' দেবতাদিগের মধ্যে অগ্নিই মুখ্য এবং তৈত্তিরীয় মন্ত্রভাগে 'অগ্নিরগ্রে প্রথমো দেবতানাম্' অগ্নি দেবতাদিগের অগ্রে ও প্রথম এবং তৈত্তিরীয় ব্রাহ্মণেও 'অগ্নিরবমো দেবতানাম্' অগ্নি দেবতাদের মুখ্য এবং বাজনেয়ী সংহিতায় 'সএব বা এষোগ্রে দেবতানা মজায়ত, তস্মাদগ্নির্নাম' সেই এই, সকল দেবতার

(१) – पाण्डुरवर्णं परिक्षामं कृशीभूतश्चाङ्गं यस्य तादृशः। (२) – चतुःस्तम्भान्वितां।

बह्मणं अधिक्खिवध ता इमिणा तुम्हारिसचेडीजणचित्तवुत्ति-कुडिलेण दंडकट्ठेण भुजंगजणजुगुस्सिआइं वअणाइं का-रिस्सं * ।

तर । मरिसदु २ अज्जो, संबंधिओत्ति तुए सह देवीविला-सिणीओ वक्करं करेंति † ।

अन्या । अलं वक्करेण दुव्वासो अज्जचाराअणो ‡ ।

तर । सुवासो हुविस्सदि सपदं एव्व ता विवाहमहूस-वोचिदं करेह्म, सुलक्खणे हारलट्ठि कलकंठि वसंतलदे मंग-लिए कामकेलि मिअंकलेहे बउलावलि परहुदिए विअक्खणे कप्पलदे पहुणो रसविअक्खणस्स कंकणबंधनेन विरएध विआ हदिक्खणं ¶ ।

सर्वाः समुपसृत्य । रक्तवासः कुङ्कम कङ्कणकुसुमादिक-मुपनयन्ति।

---

* आः दास्यः महाराजप्रियवयस्य पिङ्गलिकाब्राह्मणीवल्लभं स्वसूत्राणां पठितार्धपादं महाब्राह्मणमधिक्षिपथ । तदनेन युष्मादृशचेटीजनचित्तवृत्तिकुटिलेन दण्डकाष्ठेन भुजङ्गजनजुगुप्सितानि वदनानि करिष्ये ।

† मर्षतु मर्षतु आर्यः, संबन्धिन्य इति त्वया सह देवीविलासिन्य उपहासं कुर्वन्ति ।

‡ अलमुपहासेन दुर्वासाश्चारायणः ।

¶ सुवासा भविष्यति सांप्रतमेव तद्विवाहोचितं कुरुतः । सुलक्षणे हारयष्टि कलकण्ठि वसन्तलते माङ्गलिके कामकेलि मृगाङ्कलेखे बकुलावलि परभृतिके विचक्षणे कल्पलते प्रभो रस-विचक्षणस्य कङ्कणबन्धनेन विरचयत विवाहदीक्षणम ।

राजा । नाटेयन परिधत्ते ।

विदू । तद्वशिष्टेन समालम्भनादिनात्मानं मण्डयति ।

विच । भोदिओ किं विलंवेध आरंभरमणिज्जाणि पअरणाइं होंति, ता एध गाएध णच्चध अ * ।

विदू । भो एदाणं मज्झे अहं वि गाइस्सं णच्चिस्सं अ † ।

राजा । यदभिरुचितं भवते । विदूषकेण सह सर्वा गायन्ति नृत्यन्ति च ।

नेपथ्ये । भो विअक्खणामुहीओ किं विलंबेध आणेध महाराअं चउत्तरिअं सपरिवारा देवी संपत्ता ज्जेव्व ‡ ।

तर । इदो इदो महाराओ ¶ । [सर्वे परिक्रामन्ति] ।

ततः प्रविशति देवी वधूटीवेषा मृगाङ्कावली कुवलयमाला च ।

देवी । [अपवार्य्य] वच्छे! कुवलअमाले पेक्ख अत्तणो भत्तुणो सुसिद्धं महिलावेसं ‖ ।

---

* भवत्यः किं विलम्बयथ आरम्भरमणीयानि प्रकरणानि, तदेत साधयत गायत नृत्यत च ।

† भो एतासां मध्ये अहमपि गास्ये नर्तिष्ये च ।

‡ भो विचक्षणामुख्यः किं विलम्बयत आनयत महाराजं चतुष्किकां सपरिवारा देवी संप्राप्तैव ।

¶ इत इतो महाराजः ।

‖ वत्से कुवलयमाले! प्रेक्ष आत्मनो भर्तुः सुसिद्धं महिलावेषम् ।

कुवलयमाला अवनतमुखी हसति ।

राजा । स्वगतम् ।

दिवस इवास्मि सतापश्चन्द्रमुखीत्वेन रात्रिवच्चैषा ।

इदमपि चान्तररचितं रक्तांशुकमावयोः संध्या ॥ ११ ॥

देवी । अज्जउत्त ! उग्घालीअदु मुहं से उदेदु भवणगब्भे चंदो * ।

राजा । उपविश्य तथा कृत्वा । स्वगतम् ।

नयनच्छलेन सुतनोर्वदनजिते शशिनि कुलपतौ क्रोधात् ।

नासानालनिबद्धं स्फुटितमिवेन्दीवरं द्वेधा (४)॥ १२ ॥

देवी । वच्छे मिअंकावलि! कुण तारादंसणं वित्थारअ कुवलअसत्थरं † ।

मृगा । लज्जावशादितस्ततश्चक्षुषी निधाय चिरमूर्ध्वमवलोकयति ।

राजा । स्वगतम् ।

भवनभुवि सृजन्तस्तारहारावतारान्

दिशिदिशि विकिरन्तः केतकानां कुटुम्बम् ।

---

* आर्यपुत्र! उद्घाटयतु मुखमस्याः उदेतु भवनगर्भे चन्द्रः(३) ।

† वत्से मृगाङ्कावलि ! कुरु तारादर्शनं विस्तारय कुवलयसंस्तरम् (५) ।

---

(३) मुखस्य चन्द्रसादृश्यादिति भावः ।

(४)—इन्दीवरं सुतनोः नयनच्छलेन नयनद्वयाकारेण द्वेधा स्फुटितमिव । कथमित्याह कुलपतौ सेव्याध्यक्षे शशिनि चन्द्रे वदनजिते सति क्रोधात् । इन्दीवरञ्च तत् नासानालेन नासिकात्मकमृणालेन निबद्धमाबद्धम् ।

(५)—संस्तरः शय्या । उत्पलपुष्पशय्यामित्यर्थः ।

वियति च रचयन्तश्चन्द्रिकां दुग्धमुग्धां
प्रतिनयननिपाताः सुभ्रुवो विभ्रमन्ति (६) ॥ १३ ॥

विदू। (जनान्तिकेन) एसा कुवलअमाला तिरिच्छेहिं दिट्ठिच्छडाकडक्खेहिं पिबदिव्व *।

राजा। एवमेतत्।

प्रणालीदीर्घस्य प्रतिपदमपाङ्गस्य सुहृदः
कटाक्षव्याक्षेपाः शिशुशफरफालप्रतिभुवः।
सुवानाः सर्वस्वं कुसुमधनुषोऽस्मान्प्रति सखे!
नवं नेत्राद्वैतं कुवलयदृशः संनिदधति (७) ॥ १४ ॥

किं पुनः परकलत्रमेषा?

विदू। णिहगदीए तुह ज्जेव एसा †।

देवी। (जनान्तिकेन कुवलयमालां प्रति) पेच्छ २ अत्तणो भत्तारं अज्जउत्तेण परिणिज्जमाणं (प्रकाशम्) अज्जउत्त! संपदं दिज्जंदु भामरीओ हुदवहम्मि होमिज्जंतु लाआ ‡।

---

* एषा कुवलयमाला तिर्यग्भिर्दृष्टिच्छटाकटाक्षैः पिबतीव।

† स्नेहगत्या तवैवैषा।

‡ पश्य २ आत्मनो भर्तारं आर्यपुत्रेण परिणीयमानम्। आर्यपुत्र! सांप्रतं दीयतां भ्रामर्यः हुतवहे हूयन्तां लाजाः।

---

(६) -- तारहारावतारान् भवनभुवि सृजन्तः, केतकी कुटुम्बं दिशि दिशि विकिरन्तः, शुभ्रुवः अस्याः 'प्रतिनयननिपाताः' नयनयोः प्रत्येकयोः निपातः कटाक्षपातः 'विभ्रमन्ति' विभ्रमं कुर्वन्ति। (७) -- हे सखे! विदूषक! कुवलय दृशः अस्याः कटाक्षव्याक्षेपाः अस्मान् नवं आश्चर्यम् अद्भुतं नेत्राद्वैतं नेत्रयोरेकतां सन्निदधति। कीदृशाश्च ते कटाक्षव्याक्षेपाः इत्याह— प्रणालीव दीर्घस्य अपाङ्गस्य नेत्रान्तस्य प्रतिपदं सुहृदः, शिशुशफराणां मत्स्यबालानां फाला-

राजा। परिणीयोपविशति।

प्रविश्य प्रतीहारी। देव! देवीमादुलस्स चन्दवम्मस्स पहाणदूदेण सह अज्ज भाउराअणो दुवारे चिट्ठदि *।

राजा। देवीमुखमवलोकयति।

देवी। अविलंबिदं पवेसेहि †।

प्रतीहारी। तह त्ति ‡ (निष्क्रान्तः)

ततः प्रविशति भागुरायणो दूतश्च।

उभौ। जयतु २ त्रिलिङ्गाधिपो देवः।

भागु। इतो लाटाधिपतेर्दूतः।

राजा। उपविश्य निवेद्यतामपि कुशलं चन्द्रवर्मणः।

दूतः। देवानुग्रहेण।

देवी। कुशलं मे मातुलाणीए हारलदाए ¶।

दूतः। अथ किम्?

देवी। अवि सुमरेदि मं गुरुजणो +।

दूतः। अन्तरात्मापि विस्मर्यते। देवीं प्रति। मातुलपुत्रजन्मना दिष्ट्या वर्धसे। सर्वे हर्षं नाटयन्ति। संदिष्टं चास्वामिना।

---

* देव! देवीमातुलस्य चन्द्रवर्मणः प्रधानदूतेन सह आर्यभागुरायणो द्वारे तिष्ठति।

† अविलम्बितं प्रवेशय।

‡ तथेति।

¶ कुशलं मे मातुलान्या हारलतायाः।

+ अपि स्मरति मां गुरुजनः।

नाच प्रतिभुवः सदृशाः कुसुमधनुषः कन्दर्पस्य सर्वस्वं सुवानाः प्रसववारिणः अतिलावण्यमयत्वात् एकदा द्वयोरेव नेत्रयोः स्थिरदर्शनाभावात् एकस्यैवायं कटाक्ष इति प्रतीयते इति

निस्सूनुना प्राक् परिकल्पिताऽभून्मया मृगाङ्कावलिरेव पुत्रः ।
पुत्रावकल्पच्छलतश्च सेयमानायिता वः सचिवोत्तमेन (८) ॥१५॥

जातः संप्रति मे कुलैकतिलकः पुत्रस्तदेषा त्वया
भव्या कान्तिमती कलासु कुशला केलिप्रिया नीतिभूः ।
दैवज्ञोदितचक्रवर्तिगृहिणीभावा मृगाङ्कावली
देया कस्यचिदिन्दुसुन्दरयशः पूतस्य पृथ्वीपतेः (९) ॥१६॥

भागु । स्वगतम् । फलितं नो नीतिपादपलतया धिया ।

विदू । (हस्तमुद्राम्य) भो दिण्णा परिणीदा अ एसा किं ण पेक्खसि पओट्ठे दररत्तसुत्तकंकणं पिअवअस्सस्स मिअंकावलीए अ मंडिदं किदं वरइत्तिअं* । सर्वे विस्मयन्ति ।

देवी । (जनान्तिकेन) पेक्ख देव्वदुल्ललिदाइं, जं मए केलिकिलंतणेण अलीअं पडिकम्पिदं तं सच्चत्तणेण परिणदं । (विचिन्त्य) भोदु एव्वं दाव (प्रकाशम्) अज्जमादुलसंदेसमंतरेण वि मए परिणाविदा एव्व एसा † ।

---

*भो! दत्ता परिणीता च एषा, किं न प्रेक्षसे प्रकोष्ठे दर-(१०) रक्तसूत्रकङ्कणं प्रियवयस्यस्य मृगाङ्कावल्याश्च मण्डितं कृतं वरयित्रकम् ?।

†प्रेक्ष्व दैवदुर्ललितानि यन्मया केलिक्रीडितकेनालीकं परि-

भावः॥ (८) – प्राक् पुरा निःसूनुना मयैव मृगाङ्कावलिः पुत्रः परिकल्पिता अभूत्, किन्तु 'वः युष्माकं सचिवोत्तमेन सा इयंमृगाङ्कावलिः पुत्रावकल्पच्छलतः आनायिता – इत्येतत् पूर्ववृत्तान्तम् । (९) – सम्प्रति मे मम कुलैकतिलकः पुत्रोजातः तत् तस्मात् कान्तिमती, कलासु चतुष्षष्ठिविद्यासु कुशलाः निपुणाः नीतिभूः एषा मृगाङ्कावली त्वया सह केलिप्रिया भव्या । अत्र भाविभूतत्वं प्रकटयति—इन्दु सुन्दरयशः पूतस्य कस्यचित् महीपतेः देया इति दैवज्ञेन केनचित् उदिता कथिता चक्रवर्तिनः गृहिणी भावा च मया ज्ञायते एवं वदामीति भावः । (१०)—दर ईषत् ।

दूत: ! देवि! भवादृशीनां बुद्धयो यदृच्छयापि प्रवृत्ताः कार्यगगुरुन्धाना: परिणमन्ति ।

विदू । (जनान्तिकेन) देवी एसा पच्छात्तावे पडिदा * ।

राजा । तथैव । अनुगुणं हि दैवं सर्व्वस्मै स्वस्ति करोति ।

देवी । (जनान्तिकेन) हला अह्मे कज्जवाहिरित्तीओ भामिदाओ एताणं उण साणुबंधाणं एस प्पबंधो † ।

मेखला । जधा एव्व देवीए महाणुभावत्तणं अंगोकिदं तह एव्व णिव्वाहीअदु किं गदे सलिले सेतुबंधेण किं गदे विआहे णक्खत्तपरिक्खाए ‡ ।

विदू । भो अमच्चचूडामणि! अहिणवचाणक्को भवं, भाउराअण एसा वि कुवलअमाला पिअवअस्सस्स एव्व जदो महामुणिणो पि भव्वं मंतअंति—

भज्जा दासो अ पुत्तो अ णिद्धणा सअला वि ते ।

जं ते समधिअच्छंति जस्स ते तस्स तं धणं ¶ ॥ १७ ॥

कल्पितं तत्सत्यत्वेन परिणतम् । भवत्वेवं तावत् । आर्य मातुलसंदेशमन्तरेणापि मया परिणायितैवैषा ।

* देवी एषा पश्चात्तापे पतिता ।

† हला वयं कार्यवाहिरीत्या भ्रान्ताः एतयोः पुनः सानुबन्धयोरेष प्रबन्धः ।

‡ यथैव देव्या महानुभावत्वमङ्गीकृतं तथैव निर्वाहयतु, किं गते सलिले सेतुबन्धेन? किं गते विवाहे नक्षत्रपरीक्षया?।

¶ भो अमात्यचूडामणे ! अभिनवचाणक्यो भवान् । भागुरायण एषापि कुवलयमाला प्रियवयस्यस्यैव यतो महामुनयोऽप्येवं मन्त्रयन्ति—

"भार्या दासश्च पुत्रश्च निर्धनाः सकला अपि ।

यं ते समधिगच्छन्ति तस्य ते तस्य तद्धनम्"॥

दूतः । अहो!! स्मृतिवैशारद्यं महाराजनर्मसचिवस्य चारायणस्य ।

भागु । यथाह—चारायणः । किं पुनरनेनैव कङ्कणेन देवि! परिणापयैनामपि ।

देवी । जहा समत्थेदि महामच्चो * ।

विदू । (कुवलयमालाया हस्तं गृहीत्वा राजहस्ते विनिवेश्य) भो जाणवदेण सालभज्जा अद्धभज्ज त्ति उच्चदि भवदो उण स अलभज्जा संवुत्ता † (सर्वे हसन्ति)

देवी । सविलक्षं स्मयते ।

विदू । (चेटीः प्रति) भोदीओ गाएध णच्चध अहं पि णाइस्सं णच्चिस्सं । जदो विआहसंपुडो वुत्तो त्ति ‡ (तथाकुर्वन्ति)

मृगा । (अपवार्य सहर्षम्) एहि कुवलअमाले ! परिरंभस्सुमं कलत्तं भविअ सवत्ती संवुत्तासि ¶ ।

भागु । दक्षिणाक्षिस्पन्दं सूचयित्वा जनान्तिकेन । न जाने किं पुनरन्यदपि हर्षकारणम् ।

---

* यथा समर्थयति महामात्यः ।

† भो जानपदेन (११) श्यालभार्या अर्धभार्येत्युच्यते भवतः पुनः सकलभार्या संवृत्ता ।

‡ भवत्यो गायत नृत्यत अहमपि गास्ये नर्तिष्ये यतो विवाहसंपुटो वृत्त इति ।

¶ एहि कुवलयमाले! परिरभस्व (१२) मां कलत्रं भूत्वा सपत्नीसंवृत्तासि ?

(११) देशस्थेन जनपदवादिनेति यावत् । (१२ – परिरम्भन मालिङ्गनम् ।

प्रविश्य—प्रतीहारी। देव! सिरिवच्छाहिहेअसेणावदिणो आअदो कुरंगओ लेहहत्थओ दुआरे चिट्ठइ *।

भागु। प्रवेशय तम्।

प्रती। निष्क्रान्ता।

ततः प्रविशति कुरङ्गकः। (प्रणम्य) जेदु२ भट्टा †। (लेखं प्रक्षिपति)।

भागु। गृहीत्वा वाचयति।

स्वस्तिश्रीमन्नृपुर्यां तुहिनकरसुतावीचिवाचालितायां
देवं कर्पूरवर्षं विनयनतशिराः सर्वसेनाधिनाथः।
श्रीवत्सोवत्सलत्वान्मुरलजनवधूलोचनैरर्च्यमाने
पादद्वन्द्वारविन्दे क्षणमभिरचयत्यञ्जलिं मूर्ध्नि भक्त्या (१३)॥ १८॥

अयेऽन्यत्कार्यं च लिख्यते। करचुलि(१४)तिलकस्य पार्थिवस्य तव प्रतापेन महामन्त्रिभागुरायणस्य मतिवैशद्येन मादृशानां च पदातिलवानामाक्लेशनिर्वहणेन प्राचीप्रतीच्युदीचीदिग्विभागे सर्व एव राजानश्चण्डवृत्तयो दण्डोपनताःस्थिताः केवलमवाचीक्षितिपतयो दृश्यन्ते स्म। तत्रापि विनिवेद्यते। तत्कुल्यापहृतराज्यः कुन्तलाधिपतिर्वीरपालोदेवं शरणमागतो देवादेशाच्च तं पुरस्कृत्य वयं पयोष्णीतीरे समावासिताः। तदा च।

* देव! श्रीवत्साभिधेयसेनापतिरागतः कुरङ्गको लेखहस्तो द्वारे तिष्ठति। † जयतु २ भर्ता।

(१३)—तुहिनकरो हिमकरश्चन्द्रः तस्य सुता नर्म्मदा, तस्या वीच्या वाचालिता सशब्दा तस्यां श्रीमन्नृपुर्य्यां राजधान्यां कर्पूरवर्षनामानं तोषयितुं स्वस्ति स्यात्। विनयनतशिराः, सर्व्वसेनाधिनाथः श्रीवत्सः देवस्य तस्य पादद्वन्द्वारविन्दे भक्त्या स्वकीये मूर्ध्नि क्षणं अञ्जलिम् अभिरचयति। कीदृशे पादद्वन्द्वारविन्दे? वत्सलत्वात् राज्ञः मुरलजनवधूलोचनैः नर्म्मदातीरवासि-परस्त्रीणां नयनैः अर्च्यमाने। (१४)—करचुलि देशविशेषः।

कार्णाटीयुद्धतन्त्रे चतुरतरमतिः सिंहलः सिंहकर्मा
पाण्ड्यश्चण्डासियष्टिर्मुरलपरिवृढः कार्मुकप्रौढबाहुः।
आन्ध्रो नीरन्ध्रसारः समरभुवि सुरः कुन्तलः कुन्तलेशः
कांचान्येकोङ्कणाद्या अपि नरपतयः संश्रिताः सङ्गतिम् ॥१९॥

अत्रान्तरे तैः सहास्मदीयानामपि बलानां समरसंमर्दो (१६). वृत्तः।

राजा। समरकर्मणि निसर्गोद्भटा एव कार्णाटाः।

भागु। वाचयति। तत्र च

प्रेयान्मे दन्तिदन्तप्रवसदसुरयं वल्लभो मे विपक्षः
कुन्तप्रोतोपि योऽयं सरति मम रुचिस्ताण्डवी यत्कबन्धः।
अत्रास्मत्प्रेमबद्धभ्रुकुटिमुखमिदं यस्य लूनेऽपि कण्ठे
युद्धे देवाङ्गनानामिति वरवरणे न श्रुताः केन वाचः(१७)॥२०

किं बहुलिखितेन तान्विजित्यास्माभिः स्वराज्ये वीरपालोऽभिषिक्तः। शेषं कुरङ्गकमुखादेवावगन्तव्यम्।

कुर। भट्टा पडहस्स विअ मे मुहं अत्थि ण उण वाणी *।

राजा। लेखमुखा एव लेखवाहा भवन्ति।

भागु। तदधुना—

आगङ्गापातपूतप्लुतपुलिनतटात्पूर्वतस्ताम्रपर्णी
पूर्णादादाक्षिणात्यांत्तुहिनकरसुतावल्लभादाप्रतीचः

* भर्तः पटहस्येव मे मुखमस्ति न पुनर्वाणी।

(१५)— सङ्गतिं साहित्यम् अस्माकमिति शेषः। (१६)—अन्योन्यसङ्घर्षः।

(१७)—अयं मे विपक्षः, वल्लभः कर्णाटराट् प्रेयान् प्रियतरः। कीदृश? इत्याह—मे दन्तिनां दन्तेषु प्रवसन्ति असवः प्राणाः येषां तादृशाः। कथं प्रेयानिति विशिनष्टि—यत् कबन्धः यत्र अयं कुन्तास्त्रेण प्रोतोपि मम ताण्डवी रुचिः सरति, यत्र अत्र अस्मत्-प्रेमबद्धभ्रूकुटिमुखं इदं भवति, यस्य राज्ञः युद्धे रणक्षेत्रे लूने छिन्ने कण्ठे देवाङ्गनानां वरवरणे वरवरणविषयिण्यः वाचः केन न श्रुताः अपितु सर्वेणैव युद्धमृतस्य स्वर्गश्रुतेः।

नृत्यच्चण्डीशचूडाच्युतविबुधनदीनन्दितात्तात्रदेव
क्षीराम्भोधेरुदीचः करचुलितिलको वर्त्तते चक्रवर्ती(१८)॥२१॥

राजानं प्रत्यञ्जलिं बध्वा । किं ते भूयः प्रियमुपकरोमि ? ।

राजा । अतः परमपि प्रियमस्ति ।

देवी कोपकषायितानुगमिता लब्धा मृगाङ्कावली
प्रागूढापि ममाद्य कुन्तलपतेः पुत्री कलत्रीकृता ।
युष्मन्नीतिवशेन तस्य च महत्सेनापतेर्विक्रमैः
संजाता मम चक्रवर्त्तिपदवी किं नाम यत्प्रार्थ्यते(१९)॥२२।

तथापीदमस्तु:—

वामाङ्गं पृथुलस्तनस्तबकितं यावद्भवानीपते-
र्लक्ष्मीकण्ठहठग्रहव्यसनिता यावच्च दोष्णां हरेः ।
यावच्च प्रतिमाप्रसारणविधौ व्यग्रौ करौ ब्रह्मणः
स्थेयासुः श्रुतिशुक्तिलेह्यमधुरास्तावत्सतां सूक्तयः ॥ २३ ॥

इति निष्क्रान्ताः सर्वे ।

इति श्रीमद्बालकविकविराजराजशेखरविरचितायां विद्धशालभञ्जिकानाटिकायां चतुर्थोऽङ्को नाटिका च समाप्तिमगात् ।

१८—करचलि राजतिलकः अयं भूपाल इदानीं गङ्गायाः पातः तेन पूतं प्रुतं पुलिन तटं यस्य तादृशात् गङ्गासागरसङ्गमात् पूर्व्वसीम्नः—ताम्रपर्णी नदीपूर्णात् दक्षिण सीम्नः—तुहिनकरसुता नर्मदा तस्या वल्लभात् पश्चिमसीम्नः नृत्यन् यः चण्डीशः तस्य चूड़ाया सकाशात् च्युताया विवुध नदी स्वर्नदी गङ्गा तया नन्दितोयः क्षीराम्भोधिः तस्मात् उत्तर सीम्नः—इत्येवं चतुः सीमावद्धस्य चक्रवर्त्ती । १९ कोपेन कषायिता सकोपणा देवी अनुगमिता वशीकृता, मृगाङ्कावली च मम लब्धा, कुन्तल देशाधिपतेः पुत्री प्राक्पूर्व्वम् ऊढ़ा विवाहितापि इदानीं प्रकाशतः कलत्री कृता, युष्माकं नीतिवशेन तस्य च महासेनापतेः विक्रमैः मम चक्रवर्त्ती पदवी सञ्जाता—अतः परं यत् प्रार्थ्यते प्रार्थ्यमानं तत् किन्नाम ? न किमप्यतः प्रार्थनीय मस्तीति भावः ।

इति श्रीसत्यव्रत सामश्रमि भट्टाचार्य्य-
कृतटीका समाप्ता ॥

বৈরাগ্য উদয় হইলে যে তোষবুদ্ধি তাহাকে 'পার' বলা যায়। ২য়—উপার্জ্জিতের রক্ষণে দোষ দর্শন—উপার্জ্জিত দ্রব্যও রাজা, চৌর, অগ্নি, জল প্রভৃতি হইতে রক্ষা করা সামান্য ক্লেশের নহে,—এই চিন্তায় যে বৈরাগ্যোদয় তাহাতে তোষ বুদ্ধি হইলে তাহাকে 'সুপার' তুষ্টি বলা যায়। ৩য়—ভোগে দোষ দর্শন—'যত বিষয় ভোগ করা যায় ততই ভোগ বাসনা বৃদ্ধি হয় এবং যত বিষয়-বাসনার বৃদ্ধি হয় ততই দুঃখের পরিমাণ বর্দ্ধিত হইতে থাকে, অতএব ভোগবর্দ্ধনই দুঃখ বৃদ্ধির কারণ'—এইরূপ চিন্তায় যে বৈরাগ্যোদয় হয় সেই তুষ্টিকে 'অনুত্তমাম্ভ' বুদ্ধি বলা যায়। ৩য়—ক্ষয়তুষ্টি অর্থাৎ ভোগ করিলেই ক্ষয় হইবে ভাবিয়া যে বৈরাগ্যোদয় তাহাকে 'পারাপার' তুষ্টি বলা যায়। ৫ম—'হিংসাতুষ্টি' অর্থাৎ 'বিষয় ভোগ করিতে হইলেই কিছু না কিছু হিংসা করিতেই হয় অতএব বিষয় ভোগ করাই বিধেয় নহে'—এইরূপ বিষয় ভোগে হিংসা-দোষ দেখিয়া যে বৈরাগ্যের উদয় হয়, সেই তোষ বুদ্ধিকে 'উত্তমাম্ভ' তুষ্টি বলা যায়। এই নয় প্রকার তুষ্টির মধ্যেই পূর্ব্বোক্ত ধর্ম্ম, বিরাগ ও ঐশ্বর্য্য এই তিন প্রকার বুদ্ধি অন্তর্গত রহিয়াছে অর্থাৎ ঐ তিন প্রকার বুদ্ধি না হইলে ঈদৃশ নয় প্রকার তুষ্টি জন্মে না। এইরূপ আশক্তি মধ্যেই অনৈশ্বর্য্য, অবৈরাগ্য ও অধর্ম্ম বুদ্ধির প্রবিষ্ট ভাব রহিয়াছে।

সিদ্ধি বুদ্ধি গৌণ ও মুখ্যভেদে অষ্ট প্রকার। গৌণসিদ্ধি পাঁচ প্রকার, এই পাঁচ প্রকার সিদ্ধি ক্রমে উপস্থিত হয় এবং এই সিদ্ধি বুদ্ধিগুলি উৎপন্ন হইলে পরে তিন প্রকার মুখ্য

সিদ্ধির দর্শন হয়। ১ম—অধ্যয়ন সিদ্ধি অর্থাৎ গুরুর নিকটে যথাবিধি অধ্যাত্মবিদ্যা অধ্যয়ন করিলেই মোক্ষরূপ প্রার্থিত ফল সিদ্ধ হইবে—এইরূপ যে বুদ্ধি তাহাকে 'তার'ও বলা যায়। ২য়—শব্দসিদ্ধি অর্থাৎ শ্রুতি শব্দ গ্রহণ করিলেই সিদ্ধি হইবে=এইরূপ যে বুদ্ধি তাহাকে 'সুতার'ও বলা যায়। ৩য়=উহসিদ্ধি অর্থাৎ শ্রুতিবাক্য সকল অবিরুদ্ধ তর্কের দ্বারা মনন করিলেই সিদ্ধি হইবে=এইরূপ যে বুদ্ধি তাহাকে 'তারতার'ও বলা যায়। ৪র্থ—কেবল অধ্যয়ন, উপদেশ, বিচারের দ্বারাই সিদ্ধি হইতে পারে না সুহৃজ্জনের সহবাস আবশ্যক, তাহাই সিদ্ধির উপায়—এইরূপ যে বুদ্ধি তাহাকে সুহৃৎ-প্রাপ্তি ও 'রম্যক' ও বলা যায়। ৫—দান সিদ্ধি অর্থাৎ তত্ত্বজ্ঞানের আলোকে অসত্য-জ্ঞানের তিরোভাব হইলেই চিত্তের দান অর্থাৎ শুদ্ধি হইবে, তাহাই একমাত্র সিদ্ধির উপায়=এইরূপ যে বুদ্ধি তাহাকে 'সদামুদিত'ও বলা যায়। এই সিদ্ধি বুদ্ধিগুলি যথাক্রমে প্রকাশ পায় অর্থাৎ প্রথমে অধ্যয়ন, তাহার পরে উপদেশ গ্রহণ, পরে তর্ক, অনন্তর সুহৃল্লাভ, তত্ত্বজ্ঞানালোকে চিত্তশুদ্ধি—এই পাঁচ প্রকার গৌণসিদ্ধি সম্পন্ন হইলেই সুতরাং পূর্ব্বে বর্ণিত আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক দুঃখত্রয়ের একান্ত ও অত্যন্ত তিরোভাব ঘটিয়া থাকে ; এই সুতরাং লব্ধ চরম সিদ্ধিত্রয়কেই মুখ্যসিদ্ধি বলা যায় এবং 'প্রমোদ', 'মুদ্রিত' ও 'মোদমান' এই নাম ত্রয়ও ঐ গুলিরই কোন কোন সাংখ্যবিৎ বলেন, এই মাত্র বর্ণিত গৌণসিদ্ধিগুলি ক্রমোৎপন্ন হইতে পারে কিন্তু ক্রমোৎপন্নই হইবে এরূপ নহে=সাংখ্য

শাস্ত্রের অধ্যয়ন মাত্রেই তত্ত্বজ্ঞান লাভ হইতে পারে; মৌখিক উপদেশেও তত্ত্বজ্ঞান লাভ হইতে পারে; তর্ক করিতে করিতেও তত্ত্বজ্ঞান লাভ হইতে পারে; সুযোগ্য তত্ত্ববিৎ বন্ধুলাভ হইলেও তত্ত্বজ্ঞান লাভ হইতে পারে; কোন তত্ত্ববিৎ ভক্তি প্রভৃতির বশীভূত হইয়া তত্ত্বজ্ঞান দান করিলেও তত্ত্বজ্ঞান লাভ হইতে পারে; এই পাঁচ প্রকারের সকল প্রকারেই তত্ত্বজ্ঞান লাভ করিতে পারা যায় এবং এই পাঁচ প্রকার উপায়ই মুখ্যসিদ্ধি ত্রিতয়ের অব্যবহিত কারণ, অতএব ইহাদিগকেও সিদ্ধি বলা যায়; বস্তুত তত্ত্বজ্ঞান সাধিত হইলেই প্রকৃত ফল সিদ্ধির অভাব কোথায় থাকিল?—এইরূপে সিদ্ধি বুদ্ধিও অষ্ট প্রকার এবং পূর্ব্বোক্ত জ্ঞান নামে নির্দ্দিষ্ট বুদ্ধিটি ও ইহারই অন্তর্গত বুঝিতে হইবে। এই পঞ্চাশৎ প্রকার বুদ্ধির মধ্যে বিপর্য্যয়, অশক্তি ও তুষ্টি এই ত্রিবিধ নামে পরিচেয় দ্বিচত্বারিংশৎ বুদ্ধিই তত্ত্বজ্ঞানের বিরোধী, এক মাত্র পঞ্চপ্রকার গৌণ সিদ্ধি বুদ্ধিই তত্ত্বজ্ঞানের উপযোগী এবং চরম বুদ্ধিত্রয় ফল স্বরূপ।—এই পঞ্চাশৎ ভেদে বিভক্ত বিপর্য্যয়, অশক্তি, তুষ্টি, সিদ্ধি নামক চারি প্রকার সৃষ্টিকে 'প্রত্যয় সর্গ' বলা যায়। যাহাদ্বারা সমস্ত পদার্থের নিশ্চয় প্রতীতি জন্মে; এস্থলে প্রত্যয় শব্দে তাহাই সুতরাং প্রত্যয় পদে বুদ্ধি, এইগুলি বুদ্ধিরই প্রকার ভেদমাত্র এইজন্যই 'প্রত্যয় সর্গ' অর্থাৎ বুদ্ধিকৃত সৃষ্টি বলা যায়॥

তৃতীয়—অহংতত্ত্ব, অহঙ্কার বা অহমিকা। এই তত্ত্বটি মহৎতত্ত্বেরই পরিণাম, তাহারই বিকৃতি। কোন এক পদার্থের নিশ্চয়-জ্ঞান বুদ্ধির বা মহৎতত্ত্বের কার্য্য কিন্তু এইটি

আমি বুঝিলাম বা বুঝিতেছি অথবা বুঝিলাম না—এই 'আমি' বোধটি বুদ্ধিহইতেই উৎপন্ন কিন্তু অহন্তত্ব নামে তত্ত্বান্তররূপে পরিগণনীয়।

চতুর্থ—শব্দতন্মাত্রতত্ব। পঞ্চম—স্পর্শতন্মাত্রতত্ব। ষষ্ঠ—রূপতন্মাত্রতত্ব। সপ্তম—রসতন্মাত্রতত্ব। অষ্টম—গন্ধতন্মাত্রতত্ত্ব। এই পাঁচটি তন্মাত্র তত্ত্বই জড় অর্থাৎ প্রকাশ স্বভাবশূন্য অতএব অহন্তত্বের তমোভাগ হইতে আবির্ভূত হইয়াছে অথবা সমধিক তমোবিশিষ্ট অহংতত্বের পরিণামে বা বিকৃতি। এই তত্ত্বগুলি আকাশপ্রভৃতি পঞ্চ মহাভূত পদার্থের বীজ ও অতি সূক্ষ্ম—এই মাত্রই ইহার পরিচয়।

মহৎতত্ত্ব, প্রকৃতিতত্ত্বের প্রথম বিকৃতি, ও অহন্তত্ত্বের প্রকৃতি, এইজন্য প্রকৃতি-বিকৃতি নামে ব্যবহৃত হয়; অহংতত্ত্ব, প্রকৃতিতত্বের দ্বিতীয় বিকৃতি অর্থাৎ বিকৃতির বিকৃতি, মহত্তত্ত্বের প্রথম বিকৃতি, এবং পঞ্চ তন্মাত্রতত্ত্বের প্রকৃতি এই জন্য ইহাও প্রকৃতি-বিকৃতি পদার্থ; শব্দতন্মাত্র প্রভৃতি পাঁচ টি তত্ত্ব প্রকৃতির তৃতীয় বিকৃতি অর্থাৎ প্রকৃতির বিকৃতির (মহত্তত্ত্বের) বিকৃতির (অহংতত্ত্বের) বিকৃতি, এবং আকাশপ্রভৃতি পঞ্চ মহাভূত পদার্থের প্রকৃতি, এই জন্য ইহারাও প্রকৃতি বিকৃতি নামেই পরিচিত হইয়া থাকে।

প্রকৃতি যেরূপ বিবেকহীন, প্রসবধর্মী, অচেতন, বিষয়, সাধারণ ও ত্রিগুণাত্মক এই সপ্ত প্রকৃতি-বিকৃতি পদার্থও সেইরূপ। প্রকৃতি স্বয়ং অচেতনা জড়স্বরূপা সুতরাং তাহার বিকৃতি এই সপ্তপদার্থ যে, অচেতন জড়স্বরূপ ইহাতে আর বক্তব্য কি? বুদ্ধি এবং অহংভাবে যে চৈতন্যের ভান

হয়, উহা চেতন স্বরূপ অনুভয় পদার্থের সান্নিধ্যের ফল মাত্র, বুদ্ধিপ্রভৃতি প্রকৃতি-বিকৃতিগুলি স্বয়ং জড়, তাহাদিগকে চেতন বলিয়া যে জ্ঞান তাহা নিতান্তভ্রম ; যে পদার্থ সকল অচেতন তাহারা যে বিবেকহীন তাহাও স্বত: সিদ্ধ অচেতনের বিবেক কিরূপে সম্ভাবিত হইবে ? সাধু কার্য্য বা অসাধু কার্য্য যাহা কিছু অনুভয় পদার্থের যোগে হস্ত পদাদি ইন্দ্রিয় দ্বারা অনুষ্ঠিত * হইয়া থাকে, তাহারই নিশ্চয়তা অর্থাৎ 'ইহা এই' এই মাত্র বুদ্ধির কার্য্য এবং তাহারই অভিমতি অর্থাৎ মৎকৃত এই জ্ঞান এই মাত্র অহমিকার কার্য্য—এস্থলে আরও জ্ঞাতব্য যে, যেরূপ অগ্নির বিবেকশক্তি না থাকিলেও দাহ করিতেই পারে, সেইরূপ বুদ্ধির বা অহমিকার বিবেক শক্তি না থাকিলেও স্বীয় স্বীয় কার্য্য করণে বিমুখ হয় না, তাদৃশ কার্য্যের অনুষ্ঠানে বিবেকের আবশ্যক নাই। বুদ্ধির চরম পরিণাম যাহাকে বিবেক জ্ঞান বলা যায় তাহাও সেইরূপ কার্য্য-ফলে স্বত উৎপন্ন হইবে† তাহার মূল বুদ্ধির বিবেক শক্তি নহে, এবং ঐ বিবেক জ্ঞানও স্বয়ং বিবেকী নহে, অর্থাৎ উহার জ্ঞানান্তর নাই, উহা স্বয়ংও জ্ঞান স্বরূপ নহে, উহা জ্ঞানস্বরূপের সান্নিধ্যে ও প্রকৃতজ্ঞানের বাধকের অভাবে ঐরূপ সত্যজ্ঞানাকার ধারণ করে মাত্র ‡। ইহাদিগকে বিষয়ও বলা যায়। অর্থাৎ ঘট, মৃত্তিকা, পাষাণাদি যেরূপ জ্ঞানের গ্রাহ্য, ইহারাও সেইরূপ ; বুদ্ধিকেও বুদ্ধিগ্রহণ করিয়া থাকে। অথবা বিষয় অর্থাৎ জ্ঞানস্বরূপ পুরুষ নামক অনুভয় পদার্থের ভোগ্য। অতএবই সাধারণ, অর্থাৎ যেরূপ মৃত্তিকা পাষাণাদি, ইহারাও

*, †, ‡, যথাস্থানে সুব্যক্ত হইবে।

সেইরূপ। এইরূপ ইহাদের মূল প্রকৃতিই যদি ত্রিগুণাত্মক, তখন সুতরাং ইহারাও অবশ্যই ত্রিগুণাত্মক, পরং বুদ্ধিতত্ত্বে সত্ত্বগুণের অংশ সমধিক আছে, অতএবই সমস্ত পদার্থের প্রকাশকরূপে প্রতীত হইয়া থাকে, এবং ইহার প্রথম পরিণাম অহন্তত্ত্বও প্রকাশকরূপেই প্রতিপন্ন হইয়া থাকে। অহন্তত্ত্বে প্রায় বুদ্ধিতত্ত্বের অনুরূপই সত্ত্বগুণাদির অংশ আছে, পরং তাহার বিকৃতি জন্য তত্ত্ব সকল উভয় প্রকার অর্থাৎ কতকগুলি সত্ত্বাধিক ভাগের পরিণাম, অপর কতক গুলি তমোগুণাধিক ভাগের পরিণতি। প্রকৃতি বিকৃতি পদার্থের মধ্যে পরিগণিত যে পাঁচটি তত্ত্ব সেইগুলি তমঃ-প্রধান অর্থাৎ অহং তত্ত্বের তামস অংশ হইতে সেইগুলি আবির্ভূত *। ইহাদিগের প্রসবধর্ম্মিতার পরিচয় দান নিতান্ত বহুল। মহত্তত্ত্বের পরিণামে অহংতত্ত্ব সততই আবির্ভূত হইতেছে অহংতত্ত্বের তমঃ-প্রধান অংশের পরিণামে পঞ্চ তন্মাত্রতত্ত্ব অবাধেই উৎপন্ন হইয়া থাকে, ঐ তন্মাত্র তত্ত্বগুলি নিতান্ত সূক্ষ্ম বলিয়া আমাদের উপলব্ধি হয় না, একমাত্র তাহাদের পরিণামাবস্থা দর্শনে † তাহাদের অস্তিত্ব স্বীকার করিতে হয়।

উল্লিখিত অচেতনাদি ধর্ম্ম লইয়া ইহাদিগের সহিত প্রকৃতিতত্ত্বের সৌসাদৃশ্য থাকিলেও ইহারা সর্ব্ব প্রকারে প্রকৃতি-তুল্য নহে। প্রকৃতি অব্যক্ত, ইহারা ব্যক্ত—বুদ্ধ্যাদি কার্য্যবর্গের

---

*সত্ত্বাধিক অংশের পরিণাম বিকৃতি পদার্থের মধ্যে পরিচিত্ত হইবে।

† তাহাদের পরিণাম বিকৃতি-পদার্থ বর্ণনে বর্ণনীয়।

দ্বারা প্রকৃতিরূপ কারণ-পদার্থের স্থায়িত্ব নির্ণীত হইয়া থাকে, পরং বুদ্ধ্যাদির অস্তিত্বের জন্য বিশেষ প্রমাণাদির অন্বেষণ করিতে হয় না, কারণ এই সকল পদার্থগুলির ব্যবহারত পরিচয় হালি-কেরাও অবগত আছে—তাহারাও বলিয়াথাকে যে, 'আমরা ইহা বুঝিতে পারিলাম' বা বুঝিতে পারিলাম না' এই বাক্যের মধ্যে 'আমরা' এইটি অহমিকার নিদর্শন, 'বুঝা' এবং 'না বুঝা' এইটি বুদ্ধির আকার, সুতরাং ইহাদিগকে ব্যক্ত বলিতে হয়। তন্মাত্রতত্ত্বগুলি যদিচ এতাদৃশ ব্যক্ত ভাবে ব্যবহৃত নহে, পরং যখন শব্দ প্রভৃতি পদার্থ সকল ব্যক্ত, তখন তন্মাত্র (অর্থাৎ তাহার বিকৃত নহে সেই মাত্র) এই নামটুকুর আড়ম্বরেই তাহারা অব্যক্ত হইতে পারে না; গুণীর উপলাভের সহিত গুণের উপলব্ধি হইয়া থাকে, গুণমাত্রের স্বতন্ত্র উপলব্ধি হয় না, এই জন্যই ঐ শব্দাদি গুণমাত্রগুলি অব্যক্তরূপে ভান হইয়া থাকে, বস্তুত গুণীর সহিত গুণরূপ তাহাদের ব্যক্ততা অক্ষতই থাকে।

প্রকৃতির কোন হেতু নাই, ইহাদের হেতু প্রকৃতি-প্রভৃতি অতএব ইহারা 'হেতুমৎ'।

প্রকৃতির তিরোভাব কখনই হইবার নহে, কিন্তু ইহাদের স্বীয় কারণে তিরোভাব হইয়াই থাকে।

প্রকৃতি অনুভয় পদার্থ ব্যতিরিক্ত সমস্ত পদার্থের কারণ, এবং কারণ কার্য্যকে ব্যাপিয়াই থাকে সুতরাং সর্ব্বব্যাপী, ইহারা হেতুমৎ কাজেই সর্ব্বব্যাপী নহে, স্বীয়২ পরিণামী মাত্রকে ব্যাপ্ত করিতে পারে, স্বীয় কারণের ক্রোড়ে ব্যাপ্যরূপেই অবস্থিতি করিতে হয়।

প্রকৃতি অক্রিয়, গুণত্রয়ের সমানাবস্থায় কোনরূপ ক্রি-য়াই হইতে পারে না, এদিকে গুণত্রয়ের ন্যূনাতিরেক হইলেই তাহাকে বিকৃতি বলা যায়, তাহাকে আর প্রকৃতি বলাযায় না, সুতরাং প্রকৃতি নিষ্ক্রিয় হইলেও তদ্বিকৃত প্রকৃতি বিকৃতি পদার্থ সকল নিষ্ক্রিয় নহে, ইহারা সক্রিয়। বুদ্ধি প্রভৃতি ইহারা দেহীর সহিত দেহ হইতে দেহান্তর গমন করে, ইহা সুস্পষ্টই আছে।

সমস্ত জগতের মূল কারণ রূপ প্রকৃতি এক মাত্র, কিন্তু বুদ্ধ্যাদি প্রতি শরীরে বিভিন্ন সুতরাং অনেক।

কার্য্য মাত্রেই কারণের আশ্রিত, প্রকৃতির কোন কারণ নাই সুতরাং কাহারও আশ্রিত নহে; ইহারা সেরূপ নহে ইহারা স্বীয়২ কারণের আশ্রিত।

ইহারা কার্য্য রূপে ব্যক্ত পদার্থ সুতরাং ইহাদের দ্বারাই কারণরূপ অব্যক্ত পদার্থের সন্ধান পাওআ যায়, কাজেই ইহাদিগকে লিঙ্গ, অর্থাৎ অব্যক্ত পদার্থের অস্তিত্বের চিহ্ন বলা যায়।

প্রকৃতি কারণরূপা কার্য্যাবস্থায় কারণের স্বরূপ অবস্থা কোনরূপ দেখা যায় না, মৃত্তিকা হইতে ঘট প্রস্তুত হইলে পরে ঐ ঘটদর্শন কালে ঐ ঘটের কারণ যে মৃত্তিকা তাহারও মৃৎস্বরূপ লক্ষিত হওআ কখনই সম্ভবপর নহে, সেইরূপ সতত পরিণামী কারণরূপ প্রকৃতি পদার্থের অবয়ব কিছুমাত্রই দর্শনীয় নহে। বুদ্ধ্যাদি বিকৃত পদার্থ সুতরাং অবয়ব আছে, যাহার অবয়ব নাই, তাহার অন্য পদার্থের সহিত যোগও হয় না, কিন্তু বুদ্ধির সহিত কাহার না যোগ আছে, অতএব

বুদ্ধ্যাদি পদার্থ সাবয়ব প্রকৃতি পদার্থের বিকৃত সকলই কিন্তু ঐ পদার্থ স্বীয় স্বরূপে কাহারও সহিত যুক্ত হইবার নহে যেহেতু এজগতের মূল কারণ একমাত্র; বিকৃত পদার্থের সংখ্যা অনেক সুতরাং তাহাদের পরস্পর যোগ সম্ভব। প্রকৃতি যেরূপ স্বতন্ত্র ইহারা সেরূপ নহে ইহারা পরতন্ত্র অর্থাৎ স্বস্ব কার্য্য-করণে স্বস্ব কারণের অপেক্ষা করিতেই হয়—দ্বিতীয় পুরুষ, তৃতীয় পুরুষ উৎপন্ন করিতে সক্ষম যথার্থ কিন্তু প্রথমেই প্রথম পুরুষের অস্তিত্ব আবশ্যক মূলে কুঠারার্পিত হইলে অর্থাৎ প্রথম পুরুষ না থাকিলে দ্বিতীয় পুরুষের আবির্ভাবই অসম্ভব তৃতীয় পুরুষোৎপত্তির কথা দূরে থাকুক।

এতাবতা এই প্রকৃতি-বিকৃতি পদার্থগুলিকে—ব্যক্ত, জগৎ-কার্য্য, স-কারণ, তিরোভাবী, অব্যাপক, স-ক্রিয়, আশ্রিত, সাবয়ব, পরিণামাদি-ভাব-বিশিষ্ট, পরতন্ত্র; বিবেকহীন, প্রসবধর্ম্মী, অচেতন, বিষয়, সাধারণ ও ত্রিগুণাত্মক—এই ষোড়শপ্রকারে পরিচিত করা যায়। অগ্রেই পরিচেয় বিকৃতি পদার্থগুলিও এই ষোড়শ প্রকারেই পরি চিত হইতে পারে (অগ্রেই প্রকাশ হইতেছে।

(৯ম তত্ত্ব প্রভৃতি ১৬ তত্ত্বের বা বিকৃতি পদার্থের পরিচয়।)

বর্ণিত অহংতত্ত্বের সাত্ত্বিক পরিণাম একাদশ প্রকার। ১ম—চক্ষুরিন্দ্রিয়, ইহাদ্বারা কৃষ্ণ পীতপ্রভৃতি রূপের গ্রহণ হইয়া থাকে। ২য়—শ্রোত্রেন্দ্রিয়, ইহাদ্বারা ভীষণ গর্জ্জনাদি

শব্দের গ্রহণ হইয়া থাকে। ৩ য়—ঘ্রাণেন্দ্রিয়, ইহাদ্বারা ভাল মন্দ গন্ধের গ্রহণ হইয়া থাকে। ৪র্থ—রসনেন্দ্রিয়, ইহাদ্বারা মধুর তিক্তাদি রসের গ্রহণ হইয়া থাকে। ৫ম ত্বগিন্দ্রিয় ইহাদ্বারা মসৃণ কর্কশাদি স্পর্শ বোধ হইয়া থাকে।—এই পাঁচটিকে বুদ্ধীন্দ্রিয় বলা যায় অর্থাৎ এই ইন্দ্রিয়গুলি বুদ্ধিসাধন ইন্দ্রিয়। এই পঞ্চেন্দ্রিয় দ্বারা পদার্থসকল আলোচিত মাত্র হইয়া থাকে অতএব ইহাদিগকে আলোচকও বলা যায়। ৬ষ্ঠ—বাগিন্দ্রিয়, ইহাদ্বারা বাক্যাদি উচ্চারিত হইয়াথাকে। ৭ম—পাণীন্দ্রিয়, ইহাদ্বারা দ্রব্যাদি গ্রহণ হইয়া থাকে। ৮ম—পাদেন্দ্রিয়, ইহাদ্বারা গমনাদি ক্রিয়া নিষ্পন্ন হইয়া থাকে। ৯ম—পায়্বিন্দ্রিয় অর্থাৎ গুহ্যেন্দ্রিয়, ইহাদ্বারা মলোৎসর্জন হইয়া থাকে। ১০ ম—উপস্থেন্দ্রিয়, ইহাদ্বারা রমণী-সম্ভোগাদি আনন্দ লাভ করা যায়। এই পাঁচটি দ্বারা উচ্চারণাদি কর্ম্ম সকল নির্ব্বাহিত হইয়াথাকে এইজন্য ইহাদিকগে কর্ম্মেন্দ্রিয় বলা যায়। এই উভয় প্রকার ইন্দ্রিয়ে যতটুকু ভেদ আছে তাহা স্থিরচিত্তে প্রণিধান করিলেই বুঝিতে পারাযায় লিখিয়া জানাইতে হইলে কেবল পল্লবিত করিতে হয় মাত্র। ১১ শ ইন্দ্রিয়—মন, উল্লিখিত দশবিধ ইন্দ্রিয় দ্বারা পদার্থ সকল সামান্যত আলোচিত, উক্ত, গৃহীতাদি হইলে বিশেষরূপে অর্থাৎ ইহা সুখকারী, ইহা দুঃখদায়ী, ইহা উৎকৃষ্ট, ইহা অনুৎকৃষ্টরূপে কল্পনাকারী যে ইন্দ্রিয় তাহাকেই মন বলা যায়; মনের কিঞ্চিৎ বৈলক্ষণ্য জন্মিলেই ক্ষিপ্ত পদবী লাভ করিতে হয়, ক্ষিপ্তেরা চক্ষুরিন্দ্রিয়াদির সাহায্যে পদার্থ সকল আলোচনা করিতে পারে কিন্তু মনের বৈলক্ষণ্য জন্যই যথা-

স্বরূপ গ্রহণ করিতে সমর্থ হয় না। এই মনকে বুদ্ধীন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয় উভয় প্রকারই বলা যাইতে পারে। মনের সাহিত্য ব্যতিরেকে কোন ইন্দ্রিয়ই কার্য্যক্ষম হএন না=চক্ষু-রিন্দ্রিয় রূপ আলোচনা করিতে সমর্থ কিন্তু মনের সাহিত্য না হইলে একেবারে নিতান্তই অসমর্থ অন্যথা অন্যমনস্ক অর্থাৎ শব্দাদি অপর বিষয়ে মন থাকিলে সম্মুখস্থ রূপ কেন না লক্ষিত হয়? এইরূপ কেহ নৃত্য দেখিতেছে তাহাকে একজনা সহস্র আহ্বান করিতেছে কিন্তু ঐ নৃত্যদর্শন কারী কিছুমাত্র শুনিতে পাইতেছে না, কেন না শুনিতে পায়? তখন কি শ্রবণেন্দ্রিয় ছিল না? না, সেই সময়ে সেই দ্রষ্টা অন্যমনস্ক অর্থাৎ নৃত্যদর্শনে নিবিষ্ট-মনা ছিল সুতরাং এক-মাত্র মন চক্ষুরিন্দ্রিয়ের সাহিত্যে থাকাতেই শ্রবণেন্দ্রিয় মনের সাহিত্যের অভাবে ঐ আহ্বান শব্দ গ্রহণ করিতে পারে নাই; যদিচ এককালেই দর্শন শ্রবণাদি প্রায় সর্ব্বদাই করা যাইতেছে পরং তাহা এককালীন নহে, উহা শতপত্র ভেদের ন্যায় অর্থাৎ যেরূপ অতি সুকোমল শত সংখ্যক পত্রের উপরি একটি লৌহ শলাকা প্রক্ষেপ করিলে এককা-লেই উহা বিদ্ধ হইল বোধ হয় কিন্তু বাস্তবিক উহা পর পর বিদ্ধ হইয়াছে প্রথমে প্রথম পত্রটি বিদ্ধ না হইলে দ্বিতীয় টি বিদ্ধ হয় নাই, সেইরূপ এককালে নানা ইন্দ্রিয়ের সহিত মনের সাহিত্য বাস্তবিক না হইলেও অতিত্বরিতভাবে ঐ সাহিত্য হইতে থাকায় তাদৃশ বোধ হইয়া থাকে। কর্ম্মেন্দ্রিয় গুলির সহিতও এই রূপ সম্বন্ধ আছে এই জন্যই ইহাকে উভয়াত্মক বলা যায়।

এই একাদশ ইন্দ্রিয় এবং পূর্ব্ববর্ণিত বুদ্ধি ও অহমিকা এই ত্রয়োদশকেই করণ বলাযায়। যাহার দ্বারা ক্রিয়া সম্পন্ন হয় তাহাকেই করণ বলিতে হয়; যেরূপ বৃক্ষের ছেদন করিতে হইলে কুরূরাদি অস্ত্ররূপ করণ আবশ্যক হয় সেইরূপ পুরুষ বা অনুভয় পদার্থ কিংবা জীব যখন এই সমস্ত জগৎ ভোগ করেন তখন এই ত্রয়োদশ প্রকার করণেরই আবশ্যক হয়। ইহাদের মধ্যে কর্ম্মেন্দ্রিয় পাঁচটি, পদার্থ সকলের আহরণ মাত্র করে, বুদ্ধীন্দ্রিয়েরা যথাস্বরূপ প্রকাশ মাত্র করে এবং বুদ্ধি, অহং ও মন ইহারা ঐ আহৃত এবং প্রকাশিত উভয় প্রকার পদার্থ ধারণ করে। এই ত্রয়োদশ করণের কার্য্য দশ প্রকার কর্ম্মেন্দ্রিয়গুলির কার্য্য—বচন, আদান, বিহরণ, উৎসর্গ ও আনন্দ এই পাঁচটি, এই পাঁচটিই উৎকৃষ্টাপকৃষ্টভেদে দশবিধ অর্থাৎ উৎকৃষ্ট বাক্যের উচ্চারণ এবং অনুৎকৃষ্ট বাক্যের উচ্চারণ উৎকৃষ্ট বস্তুর গ্রহণ এবং অনুৎকৃষ্ট বস্তুর গ্রহণ, উৎকৃষ্ট স্থান আক্রমণ এবং অনুৎকৃষ্ট স্থান আক্রমণ, মলত্যাগের সুখ লাভ এবং কষ্টে মলত্যাগ করত দুঃখ লাভ, উৎকৃষ্ট সম্ভোগে আনন্দলাভ এবং অনুৎকৃষ্ট সম্ভোগে তৎক্ষণগত আনন্দ লাভ। কর্ম্মেন্দ্রিয়ের এই দশবিধ কার্য্যকে আহার্য্য বলা যায়। বুদ্ধীন্দ্রিয়ের ও উৎকৃষ্টানুকৃষ্ট শব্দ, রূপ, রস, গন্ধ ও স্পর্শ এই দশবিধ পদার্থের প্রকাশনই কার্য্য অতএব ঐ দশবিধকে প্রকাশ্য বলা যায়। বুদ্ধি, অহং ও মন ইহারা কর্ম্মেন্দ্রিয়ের দ্বারা আহার্য্য বস্তুরই হউক অথবা বুদ্ধীন্দ্রিয় দ্বারা প্রকাশ্য বস্তুরই হউক সন্ধান পাইয়া সমস্ত পদার্থকেই ধারণা করিয়া থাকে

—কোন পদার্থই পঞ্চভূতাতিরিক্ত নহে—গুণ ও গুণী একত্রেই থাকে—রূপের সহিতই রূপবানের লাভ হয়—ঐ পঞ্চবিধ পদার্থ ও উৎকৃষ্টানুকৃষ্ট ভেদে দ্বিবিধ সুতরাং ইহাদের কার্য্যও দশবিধ এবং ঐ দশবিধইন্দ্রিয় গণ দ্বার-স্বরূপ মাত্র, দ্বারী ইহারাই, তাহাদের দ্বারা আহৃত প্রকাশিত বস্তু সকল প্রথমত ইহাদেরই নিকটে উপস্থিত হয় পরে ইহারা তৎসমস্ত যথাযথ ধারণ করিয়া পুরুষের সুখের বা দু:খের করণ হয় এই জন্য ইহাদের কর্য্যগুলিকে ধার্য্য বলা যায়। এই ত্রিবিধ দ্বারীরূপ করণের কার্য্য-কারিতা শরীরের মধ্যেই অর্থাৎ ঐ দ্বার সকলের কর্ত্তৃত্বে পদার্থসকল অন্তরে উপস্থিত হইলে পরে ইহারা তাহাদিগকে ধারণ করিয়া থাকে এই জন্য এই করণত্রয়কে অন্ত:করণ বলা যায় এবং অপর দশবিধ করণ বাহ্য পদার্থ সকলকে বিষয় করে অর্থাৎ বহি:স্থিত পদার্থসকলই গ্রহণ বা প্রকাশন করে এই জন্যই তাহাদিগকে বাহ্য করণ বলা যায়। বাহ্য করণগুলি সম্প্রতি উপস্থিত অর্থাৎ বিদ্যমান বস্তুরই গ্রাহক বা প্রকাশক হয় এইজন্য তাহাদিগকে সাম্প্রত করণও বলাযায এবং ঐ অন্ত:করণ ত্রয়ের কার্য্য ধার্য্য সুতরাং যেরূপ আলোচ্যমান পদার্থকে ধারণ করে সেইরূপ আলোচিত বা আলোচনা করা যাইবে যাহার তাদৃশ পদার্থকেও ধারণ করিতে পারে, যথা কোন এক স্থলে বৃষ্টি হইয়াছে, চক্ষুরিন্দ্রিয় সেই সময়েই নিজ ক্ষমতা প্রকাশ করিতে পারিয়াছে যখন বৃষ্টি হইতেছিল, এক্ষণে সেই বৃষ্টির রূপ উপস্থিত না থাকায় কাহাকে প্রকাশ করিবে সুতরাং তাহার গ্রহণে অক্ষম;

কিন্তু এই অন্তঃকরণ ত্রয় বৃষ্টি বর্ষণ কালেই ঐ আলোচ্যমান রূপবতী জলরূপী বৃষ্টিকে ক্রিয়া স্বরূপাদি সর্ব্ব প্রকারে ধারণ করিয়াছে ঐ ধারণ এক্ষণে বিদ্যমান আছে সুতরাং অতীত পদার্থের ধারণেও সক্ষম হইল এইরূপ জাত পদার্থ মাত্রের মৃত্যু হইয়া থাকে এই নিশ্চয় থাকায় আমারও মৃত্যু হইবে এই ভবিষ্যমাণ পদার্থকে ধারণ করিতে সক্ষম হইল অতএব ইহাদিগকে ত্রিকাল করণ বলা যায়। এই ত্রয়োদশ করণের যথাক্রমে কার্য্য-কারিতা হইয়া থাকে, যথা— প্রথমে কোন স্থানে অপ্রকৃষ্ট প্রকাশে একটি বস্তু চক্ষুরিন্দ্রিয়ের দ্বারা আলোচিত হইল, পরে অস্ত্র শস্ত্রাদি বিশিষ্ট তাহাকে দস্যু বলিয়া মনঃ কল্পিত হইল, অনন্তর এ ব্যক্তি আমাকেই লক্ষ্য করিয়াছে এইরূপ অভিহিত হইল। তাহার পরেই এস্থান হইতে পলায়ন করা বিধেয় ইহা নিশ্চিত হইল। ইহার মধ্যে বুদ্ধি সর্ব্ব প্রধান, রাজকোষাধ্যক্ষ স্বরূপ অহমিকা পদার্থ প্রদেশীয় বিষয়াধ্যক্ষ স্বরূপ এবং মন গ্রামীণ প্রধান কর্মাধ্যক্ষ স্বরূপ ও অপর দশবিধ ইন্দ্রিয় পাইক পেয়াদা স্বরূপ; যে রূপ পাইক পেয়াদাদিগের সহিত মিলিত হইয়া তাহাদের সাহায্যে প্রধান কার্য্যাধ্যক্ষগণ কর আদায় করিয়া প্রদেশীয় বিষয়াধ্যক্ষের নিকট অর্পণ করে এবং সেই তৎক্ষণ তাহা রাজকোষাধ্যক্ষের নিকটে গচ্ছিত করে, রাজকোষাধ্যক্ষ প্রাপ্তকর সমস্ত অতি যত্নে রক্ষণ করিয়া প্রভুকে ভোগ করায় সেই রূপ মনঃ ইন্দ্রিয়গণের সহিত মিলিত হইয়া তাহাদের সাহায্যে পার্থিবাদি বিষয় সকল গ্রহণ করিয়া, অহমিকার বিষয় করে, অহমিকা তাহা স্বীকার করিয়া বুদ্ধি-

গত করে, বুদ্ধি তাহা নিশ্চয়রূপ ধারণ করিয়া জীবকে ভোগ করাইতে থাকে। এস্থলে ইহাও জ্ঞাতব্য—যে, বুদ্ধীন্দ্রিয়, কর্ম্মেন্দ্রিয় ও মন এই একাদশের পিতা সাত্বিক অহঙ্কার এবং বুদ্ধি পিতামহ সুতরাং বুদ্ধির সহিত বা অহমিকার সহিত; ভ্রাতৃ-সম্বন্ধ না থাকায় ত্রয়োদশ পদার্থই ইন্দ্রিয় নামে আখ্যায়িত হয় নাই, ইন্দ্রিয়পদে ঐ একাদশ মাত্র, এই একাদশ কোন পদার্থান্তরের প্রকৃতি নহে. অপিচ সাত্বিক অহন্তত্ত্বের বিকৃতি, এইজন্য ইহারা প্রকৃতি-বিকৃতি পদার্থে পরিগণিত না হইয়া বিকৃতি পদার্থ বলিয়াই নির্দ্দিষ্ট হইয়া থাকে।

প্রকৃতি-বিকৃতি পদার্থের মধ্যে বর্ণিত যে পাঁচটি তন্মাত্রতত্ত্ব তাহাদেরই বিকৃতি অর্থাৎ পরিণামে সমুৎপন্ন যে পাঁচটি মহাভূত পদার্থ তাহারা ও বিকৃতি পদার্থের মধ্যেই গণনীয়। তন্মধ্যে, শব্দতন্মাত্র হইতে আকাশ উৎপন্ন হইয়া থাকে, এই জন্য আকাশের অসাধারণ গুণ শব্দ। শব্দ তন্মাত্রের সহিত বর্ত্তমান স্পর্শতন্মাত্র হইতে বায়ু সমুৎপন্ন হয়, এই জন্য বায়ুতে শব্দ ও স্পর্শ উভয়গুণ প্রকাশ পায়। শব্দ ও স্পর্শতন্মাত্রের সহিত বর্ত্তমান রূপ তন্মাত্র হইতে তেজ সমুৎপন্ন হইয়া থাকে, এইজন্যই তেজে ঐ গুণত্রয়ই প্রকাশিত আছে। শব্দ, স্পর্শ ও রূপ তন্মাত্রার সহিত বর্ত্তমান রসতন্মাত্র হইতে জলের উৎপত্তি, এইজন্য জলে রূপ, রস, শব্দ, স্পর্শ এই চারি গুণেরই অবস্থিতি রহিয়াছে। শব্দ, স্পর্শ রূপ ও রসতন্মাত্রের সহিত বর্ত্তমান গন্ধতন্মাত্র হইতে হইতে পৃথিবীর উদ্ভব, এইরূপ পৃথিবীতে ঐ পঞ্চগুণের কোন গুণেরই অভাব নাই। এই পঞ্চভূতপদার্থ বর্ণিত

একাদশ ইন্দ্রিয়ের ভ্রাতুষ্পুত্র অর্থাৎ ভ্রাতৃরূপ তন্মাত্র হইতে সম্ভূত এতাবতা এক বংশোৎপন্ন, অধিক কি জ্ঞাতি অতএব ইহারাও তাহাদিগের ন্যায় প্রকাশক না হইয়া সম্পূর্ণ বিপরীত ভাব অর্থাৎ নিতান্ত জড় ভাব কেন লাভ করিল ? ইহা বিবেচনা করিয়া দেখিলে ইহাই সুস্পষ্ট হইবে—যে, ইহারা সোদর ভ্রাতার আত্মজ নহে, ইহারা বৈমাত্রেয় ভ্রাতৃ-সম্ভূত, এতাবতা ইন্দ্রিয় ও তন্মাত্রগণের পিতা অহংপদার্থ এক হইলেও ইহাদের জননী বিভিন্ন, ইন্দ্রিয়গণ অহমিকার সমধিক সত্বাংশের বিকৃতি এবং তন্মাত্রগণ অহমিকার সমধিক তমোভাগের বিকৃতি ; তথাপি সকলেরই মূল কারণ প্রকৃতি ত্রিগুণময়ী হইবায় তন্মাত্রগণও সত্ব শূন্য নহে এবং রজোগুণ উভয়ত্রই চালকরূপে অবস্থিতি করিতেছে অতএব এই পঞ্চতন্মাত্রের বিকৃতি পঞ্চমহাভূতের মধ্যেও কেহ সত্বপ্রধান, কেহ তমপ্রধান, কেহ বা রজঃ প্রধান স্পষ্ট প্রতীত হইয়া থাকে ; বস্তুত ত্রিগুণময়ী প্রকৃতি সর্ব্বত্র দেদীপ্যমান রহিয়াছে পরং নারিকেল, তাল, আম্র, আমলকী, নিম্ব, তিন্তিড়ী, করঞ্জ প্রভৃতি সর্ব্বত্রই বারিদ মুক্ত বারি একরূপে পতিত হইতে থাকিলেও সেই বারিসমস্তের মধুর কটু কষায়াদি পরিণামফল বিভিন্ন প্রকার দেখা গিয়া থাকে, সেইরূপ সমস্ত বিকৃতি পদার্থের মূল এক হইলেও সৃষ্টিবৈচিত্র্য কোনমতেই বারণীয় নহে—তত্তৎস্থলে বিভিন্নতার কারণ, আশ্রয় ভেদ —এস্থলে বিভিন্নতার কারণ ন্যূনাতিরেক মাত্রা ভেদ অর্থাৎ শব্দ তন্মাত্রও ত্রিগুণ, গন্ধ তন্মাত্রও ত্রিগুণ, কিন্তু উভয়ের আকাশ ও পৃথিবী বিলক্ষণ বিভিন্নরূপ—ইহার একমাত্র কারণ

সাংখ্যদর্শন।

১ম ভাগ

এই ভাগে

প্রমেয় প্রকরণান্তর্গত চতুর্ব্বিংশতি তত্ত্বের পরিচয়

—০:÷:০—

'প্রত্নকম্রনন্দিনী'-সম্পাদক

শ্রীসত্যব্রত-সামশ্রমি-ভট্টাচার্য্য-কৃত

বঙ্গভাষায় প্রণীত ও প্রকাশিত।

—:০:—

শ্রীরামপুর—মাহেশ

সত্যযন্ত্রে

প্রিণ্টার—শ্রীখগপতি সরকার দ্বারা

মুদ্রিত।

शकाब्दाः १७९५

সাঙ্খ্যদর্শন।

— ঃ০ঃ—

১ম ভাগ।

এই ভাগে সাংখ্যশাস্ত্রের—(সামান্যত) 'প্রমেয় প্রকরণ' প্রকাশিত হইল, এই প্রকরণে এই শাস্ত্রোক্ত চতুর্ব্বিংশতি তত্ত্বেরই পরিচয় যথাজ্ঞান সংক্ষেপে লিখিত হইয়াছে। অত:-পর ২য় ভাগে অনুভয় পদার্থের পরিচয়, সৃষ্টি ও মুক্তির পরিচয়, নিত্যানিত্য বিচার এই প্রকরণ ত্রয়াত্মক (বিশেষত) 'প্রমেয় প্রকরণ' লিখিত হইবে। এবং ৩য় ভাগে প্রত্যক্ষ পরিচয়, অনুমান পরিচয়, আপ্তবচন পরিচয়, বাদি-বাদভঞ্জন এই প্রকরণ চতুষ্টয়াত্মক প্রমাণ নামক প্রমেয় প্রকরণ লিখিত হইয়া সমাপিত হইবে। (২য় এবং ৩য়) উভয় ভাগই আগামী বর্ষে প্রকাশিত হইতে পারে।

এই গ্রন্থখানি কোন গ্রন্থের অনুবাদ নহে, নূতন-মত সম্পন্নও নহে, ইহা সাংখ্যদর্শনের মতানুযায়ী মস্তিষ্কলব্ধ বাক্যে প্রণীত। ইহার প্রকরণ-প্রণালী বা লিখন-প্রণালী কিছুই কোন আদর্শলব্ধ নহে, যাহাতে পাঠকদিগের বোধ ক্লেশ না জন্মে, যত দূর পারিয়াছি তাহারই চেষ্টা করিয়াছি কিন্তু যাঁহাদের (মূলে) দর্শনবুদ্ধি নাই অথবা যাঁহারা অক্ষর-গুলির আকারমাত্র চক্ষুগোচর করিবেন তাঁহাদিগের নিকটে ইহা বিষ-তুল্য বোধ হইবে, তাঁহার প্রায়শ্চিত্ত নাই।

শ্রীসত্যব্রত শর্ম্মা।

উভয় স্থলেই ঐ গুণত্রয়ের অংশ একরূপ নাই (ইত্যাদি সর্ব্বত্র) অতএব কোন২ পদার্থ, সত্ব প্রধানহেতুক শান্ত, সুখ-স্বরূপ, প্রসন্ন ও লঘু—কোন২ পাদার্থ রজ: প্রধান হেতুক ঘোর, দু:খস্বরূপ, অনবস্থিত—কোন ২ পদার্থ তম:প্রধান হেতুক মূঢ়, বিষন্নও গুরু।

এই ষোড়শটি বিকৃতি পদার্থের ব্যক্তাদি পরিচয়ও প্রকৃতি-বিকৃতি পদার্থের অনুরূপ।

ইতি সাঙ্খ্যশাস্ত্রীয়-প্রমেয় প্রকরণে চতুর্বিংশতি তত্ত্বের পরিচয় সমাপ্ত।

তখনই অবলোকিতেশ্বর বোধিসত্ত্ব সিংহবিক্রিড়িত নামক সমাধি প্রাপ্ত হইলেন, যখন সমন্তভদ্র বোধিসত্ত্ব বরদায়ক সমাধি প্রাপ্ত হইলেন, তখনই অবলোকিতেশ্বর বোধিসত্ত্ব অবীচিসংশোষণ নামক সমাধি প্রাপ্ত হইলেন; যখন সমন্তভদ্র বোধিসত্ত্ব সমস্ত রোমবিবর উদ্ঘাটন করিলেন, তখনই অবলোকিতেশ্বর বোধিসত্ত্ব রোমবিবর সমস্ত আবৃত করিলেন।

তখন সমন্তভদ্র বোধিসত্ত্ব তাঁহাকে বলিলেন—সাধু! অবলোকিতেশ্বর! সাধু! তোমার বিস্তর প্রভাব। তাহাতে ক্রকুচ্ছন্দ তথাগত বলিলেন—হে সমন্তভদ্র! কুলপুত্র অবলোকিতেশ্বরের ইহা কতটুকু প্রভাব দেখিলে? অবলোকিতেশ্বরের যাদৃশ প্রভাব তত সমধিক প্রভাব তথাগতগণেরও নাই। হে কুলপুত্র! সর্ব্বণীবরণবিষ্কম্ভিন্! সেই ক্রকুচ্ছন্দ তথাগতের নিকটে এইরূপ শ্রুত হইয়াছি॥

ইতি অবলোকিতেশ্বরের প্রভাববর্ণন নামক দশম প্রকরণ॥

—:০:—

অনন্তর সর্ব্বণীবরণবিষ্কম্ভী ভগবান্‌কে বলিলেন—ভগবন্! কারণ্ডব্যূহ নামক মহাযান-সূত্র-রত্ন-রাজ আমাদিগকে উপদেশ করুন, যাহাতে আমরা ধর্ম্মরসে পরিপূর্ণ হওত সংতৃপ্ত হই॥

ভগবান্ বলিলেন—কুলপুত্র! যাহারা কারণ্ডব্যূহ মহাযান সূত্ররত্নরাজের নামটি শ্রবন করেন, তাঁহাদিগকে পূর্ব্বকৃত দুষ্কৃতের ফল আর ভোগ করিতে হয় না; অধিক কি, যাহারা পরদারগমনে প্রসক্ত, যাহাদের ছাগলে গোত্র, যাহারা মাতৃ-

ঘাতক, স্তূপঘাতক, তথাগতগণের অসন্তোষরূপে রুধিরের উৎপাদক—কারণ্ডব্যূহ মহাযান-সূত্র-রত্নরাজ তাহাদিগকেও সমস্ত পাপ হইতে পরিমুক্ত করেন।

সর্ব্বনীবরণবিষ্কম্ভী বলিলেন—ভগবন্! কারণ্ডব্যূহ মহাযান সূত্ররত্নরাজ সমস্ত পাপ হইতে কি প্রকার মুক্ত করিতে পারেন ?।

ভগবান্ বলিলেন—কুলপুত্র! পর্ব্বতরাজ সুমেরুর দক্ষিণ পার্শ্বে সপ্ত তথাগত কর্ত্তৃক দুইটি নির্ম্মল তীর্থ পরিকল্পিত হইয়াছে; সেই কুণ্ডদ্বয়ে শুভ্রবস্ত্র প্রক্ষেপ করিলেই যেরূপ নীল হইয়া যায়, সেইরূপ এই কারণ্ডব্যূহ মহাযান সূত্ররত্নরাজও সমস্ত পাপ দগ্ধ করিয়া শুক্লীভাব প্রাপ্ত করাইয়া থাকেন; যেরূপ বর্ষাকালে সমস্ত তৃণ গুল্ম ওষধি বনস্পতিরা শ্যামল হইয়া উঠে, সেইরূপ এই কারণ্ডব্যূহ ইত্যাদি; যেরূপ শতমুখ নামক নাগরাজ স্বীয় ভবন হইতে বিনির্গত হইয়া সমস্ত তৃণগুল্ম ওষধি বনস্পতি দগ্ধ করেন, কুলপুত্র! এই কারণ্ডব্যূহ মহাযান সূত্ররত্নরাজও সেইরূপ সমস্ত পাপ দগ্ধ করিয়া থাকেন। কুলপুত্র! যাঁহারা এই কারণ্ডব্যূহ মহাযান সূত্ররত্নরাজ শ্রবণ করেন, তাঁহাদিগকে সামান্য মনুষ্য বলিয়া জানিবা না, তাঁহাদিগকে অবৈবর্ত্তিক বোধিসত্ত্ব বলিয়া জানিবা; তাঁহাদিগের মৃত্যুকাল উপস্থিত হইলে, দ্বাদশ তথাগত তথায় উপস্থিত হইয়া সেই মুমূর্ষু অবস্থায় আশ্বাস প্রদান করিবেন, বলিবেন—"কুলপুত্র! তুমি ভীত হইওনা, তুমি মহাযান-সূত্র-রত্ন-রাজ শ্রবণ করিয়াছ, তোমাকে আর সংসারে আগমন করিতে হইবে না; তোমাদিগের আর জন্ম, জরা,

মৃত্যু হইবে না, তোমাদিগের ইষ্ট ও প্রিয় বস্তুর বিয়োগ এবং অনিষ্ট ও অপ্রিয় বস্তুর সংপ্রযোগ হইবে না; হে কুলপুত্র! তুমি সুখাবতীলোকে গমন করিবা এবং তথায় অমিতাভ তথাগতের নিকটে ধর্ম্ম শ্রবণ করিবা" এইরূপে সেই প্রাণীদিগের সুখে প্রাণত্যাগ হইয়া থাকে।

অনন্তর অবলোকিতেশ্বর এই সমস্ত শ্রবণ করিয়া ভগবানের পাদদ্বয়ে মস্তকাবনত করত বন্দনা করিয়া অন্তর্ধ্যান হইলেন।

॥ইতি কারণ্ডব্যূহ মাহাত্ম্য-বর্ণন নামক একাদশ প্রকরণ॥

—:০:—

অনন্তর সর্ব্বণীবরণবিষ্কম্ভী মৌনভাব অবলম্বন করিলেন এবং সেই দেব, নাগ, যক্ষ, গন্ধর্ব্ব, অসুর, গরুড়, কিন্নর, মহোরগ, মনুষ্য প্রভৃতিরাও স্ব স্ব নিকেতনে গমন করিলে—আনন্দ নামক প্রধান শিষ্য প্রার্থনা করিলেন—ভগবন্! আমাদিগকে কিঞ্চিৎ শিক্ষা উপদেশ করুন।

ভগবান্ বলিতে লাগিলেন—যে সকল ভিক্ষুরা পর্য্যাপ্ত ভাব ইচ্ছা করেন, তাঁহাদিগের সহিত সাহচর্য্য করিবা; যাহারা দুঃশীল, তাহাদিগের সহিত মিত্রতা করিবা না, তাহাদিগকে জ্ঞান দানও করিবা না, অধিক কি দুঃশীল ভিক্ষুদলের সহিত ভ্রমণও করিবা না; এবং এই ধর্ম্মের শাসনবলে দুঃশীল ভিক্ষু অনুগ্রহের পাত্র হইলেও তাহাকে স্বীয় বিহার স্থানের বহিঃপ্রদেশে বাসস্থান প্রদান করিবা তাহাদিগের

সহিত আলাপও করিবা না, নিশ্চয় জানিবা তাহাদিগের ভিক্ষুভাব কিছুই নাই।

ভগবচ্ছিষ্য আনন্দ জিজ্ঞাসা করিলেন—ভগবন্! কোন্ কালে ভিক্ষুদিগের ঈদৃশ অবস্থা হইবে—যে, ভিক্ষুদিগকেও অনুগ্রহের পাত্র হইতে হইবে?

ভগবান্ বলিলেন—আমার তিনশত বৎসর কাল গত হইলে পরে, উল্লিখিত ভিক্ষদল অনেকানেক হইবে, তাহারা এই সকল অস্মদীয় বিহার প্রদেশে গৃহাদি প্রস্তুত করিয়া গৃহী হইবে, স্ত্রী পুত্রাদি পরিবার পরিবৃত হইবে, তাহারা অসৎ ভোগে পরিলিপ্ত হইবে। যাহারা বৌদ্ধদলের ভোগ্যোপকরণে প্রস্রাব বা মলত্যাগ করে, তাহারা বারাণসী মহানগরে মল মূত্রময় ভূমিতে জন্মগ্রহণ করে। যাহারা বৌদ্ধদলের দন্ত ধাবন কাষ্ঠ অসৎ ভোগে ব্যবহার করে, তাহারা কূর্ম্ম মকর মৎস্য যোনি প্রাপ্ত হয়। যাহারা বৌদ্ধ দলের ভোগ্য তিল তণ্ডুলাদি অসৎ পথে ব্যয় করে, তাহারা প্রেতনগরে উপস্থিত হয়—তথায় তাহারা হীনেন্দ্রিয়, দগ্ধকাষ্ঠাকৃতি, অস্থিপিঞ্জের ন্যায় কৃশ অথচ অতি লম্ব, স্বীয় কেশও লোম সমূহে স্বয়ং আচ্ছন্ন, পর্ব্বতোদর, সূচীছিদ্রের ন্যায় মুখ-ছিদ্র বিশিষ্ট—এইরূপ দুর্দর্শনীয় শরীর লাভ করে এবং তাদৃশ শরীরে তাহারা বিস্তর দুঃখ ভোগ করে। যাহারা বৌদ্ধদলের অন্ন পানাদি অন্যায় রূপে ভোগ করে, তাহারা অল্প-শ্রুতের কুলে জন্মগ্রহণ করে—হীনেন্দ্রিয় হয়—খঞ্জ, কুব্জ, কাণ, বামনরূপে কষ্ট ভোগ করে=পরের মুখে বাক্য কহে অর্থাৎ মূক হয়=পরে চারি প্রকার ব্যাধিগ্রস্তও হয়—তাহাদের শরীরে সততই পূয শোণিত লিপ্ত থাকে—ক্রমে শরীর বিকৃতিভাব প্রাপ্ত হয়, মাংসপিণ্ড খসিয়া পতিত হইতে থাকে; এইরূপ বহুকাল বিবিধ কায়িক দুঃখ ভোগ

করে। যাহারা বৌদ্ধদলের ভূমি অসৎ ভোগে নষ্ট করে, তাঁহাদিগকে দ্বাদশ কল্যাণ পরিমিত কাল রৌরব নামক মহানরকে বাস করিতে হয়—তথায় সুতপ্ত লৌহপিণ্ডদারা মুখমণ্ডল বর্ধিত হয়—দগ্ধীকৃত হয়—ওষ্ঠ, তালুপ্রভৃতি বিশীর্ণ হইয়া পড়ে—কণ্ঠ হৃদয়প্রভৃতি সমস্ত অঙ্গই দগ্ধীকৃত হয় এবং শেষ দশা প্রাপ্ত হয়, যদি সেই সময়ে কোন কর্ম্মানুরোধে কোন বৌদ্ধ ভিক্ষুদল তথায় উপস্থিত হন, তাহাহইলে সেই মৃতপ্রায় নারকীগণ পুনর্জীবিতপ্রায় হইয়া উঠে, পরে তাঁহারা পশ্চাৎ পদ হইলেই যমকিঙ্করগণ তাহাদিগকে পুনর্ব্বার গ্রহণ করে—তখন তাহাদের কর্ম্মফলে অতি সুদীর্ঘ জিহ্বা প্রাদুর্ভূত হয়, সেই জিহ্বাতে লক্ষ লক্ষ হল কর্ষণ করে, এইরূপে বহু লক্ষ বৎসর বহু লক্ষ বৎসর বহু লক্ষ বৎসর তাহারা নরক-যাতনা ভোগ করে—তাহার পরে তথাহইতে বিচ্যুত হইলেই অগ্নিঘট নামক মহানরকে আসিয়া উপস্থিত হয়, তত্রত্য যমকিঙ্করেরা তাহার জিহ্বায় লক্ষ২ সূচী বিদ্ধ করে; তাহাতেও যদি কর্ম্মবশে জীবিত থাকে, তাহাহইলে উত্থিত করিয়া অগ্নিশিখাতে প্রক্ষেপ করে, তথাহইতে উত্থিত করিয়া বৈতরণীতে প্রক্ষেপ করে; তাহাতেও কালপ্রাপ্ত না হইলে অন্যান্য নরকে প্রক্ষেপ করে, এইরূপে কল্পত্রয় গত হইলে নরকচ্যুত হইয়া দরিদ্র জাত্যন্ধ হওত জম্বুদ্বীপে জন্মগ্রহণ করে। অতএব বৌদ্ধদলের ভোগ্য বস্তু সকল অতি যত্নে রক্ষা করিবে।

যে সকল ভিক্ষুদল সুশিক্ষায় শিক্ষিত হইবেন, তাঁহারা তিনখানি চীবর ধারণ করিবেন—একখানি চীবর যখন (সঙ্ঘতে) দলে থাকিবেন তখন পরিধান করিবার জন্য, দ্বিতীয় খানি রাজদ্বারে গমনার্থ, তৃতীয়খানি গ্রাম নগর নিগম পল্লী পত্তনাদিতে পরিভ্রমণার্থ। যাঁহারা শীলবান্, গুণবান্, প্রজ্ঞাবান্ ভিক্ষু হইবেন, তাঁহারা আমার অনুজ্ঞাত শিক্ষা

সকল অনুষ্ঠান করিবেন। ভিক্ষুগণ অসৎ ভোগ কখন করিবেন না এবং সমুদয়ের (সঙ্ঘতের) বস্তু অগ্নিকলশ তুল্য জানিবেন, সমুদয়ের বস্তু বিষ তুল্য জানিবেন, সমুদয়ের বস্তু বজ্র তুল্য জানিবেন—বিষেরও প্রতীকার করিতে পারা যায় কিন্তু সমুদয়ের বস্তু গ্রহণে যে দোষ হয় তাহার প্রতীকার করিতে পারা যায় না।

অনন্তর প্রিয় শিষ্য আনন্দ বলিলেন—মহাশয়ের অনুজ্ঞাত এই শিক্ষাগুলি যে ভিক্ষুগণ গ্রহণ করিবেন, তাঁহারা মোক্ষপথের পথিক হইবেন, বিনয়াবনত হইবেন, শিক্ষাকুশল হইবেন এবং ভবৎ-কথিত এই আদেশগুলি শিক্ষাপাদ নামে প্রসিদ্ধ হইতেছে! ইহা বলিয়া প্রিয় শিষ্য আনন্দ ভগবানের পাদদ্বয়ে মস্তকাবনত কয়িয়া বন্দনা করত প্রস্থান করিলেন।

অনন্তর সেই সকল বড় বড় শ্রোতারাও স্বীয়২ বুদ্ধক্ষেত্রে প্রস্থান করিলেন, সেই সকল দেব, নাগ, যক্ষ, গন্ধর্ব্ব, অসুর, গরুড়, কিন্নর, মহোরগ, মনুষ্যেরাও স্ব স্ব স্থানে প্রস্থান করিলেন॥

॥ ইতি শিক্ষা-সংবর নামক দ্বাদশ প্রকরণ॥

ভগবান্ এই (গ্রন্থখানি) সমস্ত কহিয়াছেন এবং সেই বোধিসত্ত্বগণও সেই সমস্ত শোভাসম্পন্ন মহাসভা এবং তত্রত্য দেব, মানুষ, অসুর, গন্ধর্ব্ব প্রভৃতি সভ্যগণ ভগবৎ-কথিত এই বাক্য সমস্তের অভিনন্দন করিয়াছেন॥

॥ ইতি মহেশ্বর নামক ধারণিব্যূহ সমাপ্ত॥

॥ ইতি শেষাদ্ধ॥

॥ ইতি শ্রীমহাযান-সূত্র-রত্নরাজ আর্য্য কারণ্ডব্যূহঃ সমাপ্তঃ॥

"যে হেতু-প্রভবা হেতুস্তেষাং তথাগতঃ।
হ্যবদৎ তেষাঞ্চ যো নিরোধ এবং বাদী মহাশ্রমণঃ॥"

সেই আর্ত্নীদেবীরা বরবর্ণিনীর ন্যায় অতিশয় সহৃদয়া এবং মাতৃরূপে অগ্নি-স্বরূপ পুত্রকে উৎসঙ্গে ধারণ করেন। যজ্ঞে আদৃত এই আর্ত্নীদেবীরা দুরাত্মা শত্রুদিগকে পরস্পর ভিন্ন ভাব অবলম্বন করাইয়া বিনষ্ট করুন।

৬ষ্ঠ—শুনাসীর দেবতারা। শুন শব্দে বায়ু, সীর শব্দে আদিত্য সুতরাং বায়ুর সহিত এক কার্য্যে প্রবৃত্ত আদিত্যের নাম শুনাসীর। যাস্ক বলিয়াছিলেন—"শুনাসীর শুনো বায়ুঃ (শু অন্তরীক্ষে,) সীর আদিত্যঃ (সরণাৎ) তয়োঃ (৯,৪০)" শু শব্দে অন্তরীক্ষ, বায়ু অন্তরীক্ষস্থ অতএব শুন শব্দে বায়ু এবং সৃ ধাতুর অর্থ সতত-গতি, সীর শব্দ ঐ ধাতু হইতেই নিষ্পন্ন হইয়াছে অতএব সীর শব্দে আদিত্য, এই উভয়ের একীভাবে শুনাসীর শব্দের প্রয়োগ দেখিতে পাওআ যায়।

"শুনাসীরাবিমাং বাচং জুষেথাং যদ্দিবি চক্রথুঃ পয়ঃ। তেনেমামুপসিঞ্চ তম্॥"

(ঋ০, ৪ম০ ৫অ০ ১২সূ০ ২ঋক)

শুনাসীর দেবতারা এই নির্ঘোষরূপ সুমধুর বাক্য প্রয়োগ করিতেছেন। আপাতত প্রার্থনীয়—এই যে নভোমণ্ডলে ঘনঘটা-মণ্ডলরূপে উদক সঞ্চিত করিয়াছেন, ইহাদ্বারা এই পৃথিবীকে সিঞ্চন করুন।

৭ম—জোষ্ট্রী দেবীরা। অর্থাৎ প্রাণিগণের উপকারী দেবীদ্বয়। যাস্ক বলেন—"ইহাঁরা দ্যাবা পৃথিবী অথবা দিবা-

রাত্রি (৯,৪১)"; কাত্থক্যঋষি বলেন—"সত্য এবং সমভাব এই উভয়ের নামই জোষ্টী দেবী (৯,৪১)"।

"দেবী জোষ্টী বসুধিতী যয়ো রন্যায়া দ্বেষাংসি য়য়বদান্যা বক্ষদ্বসু বার্য্যাণি যজমানায় বসুবনে বসুধেয়স্য বীতাম্॥'

(ঋ০ ৪ম০ ৩অ০ ৯সূ০ ১০ ঋক্)

জোষ্টী দেবীরা ধনশালিনী হইতেছেন, যাহার মধ্যে একজনা পাপের শত্রু অপর জনা দ্বেষ ও ন্যূনাতিরেক জ্ঞানজন্য আমিশ্রণ ভাবের শত্রু। সেই দেবীরা ধনপ্রার্থী ও ধনের ধ্যাতা, যজমানকে বরণীয় ধন প্রদান করুন॥

৮ম—উর্জ্জাহুতী দেবীরা। যাস্ক উর্জ্জাহুতী পদেরও অবিকল পূর্ব্ববৎ ব্যাখ্যান করিয়াছেন এবং কাত্থক্যঋষিও অবিকল পূর্ব্ববৎ ব্যাখ্যা করেন সুতরাং এই পদটি ঘট ও কলসেরন্যায় জোষ্টীপদের পর্য্যায়, ইহাই স্থিরীকৃত হইতেছে পরং প্রকৃতি প্রত্যয়ের অর্থ দেখিলে সাধারণ্যে বল ও আহ্বান [illegible] উর্জ্জাহুতী এই মাত্র প্রকাশিত হয়, যাস্ক তাহা[illegible] অবহেলা করেন নাই, ইহাও বলিয়াছেন যে—

"[illegible]জাহুতী উর্জ্জাহ্বান্যৌ (৯,৪২)"

"দেবী উর্জ্জাহুতীং ইষমূর্জমন্যা বক্ষৎসগ্ধিং সপীতি মন্যা নবেন পূর্ব্বং দয়মানাঃ স্যাম পুরা-

গেন নবং তামূর্জমূর্জাহুতী ঊর্জয়মানে অধাতাং বস্যুবনে বস্যুধেয়ন্য বীতাম্॥ ”

(ঋ০ ৩ম০ ৯সূ০ ১১ঋক্)

ঊর্জ্জাহুতী দেবীরা অন্ন ও রস বহন করেন এবং তাহা ভোজন ও পান ক্রিয়ায় ব্যবহৃত হইয়া থাকে। আমরা যেন চিরকালই নূতন অন্নের সংশ্রবে পুরাতন ও পুরাতন অন্নের সংশ্রবে নূতন ভোগ করি (অর্থাৎ এক অন্ন ব্যয়িত না হইতে হইতেই যেন অপর অন্ন লাভ করিতে পারি!) সেই বল শালিনী ঊর্জ্জাহুতী দেবীরা ধন প্রার্থী ও ধন-ধ্যাতা যজমানকে বল প্রদান করুন॥

পৃথিবী বিভাগের দেবতাগুলি এই পরিগণিত হইল, সমস্ত চারিবেদের সংহিতা ভাগের মন্ত্র সকলে পার্থিব দেবতা রূপে প্রশংসিত বা স্তুত প্রাণী বা অপ্রাণী যে কোন পদার্থের নাম পাওআ যায় তৎসমস্তই ইহাতে নির্বিস্ট করা হইল, ব্রাহ্মণ-ভাগে কোন কোন স্থানে এতদতিরিক্তও দেবতা নাম লক্ষিত হইয়া থাকে পরং তৎসমস্তের অর্চ্চনাও প্রদর্শিতবৎ অর্থাৎ অগ্নিরই সাহচর্য্য বা এক স্থানতা নিবন্ধন; এক মাত্র অগ্নিই পৃথিবীলোক বাসী প্রধান দেবতা। আপাতত এই পর্য্যন্তই এই ভাগের সীমাবদ্ধ করা যাইতেছে, যদি উত্তরকাল নির্ব্বিঘ্নে যাপিত হয় এবং এইরূপ অধ্যবসায় অচল থাকে তবে ভরসা করি ক্রমে অন্তরীক্ষস্থ দেবগণের ও দ্যুস্থদেবগণের পরিচয় সহকৃত পরিগণনও অপ্রকাশিত থাকিবে না এবং তৎসমস্তের পর্য্যালোচনে ইহাও আর অবিদিত থাকিবে না যে

বৈদিক সময়ে অগ্নি, বায়ু ও সূর্য্য এই ত্রয়ই নানা প্রকরণে, নানা নামে নানারূপে, স্তুত হইতেন এবং ইহাদের একস্থান বাসী ও সহচারী বলিয়া প্রাণী অপ্রাণী সকল প্রকার পদার্থই স্তুত হইতে পারিত দেবতা পদ কেবল প্রশংসীয়ার্থেই ব্যবহৃত হইত। ইতি।

ইতি পৃথিবী বিভাগঃ সমাপ্তঃ ॥